Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অসুখে সুখ-স্মৃতি

বিশুদ্ধা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গঙ্গার ধারে কন্যাপীঠের ছাদে
দাঁড়ানো মাতৃপদতলে বিশুদ্ধা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অসুখে সুখ-স্মৃতি

বিশুদ্ধা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকাশক ঃ

ব্রহ্মচারিণী বিশুদ্ধা

প্রথম প্রকাশঃ গুরুপুর্ণিমা, ২৮শে জুলাই,২০২১

মুদ্রক

ইন্ডিপেনডেন্ট প্রিন্টার্স,

১, পার্ক সাইড রোড, কলকাতা - ৭০০০২৬

©®™

প্রকাশক এবং স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনও অংশের কোনও মাধ্যমের সাহায্যে কোনও রকম অপব্যবহার বা প্রতিলিপি করা যাবে না। এই শর্ত না মানলে যথাযথ আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রচ্ছদ পৃষ্ঠের বিবরণ :

একদিন মায়ের সেবিকা বুনিদি (যুথিকা গুহ) মাকে কিছু খাওয়াচ্ছেন। মা বাচ্চাদের মত মুখে কিছু নিচ্ছেন না মুখ ঘুরিয়ে নিচ্ছেন আর দুষ্টু দুষ্টু হাসছেন। তখন বুনিদি সামনে রাখা একটা ফুলের মালা দিয়ে মার দুটো হাত বেঁধে দিলেন - শিশুকে খাওয়াবার উপায়।

মূল্য ঃ ৩০০ টাকা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভূমিকা

শ্রীশ্রীমা আনন্দময়ীর ভক্তমন্ডলীর কাছে ব্রহ্মচারিণী বিশুদ্ধাদির পরিচয় নিষ্প্রয়োজন। তাঁর কথা মনে হলে আমাদের স্মৃতিতে ধরা পড়ে কনখল শ্রী শ্রী মায়ের সমাধি মন্দিরে তাঁর ব্যস্ততার ছবি। কি নিষ্ঠার সঙ্গেই না শ্রীশ্রীমায়ের সমাধি মন্দিরের গুরু দায়িত্ব পালন করেছেন তিনি। মাতৃ সেবার এক অত্যুজ্জ্বল দৃষ্টান্ত। শৈশব কাল থেকেই বলা চলে জগজ্জননী মায়ের স্নেহচ্ছায়ায় বড় হয়েছেন, পরবর্ত্তী কালে মাকে নিবিড়ভাবে পাওয়া - এমন সৌভাগ্য তাঁর মত খুব কম জনেরই হয়েছে। মায়ের কত স্মৃতিই না ধরা আছে বিশুদ্ধাদির স্মৃতির মণিকোঠায় এবং তাঁর লেখা মায়ের গ্রন্থে।

কথায় কথায় বিশুদ্ধাদিকে বলেছিলাম, মায়ের লেখানো অজস্র চিঠিপত্র নানান ভক্তজনের কাছে রয়েছে। বিভিন্ন সময়ে তাঁরা মায়ের কাছে নানান বিষয়ে চিঠি লিখতেন, তাঁদের সমস্যার কথা জানাতেন, মায়ের পরামর্শ বা উপদেশ চাইতেন, মা তাঁর প্রধান সেবিকা গুরুপ্রিয়াদি বা আশ্রমের ব্রহ্মচারী, ব্রহ্মচারিণীর সহায়তায় প্রাপ্ত চিঠির উত্তর দিতেন। মায়ের অন্যান্য কাজের মধ্যে তাঁর সন্তানদের চিঠিপত্র শুনে সেইসব চিঠিপত্রের উত্তর দেওয়াও ছিল অন্যতম কাজ। বিশুদ্ধাদি আশ্রম কন্যা হিসাবে মায়ের এই দায়িত্ব পালন করেছেন অনেকদিন। কথায় বলে মায়ের চিঠি। দুর্ভাগ্য আমাদের, আমরা সেই সব চিঠি সংগ্রহের কোন চেষ্টা করিনি। ফলে চিঠিপত্রে মা আমাদের কাছে অধরাই থেকে গিয়েছেন। বিশুদ্ধাদিকে এই ব্যাপারে উদ্যোগী হতে বলায় তিনি জানালেন তাঁর নিজের কাছেই মায়ের লেখানো অনেক চিঠি রয়েছে। এই সব চিঠি মা বিশুদ্ধাদিকে লিখিয়েছিলেন যখন বিভিন্ন সময়ে অসুস্থতার কারণে চিকিৎসারতা ছিলেন তিনি। মা যে কতখানি সন্তান বৎসলা, এই সব চিঠিপত্রে উঠে এসেছে- স্নেহময়ী, কল্যানকামী মায়ের ছবি।

যেহেতু এইসব চিঠিতে রয়েছে ব্যক্তিগত প্রসঙ্গ, বিশুদ্ধাদি চিন্তা করছিলেন- পরবর্ত্তীকালে পুস্তকাকারে এইসব চিঠি পত্র প্রকাশিত হলে, কেউ কিছু ভাবতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পারেন। তাঁর অস্বস্তির মূলে ছিল সেই ভাবনা। কিন্তু মা যে কেবলমাত্র সঙ্ঘজননী নন, তিনি সত্যিকারের মা- মায়ের এই রূপটিই ধরা পড়েছে বিশুদ্ধাদির সংগৃহীত চিঠিপত্রে। গ্রন্থটি প্রকাশিত না হলে আমরা জানতেই পারতাম না আমাদের "ডাক্তার আনন্দময়ী মার" কথা। ভবরোগীর আরোগ্যের জন্য মা মহৌষধির কথা বলেছেন, অন্যদিকে প্রাত্যহিক জীবনে আমাদের অসুখ বিসুখে কি ধরণের টোটকা ওষুধ ব্যবহারে আমরা উপকৃত হতে পারি, প্রত্যক্ষ অভিজ্ঞতার নিরিখে মা সেই পরামর্শও দিয়েছেন। সেই সব কারণেও বিশুদ্ধাদির এই গ্রন্থটির আলাদা গুরুত্ব রয়েছে আমাদের কাছে। আমরা এখন চিঠিপত্রহীণ এক নতুন এস এম এস সমাজে বাস করছি। চিঠি লিখবার সেই যুগ শেষ হয়ে গিয়েছে। অথচ এক সময় এই চিঠিপত্রই ছিল গণ যোগাযোগ বা জন সংযোজনের একমাত্র বাহন। মনীষীগণের লেখা চিঠিপত্র জাতীয় সম্পদ। কত কথাই না পরিবেশিত হয়েছে তাঁদের লেখা সেই সব চিঠিপত্রে। উনবিংশ শতাব্দীতে বাংলা ভাষায় বহু মূল্যবান চিঠি লেখা হয়েছে। স্বামীজী, নিবেদিতা, রবীন্দ্রনাথ, ছাড়াও আরও অনেক বরেণ্য জন বহু চিঠিপত্র লিখেছেন। তাঁদের লেখা সেই সব চিঠি আজ গবেষণার কাজে অত্যন্ত মূল্যবান দলিল হিসাবে স্বীকৃতি পাচ্ছে।

শ্রী শ্রী মা আনন্দময়ীর লেখানো চিঠিপত্র বলে কথা। তাঁর গুরুত্ব কি কম? তাই বিশুদ্ধাদির এই প্রয়াসকে আমরা সাধুবাদ জানাই। এই সব চিঠি পত্র পাঠকের মনকে মাতৃ ভাবনায় আপ্লুত করবে। সেই সঙ্গে ব্যবহারিক জীবনেও এই সব চিঠি পত্রের উপযোগিতা কতখানি, পাঠক তা উপলব্ধি করতে পারবেন।

(ডঃ) বিনয় কুমার বন্দ্যোপাধ্যায়

(ডঃ) বিনয় কুমার বন্দ্যোপাধ্যায়
অবসরপ্রাপ্ত ইংরেজী সাহিত্যের প্রধান অধ্যাপক,
উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উৎসর্গ

এই দীনাতিদীন জীবনে

মার কাছ থেকে পাওয়া

অমূল্য সম্পদ মার কাছেই

গচ্ছিত রইলো

বিশুদ্ধা

১৯৬২ সনে একবছর কাষ্ঠমৌন ও সাধন ভজনের জন্য মা আমাকে কিষণপুর (দেরাদুন) আশ্রমে পাঠান।

সে সময় মাঝে মাঝে মা নিজ খেয়ালে আমাকে চিঠি লেখাতেন। আমার পরম সৌভাগ্য মা স্বয়ং আমার চরিত্র গঠনের ভার নিয়েছেন।

জয় মা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সূচীপত্র

১. ভুমিকা ৩

২. উৎসর্গ ৫

৩. দুটি কথা ৭

৪. মায়ের চিঠি ১১

৫. টেলিগ্রাম ৯৮

৬. আরো কিছু চিঠি ১০১

৭. স্বাক্ষর সংগ্রহ ১৩৯

৮. মায়ের বলা ওষুধ ২২৩

৯. আমার খেলার বন্ধু মা ২৩৮

১০. শ্রী শ্রী মায়ের কিছু অপ্রকাশিত অন্তরঙ্গ লীলা ২৪০

১১. কাশী আশ্রমের বড় গোপালের জীবন্ত খেলা ২৪২

১২. মা ও মেয়ের হাসির ফোয়ারা ২৪৫

১৩. মূল চিঠির অনুলিপি ২৪৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দুটি কথা

অসুখ মানে যেখানে সুখ নাই - সুখের অভাব অর্থাৎ দুঃখ। সংসার দুঃখময়। পদে পদে ছিটেফোঁটা সুখ, - বাকী সবটাই দুঃখ। দুঃখ মানে কি? মা বলেন "দুঃখ মানে দুইয়ের ক্ষরণ"- যেখানে দুই সেখানে দ্বন্দ - রেষারেষি, মারামারি, হাতাহাতি, ঝগড়াঝাঁটি, ভাল-মন্দ, সুখ দুঃখ, উচ্চ-নীচ, ছোট-বড়, সৎ-অসৎ ইত্যাদি।

সাধারনতঃ অসুস্থতার স্মৃতি দুঃখেরই হওয়া স্বাভাবিক কিন্তু মায়ের অহৈতুকী কৃপায় আমার দীর্ঘ রোগ ভোগের স্মৃতি মায়ের অসীম স্নেহাচ্ছাদিত বড় মধুর বড় সুখের।

শ্রী শ্রী মায়ের নামে ভক্তদের অসংখ্য চিঠি আসতো। সুদীর্ঘ কাল গুরুপ্রিয়াদিদি (দাদাভাই) মায়ের যাবতীয় সেবা ও আশ্রম পরিচালনার কাজ ইত্যাদির সঙ্গে সঙ্গে চিঠি মাকে শুনিয়ে জবাব দিতেন। তিনি অসুস্থ হবার পর মার সঙ্গে যখন য়াঁরা থাকতেন তাঁদের দিয়ে মা চিঠির উত্তর লেখাতেন।

আমার অসুখের সময় মা আমাকে যেসব চিঠি লিখিয়েছেন সেগুলি কিছু কিছু প্রকাশিত হলো। যাঁদের দিয়ে লিখিয়েছেন তাঁদের হাতের লেখায় মূল চিঠির অনুলিপিও দেওয়া হলো। বিশেষতঃ মার মুখ নিঃসৃত বাণী মার গতিবিধির বিবরণ ইত্যাদি উল্লেখ করে বাকী অংশ অনাবশ্যক ব'লে প্রকাশ করা হলো না।

১৯৫৬ সনে শ্রীশ্রীমায়ের ৬০ তম আবির্ভাব মহোৎসবের পর দুর্গাপূজো উপলক্ষে মা কোলকাতা গেলেন। ইতি মধ্যে আমার শরীর বেশ খারাপ হলো। পেটে ব্যথা। পূজোর পর মা কাশীতে এসেছেন, কন্যাপীঠের দরজার কাছে বসেছেন, সকলে প্রণাম করছি। আমাকে মা বললেন-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
"কিগো তোমার কি কোলকাতা যাবার ইচ্ছা হয়েছে? আগে বললে এই শরীরের সঙ্গেই ঘুরে আসতে পারতে" বুঝলাম আমার অসুস্থতার খবর মাকে বলা হয়েছে। আর মা বললেন ঘুরে আসতে পারতে অর্থাৎ বিশেষ কিছু হয়নি ঘুরে আসাই হবে।

যাই হোক মা আমাকে ডাঃ অনিল মৈত্রের তত্ত্বাবধানে কোলকাতায় পাঠালেন। সেখানে বাঙুর হাসপাতালে আমার অ্যাপেন্ডিক্স অপারেশন ভালভাবে হয়ে গেল। ১৫ দিন পরে কাশীতে ফিরে এলাম। অপারেশনের পরে কিভাবে থাকা দরকার তা জানা নেই, ডাক্তারও কিছু বলেননি। কাজেই ভারী টানা, সিঁড়ি উপর নীচ করা ইত্যাদি করে কয়েকদিনের মধ্যেই আবার পেটে অসহ্য ব্যথা জ্বর শুরু হলো।

মা আমাকে আবার কোলকাতা পাঠালেন। দীর্ঘদিন হাসপাতালে নানা পরীক্ষা নিরীক্ষা হলো। ১৯৫৭ সনে দেরাদুনে কিষণপুর আশ্রমে গেলাম মার নির্দ্দেশ ও চিকিৎসাধীনে। ১৯৫৮ সনে আমাকে মা দিল্লীতে নিয়ে গেলেন। সেখানে মার বিশেষ খেয়ালে মাতৃভক্ত বিখ্যাত শল্য চিকিৎসক ডাঃ সন্তোষ সেন বড় অপারেশন করেন। সেই সময় মার অহৈতুকী কৃপা বর্ষনের বর্ণনা ' আমার মা আনন্দময়ী ' বইতে লিখেছি।

ক্রমশঃ আমি নিয়মিত রুগীতে পরিণত হলাম। আমার ডান হাতের একটা আঙুলে ভীষণ যন্ত্রণা ছিল আর খুব মাথার যন্ত্রণা ।

আঙুলের চিকিৎসার জন্য মা আমাকে বম্বে ভাইয়ার (শ্রী বি. কে. শাহ) বাড়ীতে পাঠান। সেখানে আঙুলের অপারেশন ও অনেক চিকিৎসা হলো। বড় বড় Neuro Surgeon রা বললেন শিরার উপরে fluid tumor প্রচন্ড বেদনাদায়ক, ভবিষ্যতে gangrene হতে পারে। শুনে আমার ডাক্তার দাদা মাকে জানাল আমাকে বাড়ীতে নিয়ে গিয়ে চিকিৎসা করতে চায়। মা বললেন - "বাবা দাদা বাড়ী নিয়ে চিকিৎসা করতে চায় ভাল কথা, আঙুল ব্যথা, মাথা ধরা, পেটের কষ্ট সব ঠিক করে আসা।" দাদাভাই বললেন -

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"হোমিওপ্যাথী চিকিৎসা একবার দেখিয়ে এসে চিঠি পত্রের মাধ্যমেও করা যায়।" মা বললেন - "না দিদি বাবা দাদারা আদর করে নিয়ে যেতে চায় আঙুল, মাথা, পেট সব ঠিক করে আসা।"

আমার সংস্কৃত নিয়ে এম.এ. final পরীক্ষা তখন সামনে। বেশ অসুস্থ শরীর নিয়ে কোন মতে পরীক্ষা দিলাম। বাবার সঙ্গে দুর্গাপুরে সেজদার বাড়ী গেলাম। হোমিওপ্যাথী চিকিৎসা শুরু হলো। কয়েক মাস পর বাবা কোলকাতায় নিয়ে গেলেন।

১৯৬২ সন থেকে ১৯৮২ পর্যন্ত দীর্ঘ ২০ বৎসর যাবৎ মায়ের কাছ থেকে যে সব চিঠি পেয়েছি তা আমার জীবনে অমূল্য সম্পদ। (আমার সেজদা ডঃ সত্যানন্দ চক্রবর্ত্তীকে লেখানো মায়ের চিঠি)

স্বামী নির্বাণানন্দজী লিখেছেন-

আনন্দস্বরূপেষু,

মা আপনার চিঠিখানা শুনে বললেন, - "ওকে চিঠি দাও, ও যে লিখেছে কিছুদিন বিশুদ্ধাকে নিজে চিকিৎসা করবার কথা - যদি উহাদের সকলের ইচ্ছে হয়, এবং বিশুদ্ধার মত হয়- কিছুদিন চিকিৎসা করতে পারে।"

নির্বাণানন্দ

বর্তমান Covid সংক্রমণের বিচিত্র পরিস্থিতিতে বই ছাপানো এক রকম অসম্ভব হয়ে দাঁড়িয়েছে। অথচ রকমারী রোগের ঢেউ ঠেকাতে পূর্নব্রহ্ম নারায়ণ মায়ের বলা ওষুধ ঘরে ঘরে পৌঁছনোও অত্যাবশ্যক। এখন মোবাইল জন সংযোজনের একমাত্র মাধ্যম। এই বিষয়ে অভিজ্ঞ ব্রহ্মচারী নীরজ যোশী আমাকে অবিশ্রান্ত ভাবে সাহায্য করেছেন। তাঁকে এবং আজন্ম মাতৃচরণাশ্রিত মুদ্রক শ্রী শঙ্কর গুহকে আমার আন্তরিক কৃতজ্ঞতা জানাই।

আমার দাদা স্বর্গীয় ডাঃ সত্যানন্দ চক্রবর্ত্তীর দেওয়া অর্থে ও তাঁর স্মৃতিতে এই বইটি প্রকাশিত হল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশ্রীমার নামে যে সব চিঠি আসতো মাকে শুনিয়ে তার জবাব দেবার দায়িত্ব মা আমাকে অনেকবার দিয়েছেন। নানান উৎসবাদিতে ব্যস্ত থাকায় মাকে একান্তে চিঠি শোনানো খুব সহজ ছিলনা। মার সঙ্গে কখন কাকে নেবেন তারও কোন স্থিরতা ছিলনা - এসব নানা কারণে প্রচুর চিঠি জমে যেতো। বস্তা ভর্ত্তি চিঠি বলা চলে। আমার পরম সৌভাগ্য মা আমাকে অনেকবার এই সেবার ভার দিয়েছেন আর বলেছেন " তুই আর নির্ব্বাণ তিন (হিন্দী, বাংলা, ইংলিশ) ভাষার চিঠির উত্তর লিখতে পারিস্ তাই সুবিধা হয়।" আমি আগে থেকে প'ড়ে চিঠির বিশেষ কথা চিহ্নিত করে রাখতাম যাতে চট্ করে শুনিয়ে উত্তর লেখা যায়। মা ত সবসময় ভাবস্থ থাকতেন, তারমধ্যে চিঠি শোনার খেয়াল বুঝে শোনাতাম। মা চিঠির ভার দিয়ে বলতেন- সময় ক'রে শুনিয়ে উত্তর দিয়ে দিও।

মা ত ভারতের এ প্রান্ত থেকে ও প্রান্ত ছুটে বেড়িয়েছেন, ট্রেণেই মাকে একান্তে পাওয়া যেতো। গাড়ীতে উঠে মা শুয়ে পড়তেন। কিছুক্ষণ পর হয়তো উঠে বসলেন, আমিও চিঠির ব্যাগ খুলে শোনাতে শুরু করতাম। একদিন ট্রেণের ঝাঁকুনিতে লেখা ভাল হচ্ছে না মাঝে মাঝে কলম নড়ে গিয়ে লম্বা লম্বা দাগ হচ্ছে, আমার খারাপ লাগছে, মা বল্লেন "ত্রিপুরারি বাবার লেখা দেখিস্ নাই? তার স্বাভাবিক লেখাতেই এই রকম লম্বা লম্বা টান থাকে।" শুনে আমি অবাক্ হই যে আমার মনে যে খারাপ লাগছে তাও মা বুঝেছেন তাই একথা বললেন।

আমরা যখন মার চিঠি লিখতাম মা যা বললেন লিখে 'হুঁ' করতাম বা মার দিকে তাকাতাম। মা পরের অংশটা বলতেন। একদিন ট্রেণে মা বলছেন আমি লিখছি,যেই শেষ হচ্ছে মা নিজের থেকেই পরের লাইন বলছেন, আমি ভাবছি যে আমি "হু" করার আগেই মা বলছেন, ঠিক তখনই মা বললেন- "তোর হাতের লেখাটা এত পরিষ্কার যে এই শরীরও পড়তে পারে।"

মা যে অন্তর্য্যামী তার ছোট্ট একটা উদাহরণ।

জয় মা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মায়ের চিঠি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Patal Debi
Almora
২৬.৯.১৯৪৩

শ্রদ্ধাস্পদেষু,
প্রিয় সরোজদা,
আশা করি মার কৃপায় কুশলে আছেন। এবার এখানে পূজা হবে এই খবর আপনাকে পূর্ব্বেই দিয়েছি। মার শরীর ভাল আছে। মার কথামত আপনাকে এই পত্র দিতেছি। মা বল্লেন - "বাবাকে লিখে দাও মাকে নিয়া মায়ের পূজায় আসবার বিশেষ চেষ্টা করিবার জন্য। প্রত্যেক বার ত সে ছেলে মেয়েদের কাছে আনন্দ গ্রহণ করে, এইবার কষ্ট করে এই মেয়েটাকে নিয়ে এই হিমালয়ে মায়ের কাছে তোমাদের ভাইজীর সমাধি স্থানে একটু আনন্দ নিতে চেষ্টা করা ভাল নয় কি? এই শরীরটা যদি ঠিক ঠাক থাকে, কোথায় থাকে কিছুই ঠিক থাকে না। উপস্থিত কোথায় ও যাওয়ার কথা নাই। এই সময়টা এখানে স্বাস্থ্যও ত খুব ভাল বলে। একটু পরিশ্রম। ছেলে মেয়েদের জন্য ত কত কষ্ট সয়েছে, এই মেয়েটার জন্য কি ইচ্ছা করে না? বাবা, মা, এই মেয়েটার বেলায় কেন বাহানা! কোন সময় ঠেকাঠুকা দেখাও তাই বাহ কে অনেক
সময় বলা যায়- রাগ করবে না।
মাগো বাবাগো আমি রাস্তার দিকে খেয়াল হ'লে চেয়ে থাকব, আসছে, আসছে , আসছে। তোমাদের বিশেষ ইচ্ছা না হ'লে কি হবে?"
নমস্কার ভালবাসা গ্রহণ করিবেন। গঙ্গাচরণদা, বিনয়দা, রামতারণদা ও সুরেণবাবুকেও আসার জন্য লেখা হ'ল।

ইতি
আপনাদের
পরমানন্দ

সৌজন্যে - শ্রীমতী মিতা বোস (স্বর্গীয় সরোজ দত্তের কনিষ্ঠা কন্যা)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২ দেরাদুন

২.৮.১৯৬২

বিশুদ্ধা,

তোমাদের পৌঁছপত্র মা শুনিয়াছেন। মা বলিলেন - "বন্ধুদের লেখো। লেখাপড়া ভালো করিয়া করা তো ঠিকই। জপ, ধ্যান, পূজায় বিশেষ করিয়া মন রাখা। আশ্রমবাস অনুকূল সমগ্র কাজ করা - চেষ্টার কথা নয়, করিবই এইভাব রাখা। সত্য শুদ্ধ ভাবে সব কাজ করা - সফলতা রাখা, সব সময় দৃষ্টি থাকা, কথায়, ব্যবহারে, ভাবে সত্যতা জাগ্রত রাখা। সত্য মিথ্যা মিলাইয়া, ইসারায়, ইঙ্গিতে, আড়ালে ভাব ভঙ্গিতে, কল্পনারও সঙ্গ নিয়া কথার জাল বোনা - সেই জালের পাঁকে ফাঁকে পড়িয়া ছট্ ফট্, শ্রান্ত, ক্লান্ত, পরিশ্রম, বিক্ষেপ, বিতৃষ্ণা, স্থানের দোষ দেওয়া, মানুষের দোষ দেওয়া, বুদ্ধি বিপর্যয়, ক্ষিপ্ত বিক্ষিপ্ত রূপটি ধারণ করা নয়।"

মা আরো বলিলেন - "তোমার বুদ্ধির দিক নিয়া তোমার মন টানাটানি করিয়া কেহ যেন ঘাড়ে করিয়া এদিক ওদিক তোমাকে চক্রে না ফেলে - মনে রাখা। বন্ধু যেন সজাগ থাকে। বিশুদ্ধার বুদ্ধিও তো আছে। কিন্তু বুদ্ধির সফলতা লাভ ভিতরে ভিতরে সততা বজায় রাখিলে - এ বিষয়ে বিশেষ দৃষ্টি রাখা। বাজে কথা বেশী কথা বলাই নয়। যেখানে সেবার কাজের কথা নয় সেই স্থান ত্যাগ- এইটি মনে রাখা।

মানুষের আদর্শ অক্ষুণ্ণ রাখা। আদর্শ ক্ষুণ্ণ না করিয়া - কোন্ ঘরের মেয়ে- ইহা ধন্য করিতে হয়। পরমার্থ জীবনই একমাত্র জীবন।"

মার ঝুলনে এখানেই থাকার কথা। ভালবাসা নিও।

চিত্রাদি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩

নিউ দিল্লী

৩.৯.১৯৬২

স্নেহের বিশুদ্ধা

তোমাদের চিঠি পাইয়া সুখী হইয়াছি। কিন্তু শরীরের জন্য ও মার নির্দ্দেশমত নিয়মিত বিশ্রামের জন্য ইচ্ছা সত্বেও জবাব দিতে দেরী হইয়া গেল। এখানে এখন বেশ গরম। শরীরটা কখনও একটু ভাল বোধ করি আবার কখনও বেশ খারাপ লাগে। মার কৃপায় ও তোমাদের শুভ ইচ্ছায় ভাল হইব আশা করি।

তোমার চিঠি পড়িয়া বিশেষ সুখী হইলাম। মার চরণে প্রার্থনা করি তোমাদের আজীবন যেন মার আদেশ পালন করার দিকটা প্রবল থাকে। চঞ্চল মন অন্য দিকে নিয়া গেলেও যেন তোমরা এই আদেশ পালন জনিত চেষ্টা দ্বারা অশুভ বাসনা সব নষ্ট করিয়া ফেলিতে পার।

নির্ব্বিচারে গুরু আদেশ পালন ছাড়া মানব জীবনে রক্ষার আর কোন উপায়ই নাই। মহাপুরুষগণ ইহাই বলিয়া গিয়াছেন। বিঘ্ন ত আসেই আসিবেই, সেইজন্য নিরাশ হইতে নাই। যিনি চরণে স্থান দিয়াছেন তিনিই সর্ব্ব বিপদ হইতে মুক্ত করিবেনই। আমাদের যেটুকু শক্তি তিনি দিয়াছেন তাহা দ্বারা প্রাণপণে আদেশ পালনেরই চেষ্টা করা।

আর কি লিখিব। আমি কলিকাতায় যাইব কিনা কিছুই জানিনা। মা আসিয়া যাহা বলেন তাহাই হইবে। বীথুর খবর কি? কেমন আছে? সকলে ভালবাসা নিও।

ইতি

দাদাভাই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪

বম্বে

১৪.৪.৬৩

স্নেহের বিশুদ্ধা ,

তোমার চিঠি পাইয়া সুখী হইলাম। মা গত পরশু এখানে আসিয়াছেন। আগামী ২০ শে এখান হইতে রওনা হইয়া যাইবেন। তোমার শুইবার কথা মাকে জিজ্ঞাসা করিয়াছি। মা - বলিলেন - সিঁড়িতে ওঠানামায় উহার ব্যথা হয় বলায়ই ঐ রূপ বলা হইয়াছিল। যাক্ রাত্রিতে যেন শুইতে উপরেই যায়। সকালে পূজা করিয়া নীচে আসিবে।

তোমরা মিলিয়া মিশিয়া থাকিবার চেষ্টা করিতেছ জানিয়া বিশেষ সুখী হইলাম মাকেও সব বলিলাম। অবশ্যই তোমাদের এই তপস্যা (তাপ সহা) করিতেই হইবে। তোমার চন্দনের, ও জয়ার পড়াশোনা কেমন চলিতেছে? তারা কেমন থাকে সর্ব্বদা খবর দিও।

সকলে ভালবাসা নিও।

ইতি

দাদাভাই

৫

বিশুদ্ধা ,

তোমার শরীর সুস্থের জন্য ঔষধ ও পথ্যাদি নিয়মিত করা। তোমার এবং যাহারই কৃতকর্মে যদি অনুশোচনা হয় ইহা নিজের পরমার্থ পথে মঙ্গল ।

মা আরও বলিলেন - "শরীর মন সুস্থ রাখা পবিত্র সেবার সেবায় ব্রতী সেবিকাগণের। ত্রিবেণী হইতে এই মনে সংকল্প যে আমি আদেশ পালন ও সেবার সাধনায় ভগবান লাভ করিবই। ইহা নিজের মনে দৃঢ় সংকল্প করিয়া অক্ষরে অক্ষরে পালন চেষ্টা। ভগবানই আমার সর্ব্বস্ব- ঘর বাড়ী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্থান স্থিতি ইত্যাদি সবকিছু। ইহা মনে রাখা।" মা যাহা বলিলেন লিখিলাম। ভালবাসা নিও।

ইতি

দাদাভাই

৬

কনখল

২২.৭.৬৮

স্নেহের বিশুদ্ধা,

বম্বে যাওয়ার সময় লোক মারফৎ তোমার চিঠিখানি পাইয়া সঙ্গে নিয়া গিয়াছিলাম। আসিয়া মাকে শুনাইয়া জবাব দিব ভাবিয়া এ কয়দিন জবাব দেই নাই।

কাল আমি এখানে আসিয়া মাকে তোমার চিঠি শুনাইয়াছি। তোমার চিঠি পড়িয়া খুবই আনন্দিত হইয়াছি। এই ভাবটিই তো তোমার নিকট আমি চাই।

মার চরণে প্রার্থনা চিরদিন যেন তোমাদের মনে মার প্রতি এই ভাব থাকে। আদেশ পালনের ভাবটাই প্রধান। তোমার এই ভাবের পুরস্কার স্বরূপ তো খুবই পাইতেছ। মা তো ঝুলন জন্মাষ্টমীতে তোমাদের কাছেই যাইতেছেন। এর বেশী আর কি পুরস্কার চাও?

মা চিঠি শুনিয়া বলিলেন - "আনন্দের কথা। লিখিতে ত জানে, করিতেও জানে। বুদ্ধিটা সৎভাবে লাগাইয়া রাখিতে পারিলেই আনন্দ।"

মার এই কথা কয়টা অক্ষরে অক্ষরে মনে রাখিও। ভালবাসা নিও।

ইতি

দাদাভাই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭

পুণা

৩.৭.৬৯

স্নেহের বিশুদ্ধা,

তোমার চিঠি পাইয়া সুখী হইলাম। এই শরীর নিয়া তোমরা যে এত বড় তীর্থ পর্যটন করিয়া আসিলা ইহা মায়েরই বিশেষ কৃপা সন্দেহ নাই। তোমাদের যেন সর্ব্বাবস্থায় সকল সময় এই বিশ্বাস থাকে এই মার চরণে প্রার্থনা।

তুমি ও বেলু যে উত্তর কাশী হইতে চিঠি দিয়াছিলা তাহা আমি পাইয়াছিলাম। রাস্তা হইতে পানুর চিঠিও পাইয়াছি। ২-৩ দিন হয় বেলু, পানু ও চন্দনের কাছে কাশীর ঠিকানায় পত্র দিয়াছি। গীতার ত এত বড় তীর্থ হইয়া গেল। কেমন আছে? তোমরা সকলে ভালবাসা নিও। সব ভাল আছ ত?

ইতি

দিদি গুরুপ্রিয়া

৮

পুণা

৯.৭.৬৯

স্নেহের চন্দন ও বিশুদ্ধা

যাত্রা ফেরৎ তোমাদের চিঠি মা শুনেছেন। মা বললেন - "বদ্রীনাথ আরো আরো তীর্থ স্বরূপ দর্শন দিয়াছেন। সুস্থ শরীরে ফিরে এসেছে নিজস্থানে আনন্দের কথা, পরিশ্রান্ত শরীর সুস্থ করা। ভগবৎ স্মরণ সব সময় হওয়া।" মার শরীর উপস্থিত একটু ভাল। এখানে বেশ ঠান্ডা ঠান্ডা। ১৬ই varsi মা ও সবাই যাচ্ছে মৈত্রেয়ীর ভাইয়ের শ্বশুরবাড়ী। ইহা পরল্যাং বৈজনাথ- নাগেশ্বরের জ্যোর্তিলিঙ্গ ও পান্ডারপুরের কাছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৬শে আমেদাবাদ রওনা হওয়া।

সকলে ভালবাসা নিও ।

জয়ার চিঠি পেয়েছি। গীতা ও জয়ার পাশের খবর মা শুনেছেন।

ইতি

দিদি গুরুপ্রিয়া

৯

পুণা

৯.৭.৬৯

স্নেহের চন্দন ও বিশুদ্ধা,

তোমাদের তো জয় জয়কার। এক ঢিলে সব পাখী মেরে এলে। একেই বলে যোগাযোগ। গোমুখটা করে এলে আরো adventurous হতো। এতোটা যে তোমরা হেঁটে করেছ-এটা খুব বাহাদুরী। আমি তো ভাবছিলাম যে চন্দনের যা শরীরের অবস্থা কন্যাপীঠ ও গোপাল মন্দিরের সিঁড়ি উঠতেই হাঁপায়, যমুনোত্রীর চড়াই চড়বে কী করে? বিশুদ্ধা তো শান্তার মত মনের জোরেই সর্ব্বাগ্রে ছুটছে দেখেছি।

পানুদার পায়েও ত ব্যথা ছিল। সবটা হাঁটলো কী করে। ঘোড়ায় ১৩ মাইল গেছো পানুদা লিখেছে, সেটা কোন পথে? কেদার ও বদ্রীর পথের Inspection banglow গুলি তো চমৎকার - তোমরা তো তাতেই রাত্রিবাস করেছ? গুপ্ত কাশীর banglow ও সামনে চৌখাম্বার range অপূর্ব নয় কি? দেখা হলে সব গল্প হবে। কেদারের সেই বৃদ্ধ সাধুকে দেখেছ ত? যিনি সচল কেদার বলে পরিচিত ? কেদার গঙ্গায় স্নান করেছ কি ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তোমরা মার কাছে এলে grand হতো। এখানে বেশী ভিড় নেই। খুব তীর্থের গল্প মা শুনতেন।

ভালবাসা নিও

চিত্রাদি

১০ বম্বে

১৮.১.৭০

স্নেহের বিশুদ্ধা,

তুমি যে মার নিকট হইতে শেষ চিঠি লিখিয়া আসিয়াছ তাহা বিল্লোর হাতে পাইয়া সুখী হইলাম। রাজার পৈতা হইবে জানিয়া সুখী হইলাম। সকলেই মার দিকে লক্ষ্য রাখিয়া ধর্মপথে সুখে শান্তিতে থাক এই মায়ের কাছে প্রার্থনা। সকলকে ভালবাসা দিও। আশা করি তুমিও ভালমত পৌঁছিয়াছ। হাতের আঙুলের কি ব্যবস্থা করিলা জানাইও। মাথা ধরা, আঙুল ব্যথা সবই ত দেখিতেছি এত চিকিৎসার পরও রহিয়াই গেল। কর্ম্মের ভোগ কে নিবে? ভুগিতেই হইবে। দেখনা আমার অবস্থা মার কাছে যে একটু থাকিব তারও উপায় নাই সেবা করা ত দুরের কথা। ৫০ বৎসরের বোধহয় উপর মার কাছে আসিয়াছি কি করিব?

ভাইয়া মার দর্শন করিয়া ১ মাসের জন্য বিদেশ গেল। কানাভাইর মেয়ের বিবাহ ভাল মতই হইয়া গেল। মেয়ে জামাই নিয়া আশীর্ব্বাদের জন্য মার কাছে হইয়া গেল। তোমার খবর অবশ্য মধ্যে মধ্যে দিও। আন্তরিক ভালবাসা নিও।

ইতি

দাদাভাই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১১

দেরাদুন

২৪.৪.৭০

স্নেহের বিশুদ্ধা,

তোমার চিঠি পাইয়া মাকে শুনাইলাম। মা কাল পাতিয়ালা মোদীর মন্দির প্রতিষ্ঠায় রওনা হইয়া গেলেন। ৪ দিন তথায় থাকিয়া ভূপাল যাওয়ার কথা। আমি ও দিদিমা আগামীকল্য ভূপাল রওনা হইব। ভূপালে কয়দিন থাকা হইবে এখনো ঠিক নাই। সেখান হইতে পুনায় রওনা হওয়ার কথা। উদাসকে মা জপের জন্য কনখল রাখিয়াছেন। তুলসী ও ইন্দিরা মার সেবা করিতেছে। তাহারা ও সাধুরা এবং প্রফুল্ল, লছমী পাতিয়ালা গিয়াছে। মেয়েরা কেমন পরীক্ষা দেয় জানাইও। তোমার মে ও জুনে পরীক্ষা লিখিয়াছ। তবে ত জন্মোৎসবের সময় তুমি বেশ ব্যস্ত থাকিবা। যাক্ মার কৃপায় ভালমত সব হইয়া যায় তবেই মঙ্গল। চন্দনের কাছে পূর্ব্বেই চিঠি দিয়াছি। তাহার শরীর কেমন আছে?তোমাদের ফুলটুলের জন্য জীতেনদার বাড়ীর পাশের জমিটা মা ব্যবস্থা করিয়াছেন। পানুকে লিখা হইল অক্ষয় তৃতীয়ার দিন চন্দন, বিশুদ্ধা, নীলিমা, কান্তি, মালা এই মাস্টাররা ৫ জন গিয়া ঐ জমিতে কিছু বীজ লাগাইয়া আসিবে। এখান হইতে পেঁপের বীজ মা জীতেনদার সঙ্গে নিতে বলিয়া দিলেন। আর বলিলেন ভাল গেঁদা ফুলের পাপড়ি ছড়াইয়া রাখিবে তাহা গরমে নষ্ট হয় না। বর্ষা পাইলেই গাছ হইবে।

ইতি

দাদাভাই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১২ ভূপাল

২৮.৪.৭০

স্নেহের বিশুদ্ধা,

আজই তোমার চিঠি পাইয়া মাকে শুনাইলাম। মা বলিলেন- গুহায় মার গুহা ও সামনের গুহাটায় তোমরা সেলাই ইত্যাদি করিও। পরে মা গিয়া খালি করা যাহা হয় করিবেন। আর হলও তোমরা ব্যবহার করিও। সব বন্ধ করিলে কি করিয়া হইবে? যাহা দরকার তাহা ত করিতেই হইবে। আর কালো ঘর ও পুরাণ ঘরটায় যে যে মেয়েরা আছে তাহারা ওখানেই থাকুক। বিমলা আমাদের সঙ্গেই আছে। ইন্দিরা ও তুলসী মার সেবা করিতেছে উদাস ত কনখলে আছে জানিয়া খুবই সুখী হইলাম। তোমার শরীর ভাল আছে ত? তারা ও গৌরী কেমন আছে? উহাদের ত শরীর ভালই থাকে না। মেয়েরা সকলে পাশ করুক এই ত প্রার্থনা। আমরা ৬ই বম্বে রওনা হইব। মা ঐদিন দিল্লী রওনা হইবেন। সেখান হইতে ৯ই বম্বে রওনা হইবেন। ওখানে খুবই একান্ত। তবে গরম অসম্ভব ছিল কিন্তু আশ্চর্য্য রকমে দু দিন যাবৎ পরিবর্তন হইয়া গিয়াছে। কৃপাল ও তার বাবা মা খুবই যত্ন করিতেছেন। অনেক ব্যবস্থা করিয়াছেন। ভালবাসা নিও।

ইতি

দাদাভাই

১৩ পুণা

২৬.৫.৭০

স্নেহের বিশুদ্ধা,

তোমার পরীক্ষার কথা মাকে কালই আমি ও চন্দন বলিয়াছি। পদ্মাকে দিয়াও বলাইয়াছি। কোন চিন্তা করিও না। মাকে স্মরণ করিয়া কাজ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিয়া যাইবা।

ভালমত উৎসব হইয়া গেল। মা রাত্রি ৩টায় পূজায় যাইয়া পরদিন প্রায় সন্ধ্যায় উঠিয়াছেন। যাক্ রুমাল পাঠাইলাম। মুক্তিবাবা, মামুর বাসায়, বাচ্চুকে, নারায়ণ স্বামী, অতুল, তারক ও মেয়েলোকদের যাহাকে যাহাকে দিতে হইবে চন্দন নাকি লিখিয়া পদ্মার কাছে দিয়াছে।

নারায়ণ স্বামীকে বলিও তাঁর কবিতা মাকে ও অনেককে শুনাইয়াছি। বেশ সুন্দর হইয়াছে। সময় নাই তাই তাঁহাকে ভিন্ন পত্র দিলাম না। তাঁহাকে আমার নমো নারায়ণ জানাইও। সকলে ভালবাসা নিও।

ইতি

দিদি

১৪

পুণা

১৭.৬.৭০

স্নেহের বিশুদ্ধা,

তোমার চিঠি মার কাছে বসিয়া পড়িলাম। পরীক্ষার তারিখ মাকে বলা হইতেছে। কেমন হয় জানাইও।

মা বলিলেন "৫-৭ দিনের জন্য বাবাকে দেখিয়া সেবা করিয়া আসুক। পরীক্ষা কেমন হইল? ভাল পড়িলেই ভাল পাশ। পরমার্থের দিকই ত একমাত্র দিক।" মার নাম করিয়া পরীক্ষা দিয়া যাইবা। ভয় পাইও না। আমরা এখন এখানেই আছি। সকলে ভালবাসা নিও।

ইতি

দাদাভাই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৫ হরিদ্বার

১১.৮.৭০

স্নেহের বিশুদ্ধা,

সব ত শুনিয়াছ। চন্দনের আসার কথায় মা বলিলেন, বিশুদ্ধারা আসিবে না? থাক চন্দন। আমি বলিলাম, মা চন্দনের পিতৃবংশের গৌরব গিরিজী। তার সঙ্গে ভিন্ন কথা। তাছাড়া চন্দন ও বিশুদ্ধা দুইজনেই চলিয়া আসিলে ঝুলন, জন্মাষ্টমী কন্যাপীঠের উহাদের মত ত আর কেহ করিতে পারিবে না। কাজেই বিশুদ্ধা মেয়েদের নিয়া কন্যাপীঠ ও অনুষ্ঠান সব সুন্দরভাবে সামলাইয়া নিবে। বিশুদ্ধা আসিলে চলিবে না। মা বলিলেন- "চন্দন চলিয়া আসিলে ঝুলন জন্মাষ্টমী সব কেহ ত্রুটি ধরিতে না পারে সেই রকম সব গুছাইয়া লইও। আমরা যেন প্রশংসাই শুনি।" জয়া, তারা, গীতা, মালা, বাণী আরো সকলেই ত কিছু কিছু ভার নেওয়ার উপযুক্তই হইয়াছে। যে যে দিকটা ভাল পারে সুন্দর করিয়া গুছাইয়া করাইয়া নিও। ভাল করিয়া চিঠি পড়িয়া জবাব দিও ও সব কাজ ঠিক ঠিক মত করিও।" মার শরীর বেশ খারাপ। অথচ কেহ করিবার নাই।

সকলে ভালবাসা নিও।

ইতি

দাদাভাই

১৬ হরিদ্বার

১৯.৮.৭০

স্নেহের বিশুদ্ধা,

তোমার চিঠি পাইয়াছি। চন্দন ষোড়শ সাধুর পূজার একটি সাধুর পূজার ভার নিজের টাকা দিয়া দিয়াছে। যদি তোমাদের ইচ্ছা হয় তুমি ও মালা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
কন্যাপীঠের মাস্টার হিসাবে কিছু কিছু পাও তাহা দিয়া দন্ডী স্বামী দুইজন অর্থাৎ নারায়ণ স্বামী ও সচ্চিদানন্দ স্বামী এই দুই জনকে যাহা ইচ্ছা দিও, যা মনে হয় ভোজন ইত্যাদি করাইও। আর দিদিমার কাছে যাহারা দীক্ষিত অর্থাৎ জয়া প্রভৃতি এবং মাসিমা, মনাদি ও শিবানীদি যদি কিছু করিতে চায় তাহাদের তরফ হইতে আশ্রম হইতে টাকা দিয়া বাকী আশ্রমের সাধু সন্ন্যাসী অর্থাৎ মুক্তিবাবা, শিবাত্মানন্দ, শাশ্বতানন্দ, ভাগবতানন্দ, আরও যদি কোন সন্ন্যাসী সেখানে থাকে তাহাদের ৬ হাত বস্ত্র ও ১ টাকা দক্ষিণা দ্বারা ভোজন করাইয়া দিও। নারায়ণ স্বামীকে চিঠি দিলাম। তিনি সব করাইয়া দিবেন। আর যাহারা দীক্ষিত নয় ছোট ছোট মেয়েরা ব্রহ্মচারীদের ভোজন একখানা করিয়া কুশাসন ও গীতা দিয়া যেন করে। আর অদীক্ষিত মাস্টাররা কবিরাজজীকে (গোপীনাথজী) কুশাসন ও যাহা ইচ্ছা দিবে। অবশ্য ইচ্ছা হইলে। ভালবাসা সকলে নিও।

ইতি

দাদাভাই

১৭

হরিদ্বার

৪.৯.৭০

স্নেহের বিশুদ্ধা,

তোমার চিঠি পাইয়া সুখী হইলাম। তোমাদের ওখানে দিদিমার ব্রহ্মলীন উপলক্ষ্যে ভালভাবে কীর্ত্তন, পূজা -জপ ইত্যাদি হইয়া গিয়াছে জানিয়া খুব খুশী হইলাম। নারায়ণ স্বামীজী তোমাদের ও তোমার খুব প্রশংসা করিয়া লিখিয়াছেন। এসব জানিয়া আমাদের খুব ভাল লাগিল। এখানে মার শরীর খুবই খারাপ যাইতেছে, জ্বর ও সর্দ্দি কাশি। তবে পূর্ব্বাপেক্ষা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কম। তুমি নারায়ণ স্বামীজী ও কবিরাজজীকে যে চিঠি দেওয়া হইয়াছে সেইগুলি হইতে দিদিমার খবর দেখিয়া লইও। চন্দনকে তো মার সেবার জন্য আনা হইয়াছিল। পদ্মার কাছে শুনিলাম - ফিরিয়া যাইতে হইবে। কাজেই মা বলিলেন "কাজ শেষ করিয়া আসুক তারপর যা হইবার হইবে।" তাছাড়া বিমলার মন ও শরীর খুব খারাপ। তাহার কাছে চন্দনকে রাখিয়া আসা হইল।

ভালবাসা নিও।

দিদি

গুরুপ্রিয়া

১৮ গোয়ালিয়র

১২.৯.৭০

স্নেহের বিশুদ্ধা,

মনে হয় তোমার চিঠির জবাব দিয়াছি। আমরা ৯.৯.৭০ তারিখে মোটরে এখানে আসিয়াছি। আমি ৭-৮ জনকে নিয়া আগামী কল্য দিল্লী যাইতেছি। মা ১৫. ৯ সোলন রওনা হইবেন। রাজমাতাও কোন বিশেষ কাজে আগামী কল্য ভূপাল চলিয়া যাইতেছেন।

মা বলিয়াছিলেন, পূজার জিনিষপত্র দিয়া মেয়েদের সুধীরের সঙ্গে কয়েকদিন পূর্ব্বে যেন পাঠাইয়া দেয়।

নবরাত্রির পূজা ১লা অক্টোবর হইতেই আরম্ভ হইবে। তাই তোমাদের একটু পূর্ব্বে আসিতে বলা হইযাছিল। মা বলিয়াছিলেন কাজ ত অনেক, বিশুদ্ধা, জয়া, গীতা মুকুল, মালা আসিবে। কাজের জন্য যদি আর কাহাকে ও মনে কর নিয়া আসিও। কুলা ঘটাদি চিত্র করিয়া আনিবার কথা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূর্ব্বেই লিখা হইয়াছে। আর নির্ব্বাণের লিস্ট মত পূজার বাসন আনিও। সকলে ভালবাসা নিও।

ইতি

দাদাভাই

পুঃ মা আরো বলিলেন- "তুমি সরা, কুলা, ডালা ও পূজার ঘট ইত্যাদি চিত্র করিয়া আনিবে। গঙ্গা জলে ধুইয়া নারিকেলের চিড়া জীরা কাটিয়া আনিবে। দিল্লীতে আসিয়া চিনির পাক দিবে।"

১৯

নৈমিষারণ্য
৫.৪.৭১

বিশুদ্ধা,

মা চিঠি শুনে বল্লেন - " বিশুদ্ধা আঙুলের ব্যাপার যা লিখেছে ও তো জানেই মা সকলের জন্যই বলেন ভগবান যা করান করা। ভাই বাবার যা মত হয়। কারো জন্য এসব বিষয়ে বিশেষ করিয়া কিছু বলা আসে না সব সময়। এত কাল যাবৎ আঙুল নিয়া এত কষ্ট দিনের পর দিন কাটছে। ভগবানের যা বিধান। যাহারা দেখে শোনে দুঃখের ব্যাপার । কী এক সৃষ্ট হইয়া এই কষ্ট। সর্ব্ব পরিস্থিতিতে ভগবৎ স্মরণ। মাথা ধরা, পেটের গোলমাল ত লাগিয়াই আছে, সুস্থ শরীরে ঠাকুর নিয়া থাকা। ভগবান যা দিচ্ছেন। সর্ব্বদাই চিন্তার ব্যাপার। উপস্থিত কেমন আছে ও কেমন থাকে মধ্যে মধ্যে যেন জানায়। যা মনে আসে ভগবান যা করান যেন জানায়। পরীক্ষার বিষয়ে ত জানাই আছে। ভাল পড়লে ভাল পাশ। সবই ভগবানের বিধান। বাবার শরীর কেমন উপস্থিত? ঐ সময় ত এখানে গরম, তাই বাবার শরীর বুঝিয়া ব্যবস্থা করা। বৌদি বাবা সকলে আসবে আনন্দের। শরীরের সুস্থতা বাঞ্ছনীয়।" মায়ের শরীর ভাল না। মোরাদাবাদে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ও ভাল ছিল না। এখানেও তারই জের চলছে। বেশী বিশ্রামে শুয়েই থাকেন। শীঘ্রই কনখলে যাবেন। সংক্রান্তিতে সেখানে গিরিজীর উৎসব ও সৎসঙ্গ ভবন প্রবেশ। পরে এখানেই ফিরে আসার কথা। আশা করি আর সব কুশল।

শুভেচ্ছাসহ

নির্ব্বাণ

২০ দেরাদুন

২৬.৬.৭১

ভাই বিশুদ্ধা,

তোমার দুখানা চিঠিই মা শুনেছেন। সময়াভাবে উত্তর দিতে দেরী হয়। মা কনখল থেকে ১৪ই এখানে এসেছেন। ছবি সে রাতেই চলে গেছে। রীণা এখনো আছে। মা বল্লেন "বিশুদ্ধাকে চিঠি দাও। তোমাকে ডাক্তার ভাই কি বল্লো? কবে নাগাদ ফিরতে পারবে? মেয়েরা ৮ই কনখলে যাবে ও সেখানে গুরুপূর্ণিমা উৎসব দেখে সেই রাতেই আবার ফিরবে কাশী। তোমাকে আগে একবার বলা হয়েছিল ছুটির সময় কোনো তীর্থে যাবার জন্য। ইতিমধ্যে তোমার হাতের চিকিৎসার ব্যবস্থার জন্য ভায়ের কাছে যাবার কথা উঠলো ও দিন কাল ও ভাল না।"

মার সঙ্গে রাজাবেনের কুটিয়ায় শুধু তুলসী, ভক্তিদি, রীণা ও আমি। দিদিমার ঘরে স্বামীজী শোন। রীণা ও আমি মার পাশের ঘরে। তুলসীকে মা উপরেই শুতে বলেছিলেন কিন্তু ওর ফ্যান সহ্য হয় না। আর ঘুম ঠিক না হলে মাথা ধরে এজন্য নীচের ঘরে শোয়। মুন্নিও ছিল এখন বাড়ী গেছে। এখানে খৈতান ভায়ের অনুরোধে মা কাউকে আসতে নিষেধ করেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তবে বাইরের লোক কেউ কেউ মাঝে মাঝে আসে। সকালে প্রায়ই মা উঠে উদাসের কাছে মালিশ করাতে কিষণপুরে যান। দুপুরে ফিরে এখানে খান ও বিশ্রাম করেন। সন্ধ্যে ৬ টার আগে কিষণপুরে যান রোজই গাড়ীতে আমিও রীণা যাই। আর কেউ যাবার থাকে না। পথে মা রাম মন্দির দর্শন করতে নামেন।

কল্যাণ বনে কি অসম্ভব লাল লাল লিচুর থোকা ঝুলছে। মা মাঝে কদিন খুব পেড়ে পেড়ে আমাদের ছুঁড়লেন। On the spot fresh লিচু খাওয়ালাম। নির্ব্বাণদা ছবি তুল্লো। ছেলেরা নিজেরা রেঁধে খায়। মার কাছে এ কুটিয়ায় মা না ডাকলে মেয়ে বা ছেলেরা কেউ আসে না। কন্যাপীঠের মেয়েরা সপ্তাহে দুদিন বিকেলে হেঁটে এ বাড়ী বেড়াতে আসে। গতকাল রাতে কন্যাপীঠের স্তব কীর্তন etc. প্রদীপ, (খৈতান) এখানে মার ঘরে tape এ তুল্লো। কিষনপুরে নিত্য নির্ম্মলের ভাগবৎ প্রবচন হয়। মার ফিরতে ফিরতে ৮.৩০ টা। তারপর আবার এখানে sitting রাজাদির বাড়ীতে। রাতে মা এক এক দিন খুব Mood এ কথা বলেন। রীণা, স্বামীজী, রাজাদি আমি। মশারী ফেলে মাকে শুইয়ে শুতে শুতে ১২টা। রাতে মা উঠলে প্রায় বুঝিনা এতো tired। মার এদিককার কাজ আমি উপস্থিত করছি। মার একান্ত সঙ্গ পাচ্ছি। জানিনা এর মেয়াদ কতদিন? গোপালপ্রিয়াদের হেম কুন্ড হয়নি। কেদার করেই গুনিতার চোখ ঠান্ডায় লাল, গোপালপ্রিয়ার কোমর ধরা, কৃপালজীর জ্বর। নীলিমা আজ এলো। নির্ম্মলজী আছে। চিঠির স্তুপ মা দুদিনে ভুপেনদা, কমলামোহনলাল ও রীণাকে দিয়ে শেষ করাতে বেঁচেছি। ২৮শে হঠাৎ Gwalior যাবার Programme ঠিক হলো। 1st July মাধব প্রতিষ্ঠা করে 2nd July

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ফেরা, 3rd July সমুরা আসবে ছেলের মুখে ভাত। Gwalior trip এ ছেলেরা ৪ জন বিভুদা, তন্ময়দা, মেয়েরা, মুকুল, গোপালপ্রিয়া, মালা ও বোধহয় আমি, তুলসী।

ভালবাসা নিও ।

চিত্রাদি

২১

দেরাদুন

৩.৭.৭১

ছবিদি,

তোমার চিঠি পেয়ে কি যে ভাল লাগলো। মাকে শোনালাম। মা বল্লেন-' "ছবিকে চিঠি দাও। গোয়ালিয়র যাওয়া হয়নি, কারণ যুগল বিগ্রহ স্থাপনার সেই মুহুর্ত্তের বাধা উপস্থিত।"

"চক্ষু, দন্ত, কর্ণ সময় মত তাদের বারতা জানিয়ে দেয়। যথাশক্তি চিকিৎসায় শরীর মন সুস্থ রাখা। ঠাকুর কে নিয়ে ডুবে থাকা। শরীরটা সুস্থ রাখার কথা মা বার বার বল্লেন। শরীরের প্রতি খেয়াল রাখিও। নিজের শরীর নিজেকেই ঠিক রাখতে হবে।"

মাকে এবার দেরাদুনে কিভাবে পেয়েছি ধারণাই করা যায় না। অন্ততঃ আমি তো কোনদিন স্বপ্নেও ভাবিনি। মার সারাক্ষণ খেয়াল, দরজা খোলা, খুব কথা বলার mood। দুদিন গানও গেয়েছেন- "সত্যম্ জ্ঞানম্ , হে ভগবান হে ভগবান।"

আজ মামুর মেয়ে বুলুর ছেলের অন্নপ্রাশন হলো। মা বল্লেন- "ওর ঠাকুরমাই (সমুর ঠাকুরমা, হরীশদার মা) আবার নাতি হয়ে ফিরে এসেছে। ঠাকুরমা কঠোর তপস্বিনী ছিলেন। কিন্তু কিছু বাকী ছিল। এই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জন্মে শেষ করার জন্য এসেছেন।"

প্রাণভরা ভালবাসা নাও। এখন কেমন আছ?

ইতি

রীণা

২২

দেরাদুন

২০.৭.৭১

স্নেহের বিশুদ্ধা ,

"তোমার চিঠি পেয়ে মাকে শুনিয়েছি। সত্যানন্দের চিঠির উত্তরে মা বল্লেন- যতদিন বিশুদ্ধার শরীরে চিকিৎসার প্রয়োজন ততদিন করাই। তোমার সান্নিধ্যে রেখে চিকিৎসা করা। উপস্থিত একটু শরীর ভাল আছে জেনে আমরা সকলেই নিশ্চিন্ত।" মা বল্লেন - "আশ্রমে যেমন ৪ বেলা সৎসঙ্গের প্রোগ্রাম হয় ডাক্তারের নিষেধ না থাকলে উহা করা। সদ্‌গ্রন্থ পাঠ - বৃথা কথা না বলা।" " মার গুরুপূর্ণিমার বাণী " - "গুরু আদেশ পূর্ণ হওয়ার কেবল চেষ্টা।" গুরুপূর্ণিমায় কনখলে দিদিমার সমাধি মন্দিরে নির্ব্বাণদা ষোড়শোপচার পূজা করলেন। শিবের মন্দিরে শ্রীপতিদা করলেন। মোটামুটি দিল্লী দেরাদুনের ভীড় ছিল। ফনীবাবু (M. P. Jewellers) সাধু ভোজন ও সম্পূর্ণ ভান্ডারার খরচ দিলেন। নির্ব্বাণী আখাড়ার ১০৮ সাধু খেলেন। মা একবার ঘূর্ণা দিয়ে এলেন। কনখলে খুব বৃষ্টি ছিল, মার কৃপায় গুরু পূর্নিমার দিন শুকনো। কাজেই ছোট জায়গায় সব কাজ ভাল মতন হয়ে গেল। কন্যাপীঠের মেয়েরা সেদিন সকালের বাসে এসে সারাদিন কাটিয়ে রাতের ট্রেনে চলে গেলো। রীণা ওদের সঙ্গে ফিরে গেছে বর্ধমান। মার শরীর গুরুপূর্নিমার পর থেকে একটু একটু খারাপ হতে হতে এখন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মার বহুদিন পর আবার হজমের গন্ডগোল, কিছু হজম হচ্ছে না পেটে খুব ব্যথা। চেহারা খারাপ, জ্বর। মুক্তি বাবা ১৫/৭ হাসপাতাল উদ্‌ঘাটনের দিন প্রথম রুগী হয়ে ভর্ত্তি হলেন ১৬/৭ বিকেল ৪টেয় মারা গেলেন। এখানে ২৪ ঘন্টা জপ চলছে। একদিন ২৪ ঘন্টা সত্যম জ্ঞানম কীর্তন হলো। মার ২৪শে হরিদ্বার যাবার কথা ২৯শে দিদিমার ভান্ডারা। ফিরে মনে হয় রায়পুরে থাকবেন।

প্রীতি শুভেচ্ছা নিও।

চিত্রাদি

২৩

নিউ দিল্লী

১০.৮.৭১

স্নেহের বিশুদ্ধা,

তোমার ঠিকানাটা খাতায় ছিল কিনা মনে নাই। এখনই খুঁজিয়া পাইলাম। এই জন্যই চিঠি দিতে দেরী হইল। তোমার প্রথম বিভাগে পাশের খবর কাশী হইতে অনেকেই দিয়াছে। কিন্তু ঠিকানার কথা ভাবিয়া জবাব দেওয়া হয় নাই। যাক্ শুনিয়া খুবই খুশী হইয়াছি। এই শরীর নিয়া পরীক্ষা দিয়াছ তবুও এত ভাল ফল মারই কৃপা। তুমি ত আর পড়িতেই চাও নাই। মার ও আমার কথাতেই পড়িয়াছ, যাক্ সার্থক হইল। এখন তুমি কেমন আছ? সব লিখিও। আমিও একটু অসুস্থ হইয়া এখানে আসিয়াছি। শীঘ্রই হয়তো মার কাছে দেরাদুন যাইব। ঝুলন ওখানে হইয়া গেল। জন্মাষ্টমীও ওখানেই হওয়ার কথা। তোমার বাবা ভাই ও ছেলে মেয়েরা সব কেমন আছে ? ভালবাসা নিও।

ইতি

দাদাভাই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেরাদুন
১৯.৮.৭১

স্নেহের বিশুদ্ধা,

তোমার ২.৮.৭১ তারিখের চিঠি ও পোষ্টকার্ড দুটোই মা শুনেছেন, Hearty Congrats জানাচ্ছি। Rank কী হলো? 1st কী মেয়ে না ছেলে? 1st Class আর কজন পেলো? যাক্ সংস্কৃতে ভবিষ্যতে Coach তোমাকে করা যাবে। মা তোমার প্রথম চিঠি শুনে তখনি উত্তর লেখান, আমারই লিখে ওঠা হয়নি। প্রথম চিঠির উত্তরে বলেন "কখনো ভাল কখনো খারাপ এ বিষয়ে ডাক্তার কী বলে? তাড়াতাড়ি সুস্থ হওয়ার দিক বলে কি? সৎসঙ্গ করছো ভাল কথা। শরীরের খবর দিয়ে সর্ব্বদা চিঠি দিও।"

দ্বিতীয় চিঠির উত্তরে বলেন - " শরীর এত অসুস্থ নিয়ে ভাল পাশ করেছে। ভাল কথা। জগতের ভাল পাশে যেমন সকলের ভাল লাগে আনন্দ করে। পরমার্থের পাশেই তো আসল পাশ। সেদিকে কজন যায়? জগতের পাশে তো ফেঁসে যাওয়া।"

"নখের চিকিৎসা আরম্ভ হয়েছে ভাল কথা। সব অসুস্থতাই তো এখনো হচ্ছে, রয়েছে, কাজেই সত্যানন্দ জানিয়েছিল দীর্ঘদিন চিকিৎসার প্রয়োজন, ঠিক ঠিক চিকিৎসা হওয়াই।"

ছবির বাড়ীর ঝুলন নিশ্চয়ই খুব সুন্দর হয়েছিল, এখানেও মা বলেছেন আমাদের ঝোলা এবারে খুব চমৎকার সাজানো হয়েছে। ফুল পাতা, তুলসীর করা ঘাসের আলপনা, মঞ্জুর পেন্টিং, নানা রং-এর ইলেকট্রিক লাইট ইত্যাদি ঠাকুরের গায়ে নানা রকম বিদেশী গয়না।

মার শরীর মোটামুটি ভালই। নন্দোৎসবে মা মন্দিরের চাতালে খুব কীর্ত্তন করেন ঘুরে ঘুরে, সরলা আর মিথিলেশ গোপিনী। ২৪শে কল্যানবনে যজ্ঞ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আরম্ভ হবে। ২৫শে মা বাঘাট হাউসে লীলাসহায়ের ভাগবতে যাবেন ডঃ পান্নালালের জন্য। মা গতকাল থেকে মৌন, আজও কথা বলছেন না। তবে ঘোরাফেরা, কাজ ইসারা করছেন। ঝুলনের রাতে গ্রহণ ছিল, মা সারারাত খুব কীর্ত্তন করেছেন।

ভালবাসা নিও

চিত্রাদি

২৫ দেরাদুন

৯.৯.৭১

স্নেহের বিশুদ্ধা ,

তোমাকে সব খবর সহ কোলকাতায় চিঠি দিই দিন পনেরো আগে - পেয়েছ কি? উত্তর পাইনি, মা গত ১৮ই আগষ্ট থেকে মৌন এখনো অবধি, কবে কথা বলবেন বোঝা যাচ্ছে না। আঙুলের tip দিয়ে কী সুন্দর বিনা কাগজ কালিতে বিছানার চাদর বা দিদির হাতে বা আমাদের হাতে হাতে শব্দ sentence লিখে লিখে বোঝান চিঠির উত্তরও দ্যান। এই চিঠিটা আমাকে মা লিখে দেখালেন। "যতদিন প্রয়োজন চিকিৎসা করানো ওখানে থেকে।" এবার পূজায় তাহলে তোমার আসা হলো না। চন্দন, জয়া, রমা etc. আসছে।

চিত্রাদি

২৬ দেরাদুন

১৮.৯.৭১

স্নেহের বিশুদ্ধা,

তোমার চিঠি মা শুনেছেন। মা লিখে জানালেন - "শোনা কথায় অনেক ব্যতিক্রম হয় তুমি সেজন্য মন খারাপ করোনা। আমি তো সব জানি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
অনুসন্ধানের প্রয়োজন নাই।" মা এখনো মৌন। আজ ত্রিপুরারি বাবা এসে বিশেষ পিড়াপিড়ি করায় - রাম (ত) কৃষ্ণ নারায়ণ বাবা ভোলানাথ বাবা ত্রিপুরারি শব্দ বল্লেন, তবু গলার আওয়াজ পেলাম। তুমি একটু ভালো শুনে সুখী হলাম। চন্দন এসে গেছে।

ভালবাসা নিও

দিদি গুরুপ্রিয়া

২৭

দেরাদুন

৭.১০.৭১

স্নেহের বিশুদ্ধা ,

তোমরা সকলে আমার বিজয়ার ভালবাসা নিও। বিরাটভাবে এখানে দুর্গাপুজা হইয়া গেল। গতবার হইতেও বৃহৎ ভাবে হইল। মার উপস্থিতি তাই আরও সব দিকটা সুন্দর। পূজায় লক্ষ্মী পূজায় মা খুবই ব্যস্ত (ইহা ত স্বাভাবিক) তাই চিঠির জবাব দিতে একটু দেরী হইল।

তোমার চিঠি পড়িয়া মাকে শুনাইলাম। তুমি পূজায় না আসায় তোমার দিক খালি। সকলেরই খারাপ লাগিয়াছে। তোমার জন্য রাজাবেন রেশমী কাপড় রাখিয়াছে।

তোমার আঙুলের ব্যথা, পেটের ব্যথা সব কেমন? সারিবার দিক ত? কতদিন আন্দাজ লাগিবে? ভাই কি বলে? এতদিন যাঁহার কাছে থাকিয়া এত গুণী হইলে তাঁহারই হইয়া গিয়াছ আমরা জানিতাম। অনেকে কত ভাল বলে আমাদের শুনিতে গৌরব বোধ হয়।

তুমি কয়েকজনের সামনে মাকে বলিয়াছিলে "আমি আশ্রমবাসী ত আশ্রমেই থাকিব। আমাকে অন্য আশ্রমে রাখ।" মা আদরে বলিলেন -

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"মানুষেরই ত ভুল হয়। শোধনের চেষ্টা করিতেই হইবে। তাই করিবে।" তোমার মাথায় গায় হাত বুলাইয়া মা বলিলেন। তুমিও আনন্দে তাহা নিলে। মানুষ সত্য বলিলে সত্য বাক্ হইয়া যায়। তোমাদের সেই দিক হওয়াই। যুগ যুগ ধরিয়া যে চক্র ঘুরিয়া ঘুরিয়া আজ আশ্রমবাসী, সৎভাব বিশেষ সৌভাগ্য। নিখুঁত করিবার জন্যই একটু বলা। তাহাতে আশ্রমের অন্নধ্বংসের উল্লেখ আজ আসিল। মা বলিলেন - "মার কিছু আমাদের বলিবার অধিকার নাই? তাই কি ? তবে কি আর করা? মার ত কাহাকেও না হইলে চলিবে না।"

বলিলেন - "বিশুদ্ধা বলিতে পারিল না যে আমার মা আমার ভালর জন্যই বলিয়াছেন ভাই। তোমরা ঐরূপ ভাব নিওনা। যাক্ এখন তোমার কি ইচ্ছা জানাইও। তোমার বাবাও ত সৎ আশ্রিত, কি বলেন জানাইও।" আমাদের যে সংস্কার তাই করি ও মা শোধন করিতে চাহিলে তাহা আমাদের ভাল লাগাই কর্ত্তব্য নয় কি? ঠাকুর নিয়াই যেন থাকি, সেই সেবাই করি এই ত মার কথা। যে পথে যাত্রা মা তাই দেখাইয়া দেন।

ভাই তাহার বোনকে যাহা বলিয়াছে সংসারের ভাবে যাহা কর্ত্তব্য নীতি। কিন্তু তুমি যদি মায়ের দিক নীতি বিধি দেখাইতে তাহার ভালই লাগিত। আমাদের এই বিশ্বাস। বাবাকেও এই চিঠি দেখাইও। মা সর্বদাই বলেন "সকলের মধ্যেই সেই একই আত্মা, এই শরীর সকলেরই। ধর্ম্মের সংসার হওয়া। সত্যানুসন্ধানই মানুষের শান্তির রাস্তা।" তুমি কবে আসিতেছ? মার আগামীকল্য কাশী রওনা হইবার কথা। আবার ১৪/১৫ তারিখে এখানে ফিরিবার কথা কারণ এখানেই কালীপূজা ও অন্নকূট হওয়ার কথা হইযাছে। মা কি বলেন জানত। এতদিন দেখিয়াছ - মা ত সৎ পথের কথাই বলিবেন সৎপথের যাত্রীর যাত্রা পূরণের জন্য। আশ্রম যথাশক্তি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
সেবার চেষ্টা করে, তুমিও করিবা, তুমি তাড়াতাড়ি সুস্থ হও মার চরণে প্রার্থনা।

ইতি

দাদাভাই

২৮

বৃন্দাবন

২৫.১০.৭১

ভাই বিশুদ্ধা ,

তোমার বিজয়ার চিঠি মা ও দিদি শুনেছেন। আশা করি মাতৃবাণী সহ দিদির বড় চিঠি পেয়েছ। মার বিজয়ার বানী—"পরমার্থ যাত্রায় যাত্রীর ভগবানের কাছে জয় প্রার্থনা হওয়া।"

মা এখনো মৌন। বিশেষ কথা চিঠির উত্তর (বিশেষ) ও কিছু বোঝাতে লিখে দেন। গিনি ২৮শে দুর্গাপুর ফিরবে। ওর সঙ্গে দেখা করলে এখানকার সব খবর পাবে। আমরা মাঝে মার সঙ্গে কাশী ঘুরে এলাম।

কালীপূজো অন্নকূট ভাল মত হলো। আজ পুষ্প, গুনীতা, নিয়তি, মিনু ইত্যাদি কাশী থেকে আসছে কাল থেকে সংযম সপ্তাহ।

৬ইর পর মা জয়পুর যাবেন। তারপর ঘুরে ফিরে ভোপাল যাবেন। তারা দেরাদুনে এসেছিল। মার শরীর যেমন থাকে। মার কাজ বিল্লোজী ও তুলসী করে।

চিত্রাদি

২৯

বৃন্দাবন

৫.১১.৭১

স্নেহের বিশুদ্ধা

তোমার চিঠি পাইয়া মাকে শুনাইয়াছি। মা বলিলেন বন্ধুকে চিঠি দেও।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তোমার চিঠি পড়িয়া দুঃখ হইল। মা বলিলেন- "এবার ত বন্ধু প্রাণ খোলা চিঠি দিয়াছে। ২২ বৎসরের কথা - আশ্রমবাসী - আমরা সব ছাড়িয়া যখন মার চরণে আসিয়াছি তখন মান অপমান সব ছাড়িয়া নিন্দা স্তুতি ঠাকুরের চরণে দিয়া ইহার উপরে উঠিতেই হইবে।" মা আরও বলিলেন - "এই শরীরের কাছে থাকিয়া যখন আশা পূর্ণ হইল না বলিয়া নৈরাশ্য - এই ভাব আসিতে পারিল, এই শরীরের মুখ না দেখিয়া থাকা ভাল মনে করিল নাকি... বন্ধু বলিয়াছি যা খুশী করিয়াছি করিবই। বন্ধুর মানিতেই হইবে। তুমি ডবল এম. এ মায়ের বন্ধু তোমরা ছোট ছোট কথায় মন কান দিবে কেন? তুমি ত শিক্ষাপ্রাপ্ত, অশিক্ষিতের দিক তুমি নিও না। তোমাকে ২২ বৎসর পর ঘরে কেহ বাঁধিতে পারিবে না। তুমিই কি এখন আর ঘরে থাকিতে পারিবে ? মুক্তির রাস্তা নিয়া ফেলিয়াছ, মা বলেন তোমার বিশেষ একটু ভাল দিকও আছে। তাই তোমার সেই বিশুদ্ধ প্রকাশের জন্য কেহ কোন কথা বলিলে মা তোমায় জিজ্ঞাসা করেন পাই পাই করিয়া। মাকে তুমি সত্য যাহা বল মা তোমার শোধনের জন্য তোমাকে ভাল করিয়া বুঝাইয়া দেন। আমরা ত পরে বলিতে পারি - মা কেন ভাল দিকটা দেখাইয়া দিলেন না ? বলিয়া দিলেন না ? মা ত যা হয় হউক এই ভাবে তোমাকে ছাড়িয়া দেন নাই। পুনঃ ২ তোমাকে বুঝাইয়াছেন। মা লোকের কথা বিশ্বাস করেন ইহা তুমি কি করিয়া বিশ্বাস করিলে? প্রমাণ লিখ তো বন্ধু।

এই কথাগুলি ভিক্ষা দিয়াছ আনন্দ। প্রাণ খুলিয়া সব মনের কথা লিখিয়াছে। চুপ করিয়া থাকে নাই - ভাল। সর্ব্বরূপে অরূপে একমাত্র ভগবানই ত। তিনিই এই রূপে আজ। কুমারী রূপে - মাগো মা মা মা। যা দেয় সবই প্রসাদ। জগতের আশ্রয়ে মার মোহযুক্ত ভালবাসা সংসারে ভাল লাগে। মোহমুক্তের দিক যে মায়ের কাছে দেয় সেই মায়ের কি বলা উচিৎ ভাব। যে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
বাবা মা তোমাকে ত্যাগের আশ্রয়ে দিয়াছে তাহাদের বিশেষ কথা। তাই বলি বাবাকে নিয়া কাশী আসিয়া থাক। বাবার ত খুবই কাশী থাকার ইচ্ছা। সেই ইচ্ছা পূর্ণ কর। এখন শীঘ্র কোন অনুষ্ঠানও নাই, ঘর খালি আছে। একটা লোক রাখিয়া দেওয়া যাইবে। আর তুমিও দেখাশোনা করিতে পারিবে । কত বৃদ্ধদের ত মা মুক্তি ক্ষেত্রে আশ্রয় দিলেন, মুক্তি পাইল। আশ্রমও ত মুক্তি ক্ষেত্রে জানাই।"

এখন একটা কথা মা তোমাকে লিখিতে বলিলেন – দক্ষিণ যাত্রার কথা মা তোমাকে বলিয়া ছিলেন। ত্রিবাঙ্কুরের রাজা রাণী মার কাছে এখানে আসিয়াছিলেন। জানুয়ারীতে মাকে তাহাদের কাছে যাইবার জন্য বিশেষ করিয়া বলিয়া গেলেন। ৬ বৎসর পর পর উহাদের পদ্মনাভের লক্ষদীপের উৎসব আছে। সেই সময় মাকে যাইবার জন্য বিশেষ করিয়া বলিয়া গিয়াছেন। তুমি এখন ভাইকে বল ঔষধ সঙ্গে নিয়া আসিয়া কানপুর ভাগবতে আসিলে চলিবে কিনা ? পরে দরকার হইলে আবার না হয় একবার যাইয়া দেখাইয়া আসিবে। ফিরিয়া আসিয়া দক্ষিণ যাত্রায় ঐ উৎসবে মার সঙ্গে যাইতে পারিবে। পরে যাইয়া ভাইকে আরও একবার দেখাইয়া বাবাকে নিয়া কাশী চলিয়া আসিতে পারিবে।

" বন্ধু কেমন খোলা প্রাণে সব কথা লিখিয়াছে। এখন সব ঝাড়িয়া ফেলা "। মা ত বলেন, " মার কাহাকেও না হইলে চলিবে না। সকলের সঙ্গেই আত্মিক সম্বন্ধ তা। তোমাদের কাহার কি বিশেষ গুণ আছে আমাদের জানা নাই "। মা বলেন- " এদিকে এই কষ্ট করিয়া থাকায় যাহা সুফল তাহা নষ্ট হয় না। তপস্যা কিনা, ধৈর্য্যের আশ্রয়ে যে সহ্য করিতে পারে সেই জয়ী "। তোমার যদি কন্যাপীঠে ভাল না লাগে-মাকে তুমি একবার বলিয়াছিলে যে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্য আশ্রমে থাকিব। তাই মা বলিলেন " যদি তোমার কন্যাপীঠে থাকিতে ইচ্ছা না হয় তবে কখনও কখনও মার সঙ্গে থাকিবে। আবার কখনও কখনও মা যেই আশ্রমে (কাশী, দেরাদুন) বলিবেন সেই আশ্রমে থাকিতে পারিবে। হরিদ্বারেও বাবাকে নিয়া থাকিতে পার। " মা বলিলেন - " গুণী মেয়ে কত গুণই ত শিখিয়াছ, অপরের নকল করিতে যাইবে না নিশ্চয়ই। নিজের ব্যক্তিত্ব সুরক্ষিত রাখিবে। " মায়ের কথা " ভগবানই তোমার। তোমার আর কেহ নাই। আসা যাওয়ার রাস্তার দিকে যাওয়া নয়। বিশেষ মনে রাখা"। একবার তোমাকে মা কিছু বলিব না বলায় তুমি বলিলে-না মা আমার যাহাতে ভাল হয় সব সময় তাহা বলিও। তুমি না বলিলে আমরা ভাল হইব কি করিয়া ? তাই মা দরকার মত তোমাদের ভালর জন্য বলিতেন। বিশ্বনাথের কৃপায় কাশীধাম গঙ্গার তট মুক্তি ক্ষেত্রে সুশিক্ষা পাইয়াছ। এইখানে থাকিয়া তোমরা সকলে জগতের মঙ্গল কাজ কর এই ত মার খেয়াল। আমি তোমার সব কষ্টের কারণ বুঝিয়াছি। এ ক্ষেত্রে আমারও লাগিত। ঐ দিক নিও না। সহন করাই কল্যাণ, নিজ মঙ্গল।"

আমার বইয়ের খাতাগুলি তোমার ও শৈলেশের দেখার কথা ছিল। শৈলেশ একা পারিতেছে না। তখন তোমার পরীক্ষা আগত প্রায়, শরীর ও খারাপ ছিল তাই পার নাই। এখন ঐ কাজটা করিলে তোমার ও আমাদের সকলের উপকার হয়। ছাপার জন্য টাকা পাওয়া গিয়াছে অথচ দেখার লোক নাই তাই ছাপাইতে পারা যাইবে না। কি করিলা শীঘ্র জানাইও। মা আগামীকল্য জয়পুর একদিনের জন্য যাইয়া ফিরিয়া দেরাদুন আসিয়া কয়দিন থাকিয়া পরে ১৮/১৯ নভেম্বর পর্য্যন্ত ভূপাল ভাগবৎ সপ্তাহে পৌঁছবেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
আমরা কয়েক জন এখান হইতেই সোজা ১৭/১৮ তাঃ পর্য্যন্ত ভূপাল পৌঁছিব। তাই এই ঠিকানায় চিঠি দিও। তোমার শরীর এখন কেমন আছে? বাবা ও সকলে কেমন আছে ? সকলে ভালবাসা লইও।

ইতি

দাদাভাই

৩০

পঞ্চবটী

১০.১১.৭১

বিশুদ্ধা,

কাল আমরা মায়ের সহিত এখানে আসিয়াছি। মায়ের ১৭ই ভূপাল যাওয়ার কথা। ভূপালের পর ডিসেম্বরের প্রথম দিকে ৩/৪ তাঃ মা হয়তো কাশী যাইতে পারেন। কাশীর পর তো কানপুর ভাগবৎ উপলক্ষ্যে ৬/৭ তাঃ যাওয়ার কথা। কথা হইয়াছে তাহার পর দক্ষিণ যাত্রায় পদ্মনাভের দীপাবলী উৎসবে ত্রিবান্দ্রাম যাওয়ার। পদ্মনাভের মহারাজা ও মহারাণী আসিয়া মাকে যাওয়ার জন্য বিশেষ অনুরোধ ও আগ্রহ প্রকাশ করিয়াছেন। বৃন্দাবনেও এই উপলক্ষ্যে আসিয়াছিলেন। এই উৎসব খুব বড় মহোৎসব। ছয় বৎসর পর একবার আসে।

মা তোমাকে লিখিতে বলিলেন যে উপস্থিত তোমার শরীর কেমন আছে? পেটের ও হাতের উপকার বুঝিতেছ কি ? ভাইকে বলিবে যে মা পদ্মনাভে যাওয়ার কথা বলিয়াছিলেন তাই তাহার নিকট হইতে ঔষধ লইয়া কাশী কবে পৌঁছিবে ভূপালের ঠিকানায় মাকে জানাও।

ঠিকানা ঃ

C/o Sir Datar Singh,
Bairagarh, Bhopal. M.P.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঐ সময় ভাইয়ার যাওয়ার কথা আছে। নির্দ্দিষ্ট সংখ্যক লোক মাত্র সঙ্গে যাইবে কথা হইযাছে। তাই পূর্ব্ব হইতেই সব ব্যবস্থা করিতে হইবে। মায়ের শরীর বেশী ভাল না। চন্দন কিছুদিন মায়ের সেবায় উপস্থিত আছে। মেয়েরা কে কে যাইবে ও কি কি জিনিষ সঙ্গে নিতে হইবে তাহা তোমাকেই ঠিক করিতে হইবে, সে জন্য তোমার কিছুদিন আগে কাশী আসা প্রয়োজন। কাজেই কবে কাশী আসিবে পত্রপাঠ জানাইবে।

এখানে আর সব একপ্রকার, প্রীতি ভালবাসা জানিবে।

ইতি

পরমানন্দ

৩১ দেরাদুন

১৮.২.৭২

স্নেহের বিশুদ্ধা

মা শিবরাত্রি দিল্লীতে করিয়া ১৬ই এখানে আসিয়াছেন। আজ হইতে ভাগবৎ শুরু হইলো। মা বলিলেন - " বিশুদ্ধাকে লেখো - নিতাই যা লিখিয়াছে উহা কি তোমার মত? " মা তো তোমার আনন্দ যা করিতে বলেন। মায়ের সব সময় এই যাত্রায় তোমার কথা খেয়ালে কেবল আসিত। পদ্মনাভ অনুষ্ঠান এত সুন্দর তোমার দেখা হইলো না। মা আরো খেয়াল করিলেন আবার মেয়েরা গেলে বীথু পদ্মার সহিত তুমিও যাইতে পারিবে। চন্দন পৈতা নিয়া পুনায় সাধন ভজন করিতেছে। কন্যাপীঠের কাজ উপস্থিত ছাড়িয়া দিয়াছে। আশ্রম জীবন-পরমার্থ নিয়া থাকাই মানুষের হওয়া যথাশক্তি সেবা পূজা- মনুষ্য জীবন সফল করার জন্য। গুরুস্থান কনখলে বাবাকে নিয়া থাকিলে সেবা ও সাধন ভজন নিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
ভালভাবে থাকিতে পারিবে। আশ্রমবাসী - আশ্রম ব্যবস্থায় সর্ব্বদা থাকা। তাহা যদি ভাল না লাগে তবে আর কি বলা। সেবায় চিত্ত শুদ্ধের দিক্ আবার সাধনও চাই। তুমি যাতে শান্তি আনন্দ বলিয়া মনে করো মা তো তাই বলিবেন। মায়ের দরজা সব সময় তোমার জন্য খোলা আছে থাকিবে। তোমার মনে চাকরী ভাল লাগিবে কি? তোমার কি ইচ্ছা লেখো- পরে নিতাইকে উত্তর দিব। পরমার্থই যে চায় তাহারই জন্য মা কেবল নিছক সৎ শুদ্ধ করিবার জন্য ত্রুটি ধরাইয়া দেন- যতটা মার আছে- তুমিও জানো। সবদিক-লেখা পড়ায়, বয়সেও বড় হইয়াছ-বিচার করিয়া দেখো- বন্ধু। বন্ধু। বন্ধু। মনটা ভাল করা হাস্যময়ী পূর্ব্ববৎ হওয়া। বাবা কেমন আছে মা জিজ্ঞাসা করিলেন। সকলে ভালবাসা নিও।

দিদি

গুরুপ্রিয়া

৩২

দেরাদুন

২৭.২.৭২

স্নেহের ছবি

তোমার চিঠিতে বিশুদ্ধার ভয়ানক খবর পাইয়া তৎক্ষনাৎ কনকবাবুরা কলিকাতা যাইতেছিলেন। খুব তাড়াতাড়ি তাহাদের সঙ্গে তোমাকে একটু চিঠি লিখিয়া দিয়াছি। গাড়ীর সময় ছিল না। মা বলিলেন- তোমরা নিজ চোখে দেখিয়া সব খবর দেও। কনকবাবুদেরও বলিয়া দেওয়া হইয়াছিল তাহারাও যাইয়া যেন বিশুদ্ধাকে নিজ চোখে দেখিয়া খবর দেয়। কাল রাত্রি ১১টা ১১॥টার সময় ফোন আসিল তাহারা বলিল অবস্থা ভাল নয়। আজ সকাল হইতে লোক ফোন নিয়া বসাইয়া রাখা হইয়াছে একটু ভাল

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

খবর পাওয়া যায় কিনা? কিন্তু কোন রকমেই কোন ভাল খবর পাওয়া যাইতেছে না। প্রথমে গোপালদের বাসায় অনেক চেষ্টা করা হইল তাহা ও কোন খবর পাওয়া গেল না। তারপর এখানকার রায়পুরের ফ্যাক্টরীর ম্যানেজারকে বলা হইল রনজিতের কাছে ফোন করিবার জন্য। এখন রাত্রি হইয়া গেল কিন্তু এখনও কোনো খবর পাইলাম না। আমরা সকলেই বড় চিন্তায় আছি। এখন তোমার কাছে মা চিঠি লিখিতে বলিলেন। তোমার বাসায় ফোন আছে কিনা আমরা জানিনা। ভগবান প্রাণটা রক্ষা করুণ এই প্রাথনা।

বিশুদ্ধা কাশী আশ্রমের মেয়ে। মেয়েরা সকলেই তাহাকে কত ভালবাসে। বিশুদ্ধা মেয়েদের নিকট হইতেই সব খবর নেয়। সর্ব্বদা চিঠিপত্র তাদের দেয়। আমাদের বড়ই ভাল লাগে। মা আবার বিশুদ্ধার চিঠির খবর হাসিয়া হাসিয়া মেয়েদের খুটিয়া খুটিয়া জিজ্ঞাসা করিয়া শোনেন। পদ্মনাভের মন্দিরে ৬ বৎসর পর পর লক্ষ প্রদীপের জ্যোতি প্রকাশ। মা দক্ষিণ ভ্রমণে যাইতে বিশুদ্ধাকে বারবার লিখাইয়া ছিলেন। জবাব দিল অসুখ তাই যাইতে পারিবে না। ভাই নিতাই ও নিষেধ করিয়া চিঠি দিয়াছে। ইহাতে বিশুদ্ধার মন নিশ্চয়ই খারাপ হইয়াছিল। তুমি চিঠিতে যাহা লিখিয়াছ, বিশুদ্ধার মন খুব খারাপ কাহারো সঙ্গে বেশী কথা বলে না। তুমি ভাবিয়া দেখ তাহার হাতের শিক্ষা মেয়েরা অনেকে মায়ের সঙ্গে ভ্রমণে গিয়াছিল বিশুদ্ধাই শুধু যাইতে পারিল না অসুস্থতার কারণ। এই অসুস্থ শরীরে ইহা সহ্য করিতে কষ্ট হইতেছিল। তাই এত মন খারাপ দেখিয়াছ। যাত্রার সবই মেয়েদের কাছে চিঠিতে শুনিয়াছে। এখন এই ভয়ানক অসুখ শুনিয়া আমাদের কি রকম লাগিতেছে বুঝাইতে পারিব না। আমাদের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
কাছে এত দিন আপনজন হইয়া গিয়াছে । আজ দুইদিন যাবৎ নানা জনের কাছে ফোন করিয়াও কোন খবরই পাইতেছি না। এখানেও কাশীতে বিশুদ্ধার. জন্য অনেকেই জপ করিতেছে। অখন্ড রামায়ণ বসিয়াছে। পূর্ণাহুতি আজ হইবে। কাল রাত্রে মা ১২টা ১১ মিনিটের পরে বিশুদ্ধার একটা স্পষ্ট শব্দ "মা" ইহা শুনিয়াছেন । আজ সকালে ৭টা ৮ মিনিটের সময় আবার মা যেখানে শুইয়া ছিলেন তাহার প্রায় দেড় গজ দুর হইতে বিশুদ্ধার বেশ স্পষ্ট "মা" এই শব্দ শুনিলেন। এখানে সকলেরই মন খুবই খারাপ হইয়া গিয়াছে। খাওয়া ঘুমান কিরূপ বোঝ, আমি চোখে ভাল দেখিনা শরীরও ঠান্ডায় ঠিক নাই। তাই এই সময় কলিকাতা যাইতে সাহস পাইতেছি না। তাহা না হইলে ঐরূপ অসুখ শুনিয়া চলিয়াই যাইতাম। পূর্ব্বে অনেকদিনের কথায় ভাগবৎ হইতেছিল। পূর্ণাহুতি হইয়া গেল। আগামীকাল ১০ হাজার আহুতি দিয়া যজ্ঞ হওয়ার কথা হইয়াছে। আমরা কয়েকজন ১লা মার্চ কাশী রওনা হইব। মার ও ২রা মার্চ কাশী রওনা হওয়ার কথা। চিঠি পাইলে কিনা কাশীর ঠিকানায় জানাইও। আজ পৌনে ১০টার সময় চিঠি পাইলাম। সকলেই ভগবান বিশুদ্ধার প্রাণ দান করুণ এই প্রার্থনা করিতেছি। কোনও খবর না পাইয়া সকলেই বিশেষ উদ্বিগ্ন।

নিতাই ও দাদা বিশুদ্ধার এত বড় অসুখে বিশেষ চিন্তিত ও দুঃখিত তাই হয়ত বিশুদ্ধার এত বড় অসুখের কোন খবরই মাকে দেন নাই। অসুখের খবর গোপালই প্রথম দিয়াছে তারপর তুমিও দিয়াছ। তোমাদের মনের অবস্থা ও আমরা খুব বুঝিতেছি কিন্তু কি করিব ভগবানের বিধান ত অলঙ্ঘনীয়।

মা বলেন " ভগবানকেই স্মরণ জপ, ধ্যান-সব সেবাই ভগবৎ বুদ্ধিতে।"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
দাদা ও নিতাইকে ইহা জানাইও। তোমরা ভালবাসা জানিও। আর কি লিখিব। তোমার শরীর ভাল ত ? নিতাইরা সকলে কেমন আছে?

ইতি

দিদি গুরুপ্রিয়া

৩৩

দেরাদুন

২৭.২.৭২

ভাই নিতাই,

তোমার চিঠির উত্তর মা দিতে দেন নাই। বলিয়া ছিলেন-বিশুদ্ধার চিঠির জবাব আসুক তবে দেখা যাক। কাশীর আশ্রমের মেয়েদের নিকট হইতে খবর নেওয়া হয়। মার সঙ্গে পদ্মনাভ, দক্ষিণ ভ্রমণ করিতে পারে নাই। সব মেয়েরা করিল, সেই সব দুঃখে দুঃখিত ইহা নিশ্চিত। তোমরা সকলেই দেখিয়াছ মন খুব খারাপ। এই ভয়ানক অসুখ। এখন ভগবান জানেন। এইখানে অনেকেই প্রায় রাতদিন কেবল বিশুদ্ধা বিশুদ্ধা ,বড়ই দুঃখের। সকলেরই ভগবানের কাছে প্রার্থনা সুস্থ খবর যেন শুনি। আজ অখন্ড রামায়ণ চলিতেছে। জপ ত পূর্ব্বেই আরম্ভ হইয়াছে। আজ ভোর হইতে ফোন নিয়া লোক বসা। কোন খবরই পাইতেছি না। মা জানেন কি খবর আসিবে। সকলে ভালবাসা জানিও। তোমাদের মনের কি অবস্থা আমরা সহজেই অনুমান করিতে পারিতেছি। আমাদের মনের অবস্থা জানাইবার ভাষা নাই। ভগবানের কাছে উহার প্রাণ ভিক্ষা করি।

ইতি

দিদি গুরুপ্রিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রীতিভাজনেষু

প্রিয় গোপাল

এইমাত্র তোমার তার পাইলাম। বিশুদ্ধার জন্য সকলেই চিন্তিত ও দুঃখিত। কেমন থাকে সর্ব্বদা খবর দিও। যদি দরকার মনে কর তবে বিশুদ্ধাকে কেবিনে রাখার ব্যবস্থা করিও। খরচ যাহা লাগে আমি দিব। মার শরীর বিশেষ ভাল না। ২৬শে ভাগবৎ সপ্তাহ শেষ হবে। ২ তাঃ মা কাশী রওনা হবেন। মার্চ মাসটা কাশীতেই থাকার কথা। সকলে ভালবাসা জানিবে , তোমার মা বৌদি ও দাদা কেমন আছেন?

ইতি

পরমানন্দ

৩৫

শ্রদ্ধাস্পদেষু,

দাদা, ভাই নিতাই। হঠাৎ বিশুদ্ধার এত ভয়ানক অসুখের কথা শুনিলাম। খবর পাইয়া অবধি আমরা সকলে খুবই চিন্তিত আছি। গোপালের টেলিগ্রাম পাইয়াই এখান হইতে মা ফোন করাইয়া ছিলেন। গোপাল ফোনে সব খবর বলিল। কাল পানু আসিয়াছিল সেও নিজেই বিশুদ্ধাকে দেখিয়া আসিযাছে। যাহা শুনিলাম তাহাতে আমাদের সকলেরই মন বড় খারাপ। ভাল খবর আসুক মার চরণে এই প্রার্থনা। ভগবান সুস্থ করুন তাঁর চরণে এই প্রার্থনা করিতেছি। মা বলিলেন "ভাল চিকিৎসা ও ভগবৎ চরণ স্মরণ সর্ব্বক্ষণ চেষ্টা"। এখানে বিশুদ্ধার জন্য জপ আরম্ভ করান হইল। নিতাই ভাই তুমি সর্ব্বদা একটু উহার খবর দিও। আমাদের কাছে ত এত বছর ছিল মার কৃপায় এই রকমটা হয় নাই। কি করা কাহারও কোন হাত নাই,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
ভগবানেরই সব বিধান। এতদিন আমাদের কাছে নিজের সুন্দরভাবে ছিল। মা বারবার বলেন বিশুদ্ধার সেবার গুণের কথা। আমাদের কেমনটা বুঝাইতে পারিব না। তোমাদের কথা ত বুঝিতেছি। কলিকাতায় তোমাদের ঠিকানা জানিনা তাই গোপালের ঠিকানায় চিঠি দিলাম। সকলে ভালবাসা লও। শীঘ্র চিঠির উত্তর দিও।

ইতি

দিদি গুরুপ্রিয়া

৩৬

২৭.৩.৭২

গোপাল নিতাই ছবি

"বিশুদ্ধা কলিকাতায়- মা উহার এতো গুরতর ভয়াবহ কষ্ট শুনিয়া দেখিতে আসিলেন। মা বলিলেন- "ভগবান সর্ব্বময় - তাঁহাকেই সর্ব্ব অবস্থায় স্মরণ - কেবল ভগবৎ বুদ্ধিতে জপ করিতে করিতে সেবা করা।"

৩৭ নিউদিল্লী

২৯.৩.৭২

গোপালদা,

মা আজ দিল্লীতে পৌঁছলেন। নিতাই ও বিশুদ্ধার বাবার সঙ্গে দেখা হল না। মা হয়তো খেয়াল হলে কিছু বলতেন- যা হবার। বিশুদ্ধার এই শরীরে আবার অপারেশন শুনে মা দেখতে গিয়েছিলেন। আমরা সকলেও বেশ মন খারাপ নিয়ে গিয়েছিলাম। বিশুদ্ধাকে চলতে দেখে আর আপনার মুখে ডাক্তারের কথা যা বললেন অপারেশনের risk নিতে হয়তো পারে- ইহাতে ও একটু মন আশান্বিত হলো। মা গম্ভীর ভাবে ছিলেন। ওকে দেখে একটু প্রসন্নও দেখলাম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এখন কি করবেন ঠিক হলো, সকলের কি মত? অপারেশন না হলে ছেড়ে দেবে বলেছিলেন কি হলো, সব জানাবেন। ভাল আছে শুনলে সকলের আনন্দ ও নিশ্চিন্ততা। মা ৭ই অবধি বৃন্দাবন, ৮ই কনখল, কাল কুরুক্ষেত্রে ও পরে গাজিয়াবাদ হয়ে বৃন্দাবন। দিল্লীতে খবর দেবেন।

চিত্রা

৩৮ গাজিয়াবাদ

৩.৪.৭২

বিশুদ্ধা,

"সর্ব্বক্রিয়া রূপ অরূপে ভগবানই একমাত্র মনে রাখার সর্ব্বক্ষণ চেষ্টা। ভগবানের বিধান মানিয়া তাঁহার চরণে মনটা রাখা। সর্ব্বক্ষণ ভগবৎ স্মরণের চেষ্টা।" মা যা বল্লেন লিখলাম।

চিত্রাদি

৩৯ কনখল

৯.৪.৭২

বিশুদ্ধা

তুমি আমার গুরুবোন। আমি সন্ন্যাস নিয়াছি, নাম দয়ানন্দ। তোমার এত কষ্টের অসুখ শুনিয়া মনে বড় দুঃখ পাইলাম। ভাল অপারেশন হইয়াছে গোপালদার পত্রে খবর পাইয়া নিশ্চিন্ত হইলাম। তুমি ৩ বার অপারেশনের কষ্ট পাইলে এবার একেবারে ভাল হইয়া যাও। এই মার শ্রীচরণে প্রার্থনা। মা গোপালদাকে যা জানাইলেন তোমার বিষয় তাহা তুমি করিও।মা আরও বলিলেন "পরে পুণায় স্বাস্থ্য আরও ভালোর জন্য বেশিদিন থাকিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
শরীর ঝরঝরে করে নেওয়া।" মায়ের খেয়াল ছিল পরীক্ষার পরে তোমায় ঐখানে রাখেন। আমাদের গুরু ভাইরা ভাল ভাল ডাক্তাররা আছেন। কেশবানন্দের অপারেশন পুণায় হইয়াছে, বিলাত ফেরৎ ডাক্তারের দ্বারা। "হোমিওপ্যাথিক চিকিৎসায় ভাল যদি হয় আশা ছিল। এখন তো ভগবান অ্যালোপ্যাথিক দিক দিলেন। ভগবানই ত সব করেন, করান। সেই ভগবানকে সর্ব্বদাই স্মরণ শরণ সকলেরই।"

তোমাকে যদি সুবিধা হয় গোপালপ্রিয়ার সঙ্গে রাখিবেন। এখন মার সেবা করে, ভাল মেয়ে স্থির শান্ত হাসিমুখে নিয়মিত সেবা করে কাহারো কথায় থাকেনা। নিজপূজা যুগল বিগ্রহ। পুনায় কীর্ত্তন হল, মন্দির, মেয়েরা মাসে নিয়মিত দিনে কীর্ত্তন জপ ধ্যান আসিয়া করে। তোমার ভালই লাগিবে। যদি পড়াতে চাও ভাল হইয়া-খুব বড় হইয়া গিয়াছে পান্থজীর কলেজ, সেইখানে কাজ করিতে পারিবে। তুমি স্বাধীন ভাবে বাবাকে নিয়া বাড়ী করিয়া সকলেরই সেবা করিবে নিজ ইচ্ছামত । কাজ করিয়া খরচ করিলে কোন বাধ্যবাধকতা থাকিবেনা। নিজ আশ্রম মায়ের যোগাযোগ ও থাকিল তোমার ভালই লাগিবে। তুমি এখন কেমন আছ? শরীরের খবর দিয়া কনখলে আমায় চিঠি দিবে। "ভগবান করুনাময়, শান্তিময়, মা বলেন- ভগবান লাভই লক্ষ্য। সেবায় চিত্ত শুদ্ধ, যথা শক্তি সেবা যে ভাবেই হোক জনজনার্দ্দনের।" আমি এখন কনখলে থাকি, যখন মার খেয়াল হয় তাঁহার কাছে নিয়া আসেন। কাল মা কাশী যাইতেছেন। গিরিজীর ১৪ তাঃ সন্ন্যাস উৎসব উপলক্ষ্যে। পরে কোথায় যাইবেন জানিনা।

নারায়ণ স্বামিজীর প্রায় ৪ ঘন্টা অপারেশন হইয়াছে, জ্ঞান ফিরিবার পর নিজ হাতে মাকে চিঠি দিয়াছেন। দিদি বম্বেতে একটু ভাল আছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভালবাসা নিও।

ইতি

দয়ানন্দ

দিল্লী

৪০

১৩.৫.৭২

গোপালদা ,

গতকাল বিশুদ্ধার খবর সহ আপনার চিঠি পেয়ে মাকে শুনিয়েছি। মার কথানুযায়ী বিশুদ্ধার জন্য ১০০০/- টাকা T.M.O. করে পাঠিয়েছি আপনার কাছে। এখানে মা ও আমি ছাড়া কেউ জানেনা। মার খেয়াল অক্ষয় তৃতীয়া থেকে বিশুদ্ধা মায়ের ব্যবস্থায় থাকে। তার যা কিছু খরচ যাবতীয় সব ১৫ই থেকে মার কাছ থেকে নেওয়া। বিশুদ্ধাকে বিস্তারিত চিঠি মা লিখিয়েছেন। আশা করি মার এই বিশেষ খেয়াল সবাই মেনে নেবে। সে যেখানেই থাকুক এই ব্যবস্থায় থাকা।

মা আপনার মার বিষয় শুনে লিখলেন- "ভগবান কতরূপে সেবা নেন- মার আজ এই রূপ, ভগবৎ বুদ্ধিতে সেবা করিয়া যাওয়া।" বিশুদ্ধার মাথা ধরা কমেছে কি? ডাক্তার কি বলে? দাসজী ১০৮ কোটি জপ শেষ করে এখানে এসেছে।

চিত্রা

কলিকাতা

৪১

১৫.৫.৭২

শ্রদ্ধেয়া দিদি,

মাতৃ নির্দেশে বিশুদ্ধার জন্য প্রেরিত ১০০০/- টাকা গোপালদা আমাকে দিতে আসিয়াছিলেন।

ভিক্ষান্ন বড় শুদ্ধ অন্ন, বড় দুর্লভ অন্ন। কিন্তু ভিক্ষান্ন খাইয়া যে পরিমাণে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
সাধন ভজন করা আবশ্যক শ্রীমতীর শরীরে অধুনা সেই সামর্থ্য নাই। অতএব আমি এই অর্থ ফেরৎ পাঠাইলাম। শ্রীশ্রীমায়ের কৃপা দৃষ্টি থাকিলেই সব ব্যবস্থা হইয়া যাইবে বিশ্বাস করি। মা যেন আমাকে ক্ষমা করেন। মায়ের শ্রীচরণে আমার ভক্তি পূর্ণ প্রণাম নিবেদন করি।

শ্রদ্ধা জ্ঞাপনার্থে

নগেন্দ্রনাথ।

৪২ বম্বে

১২.৬.৭২

স্নেহের বিশুদ্ধা

মা তোমার পত্র শুনেছেন। মা বল্লেন - বিশুদ্ধাকে চিঠি দাও। তোমার চিঠিতে সকলেই আনন্দিত। এত কষ্টের পর ভগবানের অহৈতুকি কৃপায় তুমি হাসপাতাল থেকে ছুটি পেয়েছ। কেমন থাকো সর্ব্বদা চিঠি দিয়ে জানিও। একেবারে সুস্থ বোধ করছো ত? এই রকম নিজ হাতে চিঠি লিখ। একেবারে সুস্থ হয়ে মার কাছে আসো-সকলেই আনন্দিত হবে।

অনেক ত মান অভিমানের লীলা হলো। এইবার এইসব ছেড়ে আশ্রমে চলে আসো। সারা জীবন আশ্রমে কাটিয়ে এখন কি ওখানে শান্তি পাবে আশা করতে পার? মা যখন চাইছেন চলে আসাই ভাল। তোমার বাবাকে বলো তাঁর পোষ্ট কার্ড পেয়েছি।আগে যে উনি পত্র দিয়েছিলেন উৎসবের কাজে ব্যস্ত ছিলাম বলে চিত্রাকে পাঠিয়েছিলাম মাকে শুনাতে। সে বল্লো ও চিঠি সে পায় নাই। কি লিখেছিলেন যদি মনে করেন তবে পুনার ঠিকানায় লিখে পাঠাতে পারেন। তুমি কবে পর্যন্ত্য আসতে পারবে জানিও। প্রয়োজন হলে গিয়ে নিয়ে আসবো। তোমরা সকলে আমার ভালবাসা জেনো। পুণার ঠিকানায় চিঠির উত্তর দিও।

ইতি

স্বামী পরমানন্দ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পুণা
৩০.৬.৭২

বিশুদ্ধা
তোমার চিঠি পাইয়া সুখী হইলাম। মা তোমার চিঠি শুনিয়া বলিলেন - "বিশুদ্ধাকে চিঠি দেও।" মা জিজ্ঞাসা করিলেন তোমার দুর্বলতা কমিতেছে কিনা? তুমি ভাল আছ, সুস্থ আছ শুনিলেই আমরা সুখী ও নিশ্চিন্ত।
চিত্রা, পুষ্প গঙ্গোত্রী, গোমুখ, যমুনোত্রী ঘুরিয়া আসিয়া উত্তর কাশীতে আছে। বেশ সুন্দর তপস্যার স্থান। গঙ্গার তটেই ভাল থাকিবার স্থান। নিতাই (বসু মল্লিক) ঠিক করিয়া দিয়াছে। তাহারা ওখানে বেশ আনন্দে প্রোগ্রাম বাঁধিয়া নিয়াছে লিখিয়াছে। আমেরিকা ফেরত শিক্ষিত মেয়েরা আশ্রমবাসী হইয়া প্রশংসা প্রতিষ্ঠা অর্থোপার্জনের লালসা ছাড়িয়া ভগবৎ সাধনের চেষ্টা শুনিয়া শান্তি। চন্দনও উত্তর কাশীতে কয়েক মাস থাকিয়া খুবই আনন্দ পাইয়াছে। আসিবার ইচ্ছা ছিল না। মা-ই আনিয়া পৈতা আছে তাই শিব, গোপাল, গনেশ পূজা এবং জপাদিতে নিযুক্ত করিয়াছেন। সে তাই নিয়াই সেখানে বেশ আনন্দে আছে। কন্যাপীঠের সেবার কাজ ছাড়িয়া দিয়াছে। ঠাকুর সেবায় আছে।
এখানে বেশ একটু ঠান্ডা আছে। মার কবে ওদিকে যাওয়া হয় কিছুই ঠিক নাই, শরীর ত ভাল নয়। মালা ও গৌরীকে চিকিৎসার জন্য বম্বে আনা হইয়াছিল, এখন স্বাস্থের জন্য এখানে আনা হইয়াছে। তাহাদের শরীর ভাল নয়। ভালবাসা নিও।

স্বামী পরমানন্দ

৪৪

স্নেহের বিশুদ্ধা
মা তোমার চিঠি শুনিয়াছেন, বলিলেন-চিঠি দেও। তোমার চিঠি পাইয়া সুখী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইলাম। কিন্তু তোমার শরীর আবার এত খারাপ শুনিয়া মনটা খারাপ হইয়া গেল। এখন কেমন আছ? জ্বর আছে নাকি? ডাক্তার কি বলে , কাশি কমিয়াছে কি? ভাল চ্যবনপ্রাশ বৈদ্যদের নিকট হইতে ভাল করিয়া তৈয়ার করিয়া আনাইয়া খাইলে কেমন হয়? ডাক্তারদের জিজ্ঞাসা করিও, আমার ত কফ কাশি খুবই হয় জান। এখন চ্যবনপ্রাশ খাইতে আরম্ভ করিয়াছি ভালই আছি। লিভারের ঔষধ ডাক্তার নিশ্চয়ই দিয়াছেন। কেমন আছ ? মাথাধরা কেন হয় ডাক্তার কি বলে? বিস্তারিত তোমার অবস্থা সব জানাইও। আমারও লিভারের অবস্থা জানই। মাকে নিয়া বাঁচিয়া থাকিতে হইবে তাই বাঁচিয়া আছি। মা বলেন- "ভগবানকে সর্ব্বক্ষণ স্মরণ চেষ্টা।" তোমার বাবার কাছে বড় চিঠি দিয়াছি। চোখে ভাল দেখিনা, ধীরে ধীরে লিখিতে হয় আর উৎসবাদিতে ব্যস্ত থাকায় বাবাকে চিঠি দিতে দেরী হইয়াছে।

ভালবাসা নিও

ইতি দাদাভাই

৪৫ পুণা

২৭.৮.৭২

স্নেহের বিশুদ্ধা,

আশাকরি ভাল আছ। আমি ২৫শে জুলাই উত্তর কাশীতে একমাস একান্ত বাস করে দেরাদুনে নামি। গঙ্গোত্রী, যমুনোত্রী, গোমুখ ভালমতন ঘুরে এসেছি। মা ডেকে পাঠান তাই ১৯শে আগস্ট এখানে এসেছি। অন্য মেয়েদের মা গুরু পূর্ণিমার পর দেরাদুন পাঠান। ঝুলন খুব সুন্দর মতন হলো। মা পুণা ও বম্বেবাসীদের কৃপা করে এই শরীর নিয়েও খুব আনন্দ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দিলেন। চন্দন কাঠের সিংহাসনে বসেছেন কৃষ্ণ, বড় অষ্টধাতুর পাতিয়ালার গোপাল তার মধ্যে চন্দন কাঠের ঝোলা ঝোলানো। পাশে আমাদের ফুল ফল সাজানো আরেক ঝোলা। শেষদিন মন্ডীর রাণী মাকে বিরাট ঝোলায় বসান।

৩১শের পর মা কোথায় যাবেন বলছেন না। গতকাল মা আমাকে ডেকে বললেন- "বিশুদ্ধাতো এই শরীরকে রাখী পাঠাতো- বিশুদ্ধাকে একটা রাখী পাঠিয়ে দিও।"

ভালবাসা নিও।

চিত্রাদি

৪৬

বিশুদ্ধাদি,

তোমার চিঠি মা শুনেছেন। মা বল্লেন- " তোমার শরীর যাতে সুস্থ সুরক্ষিত থাকে, সেই দিক ধারায় চিকিৎসা হওয়া। এত দূর আর এই সংযম ব্রত যে পরস্থিতিতে, যে স্থানে– যদিও নর্মদা তট, তোমার যাওয়া হবে কিনা, ডাক্তার কি বলবে - এ কথা লিখতে গেলেও কি রকম, তাই ডাক্তার যা বলে তাই তো করা। বারবার তোমার অসুস্থতা, তোমার কষ্ট, এই সবটায় লেখারও যেন কিছু আসেনা। সারা জীবনই প্রায় শরীরে কষ্ট, কী অটুট ধৈর্য, হাসি মুখ দেখা গেলে ধরা দেয়।"

ভালবাসা নিও

রীণা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কনখল

১৬. ৯. ৭২

স্নেহের বিশুদ্ধা,

পুণা থেকে আমরা কয়জন বম্বেতে ৪/৫ সেপ্টেম্বর থেকে মার সঙ্গে রাজভবন আমেদাবাদে যাই। অমলা বলে সেই গুজরাটি মেয়েটি এখন আমেদাবাদে Govt. শ্রীমন্নারায়ণের পুত্রবধু। Mrs. Govt. হচ্ছেন যমুনালাল বাজাজের মেয়ে মদালসা। আমেদাবাদে Govt. House এ মা দেড়দিন ছিলেন বটে তবে কীর্ত্তনে সবাইকে মাতোয়ারা করে দিয়ে এসেছেন। "জগৎগুরু শরণং মম নমো নমো"।

আমেদাবাদ থেকে ৬ ঘন্টার জন্য জয়পুরে যান দিদিমার মূর্ত্তি দেখতে। তারপর দিল্লী বৃন্দাবন হয়ে এখানে আসেন ১১ই। দেরাদুনে ১১ই ৪ ঘন্টা কাটিয়ে সেই দিন সন্ধ্যাতেই কনখলে ফেরেন। মার বিশ্রাম হচ্ছে তবে ক্রমান্বয়ে বৃষ্টির জন্য সর্দ্দি কাশি আছেই। ১৮ই কাশী রওনা হচ্ছেন। আমরা ২৭শে দেরাদুন থেকে সোজা নৈমিষারণ্য যাবো। মার সঙ্গে নির্ম্মল, পানুদা, ভক্তিদি, উদাস, অনুসূয়া, গীতা যাচ্ছে। পুষ্পর মা খুব অসুস্থ ও যাবে মনে হয়।

তোমার পুণায় লেখা p.c. গতকাল পেয়ে মাকে শুনিয়েছি, মা বল্লেন- বিশুদ্ধাকে চিঠি দাও, " বিশুদ্ধা যেন ভিখারীকে এই চিঠি লেখার ভিক্ষাটুকু মাঝে মাঝে দেয়। মাথা ধরা, আঙুলের যন্ত্রণা, লিভার বড় - ডাক্তারী - ওষুধ তো হচ্ছেই ডাক্তার কি বলে? কেন কমছে না? কারণ কি? মা খেয়াল করছিলেন- এখন তো অনেকদিন হয়ে গেছে। দুর্গাপূজা ও সংযমে ডাক্তার আসতে বল্লে মা বলেন- বিশুদ্ধাকে আসতে লেখো- ডাক্তারের মতামত পত্র পাঠ মাকে কাশীর ঠিকানায় জানাও। দুর্গাপূজা নৈমিষারণ্যে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
এই দিকের জলবায়ু শীতে খুব ভাল। কনখলে গিরিজীর স্থান, থাকবার একান্তে সুব্যবস্থাও আছে। মহেশ্বরানন্দজীর আশ্রমের হলে এবছর ১৩ই নভেম্বর হতে সংযম হবে। মা কনখলে থাকবেন। তুমি যদি আসো কনখল আশ্রমে বিশ্রামে থাকলে যখন ইচ্ছা সংযমে যোগ দিলে। কি ঠিক করলে জানাও।"

এই চিঠি লেখানোর পরেই তোমার দ্বিতীয় চিঠি প্রসাদ পেয়ে লেখা পেলাম। মা শুনলেন, বল্লেন - "অন্তর্জগতের নিত্য যা আছে তো আছেই - বহির্জগতের ব্যবহার রূপ ভিক্ষাটুকুর মা প্রার্থী। কিছু বিপরীত হয়নি । এখনই - সুপরীত– করতে পারে। ভগবানের রাজ্যে বিপরীত হতে দেওয়া কেনো? কর্ম্মই প্রবল তোমার এই কথায় মার খেয়ালে যা এলো লেখালেন।

"নিজের ইচ্ছা অনিচ্ছার ভেতরে মানুষের পূর্ব্ব পূর্ব্ব কর্ম্মানুসার বিপরীত নিয়ে যেতে চায় -টানাটানি সকলকেই করে। তবুও জীবেরও একটু স্বতন্ত্র ইচ্ছাশক্তি ক্রিয়া করে, ভালমন্দ বিচার বুদ্ধিতে-শাস্ত্রেও আছে, এইটি বিশেষ মনে রাখা মানুষের কর্ত্তব্য। যদি ভাগ্যে কোনো শুভ যোগাযোগ ভগবান দেন সেই স্থলে ঐ যে স্বতন্ত্রটুকু ধৈর্যের আশ্রয়ে তপস্যা জ্ঞানে গত কর্ম্ম ক্ষয় মনে করা। সেই ভগবৎ পরিবেশের যাত্রায় ঠিক ঠিক সত্যলক্ষ্যের স্থিতিতে থাকিয়া সাধক যদি চলে তবেই নিত্যনতুন অনুভব গতিতে মহা যাত্রায় মহৎ তত্ত্ব স্পর্শ নিশ্চয় আশা। আশ্রম বাস- মহা যাত্রার পথেই তো বিশুদ্ধা এত বৎসর। বাসনার পথে গত কর্ম্মের বাধাবিঘ্ন বড় আসে - সাবধানে থাকিতে হয়। মোহ সূত্র সৃষ্টি আশঙ্কা যেখানে, সে পথে তো কখনো যাইতেই নাই। বুদ্ধি যোগে শক্ত থাকাই মানুষের কর্তব্য।"

"তোমার মনটা যখন কাঁদে কান্না দুঃখের ভাব- এটা মা জানেনই তো -

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেখেনই। নিজেই নিজের মনকে বুঝাইয়া আবার লও - এই ভাবে থাকিতেই হইবে। কত কি আরো ভাবো ইহাও মা দেখেন, জানেন। তোমার কাছে তো মা আছেনই।"

বাবার চিঠি বড় হওয়ায় পড়ে বাবার চিন্তায় শরীর খারাপ হয়, - মা বল্লেন- ভবিষ্যতে দিদিকে অত বড় চিঠি দিতে মানা করা হবে। মা জিজ্ঞাসা করলেন " বাবা কেমন আছে?

বাবাকে নিয়েও তো আসতে পার।"

ভালবাসা নিও

চিত্রাদি

৪৮ বম্বে

২২.২.৭৩

স্নেহের বিশুদ্ধা ,

তোমার ২৯শের চিঠি মা শুনেছেন। আমরা মার সঙ্গে তিন দিন মহাবালেশ্বরে খুব আনন্দ করে আজ অনুসূয়ার নতুন দোতলা বাড়ীতে এলাম, ২৪শে অবধি এখানে। তারপর ভাবনগর হয়ে শিবরাত্রি উপলক্ষ্যে কনখল যাবেন। মা বল্লেন, "বিশুদ্ধাকে চিঠি দাও। আবার পেটের গোলমাল কেমন আছে? বাবার শরীর কেমন আছে? তোমাদের অসুস্থতার খবরই কেবল পাওয়া যায়। সুস্থ খবর পেলে সবারই ভাল লাগে। ইচ্ছাময়ের যা ইচ্ছা। কী আর করা? এ শরীরের সবসময় ভাল জায়গায় এলে তোমাদের কথা খেয়াল হয়। একটু সময় সেদিন কাশীতে দেখা হয়ে খুব আনন্দ।"

ভাল থেকো

চিত্রাদি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৯

পুণা

৬.৩.৭৩

স্নেহের বিশুদ্ধা,

আমি কাল তোমার চিঠিখানি পাইয়া সব অবগত হইলাম। তোমার কোনো চিঠিই আমি পাই নাই যাহার জবাব দেওয়া হয় নাই। যাক্ তোমার শরীর এখনো ভাল যাইতেছে না। এত চিকিৎসা হইল, জানিয়া দুঃখিত হইলাম। কেমন থাক অবশ্য মধ্যে মধ্যে খবর দিও। তোমার জন্য আমারও মনটা খারাপ লাগে। কিন্তু কাহারও কোনো হাত নাই । আমারও এবার খুবই খারাপ অবস্থা হইয়াছিল। মার কাছেই সব শুনিয়াছ। এখনও শরীর বেশ দুর্বল চিঠি লিখাও একটু কষ্টকর। তোমার বাবা ভাল হইয়াছেন জানিয়া সুখী হইলাম। আমার কাছে মা তুলসী, সুভদ্রা, নার্স ও অরুণাকে রাখিয়া গিয়াছেন। ব্রহ্মচারীও দুইজন আছে। একটু একটু হাঁটি বেশী পারিনা। মার কাছে কবে যাইব জানিনা। বেলু আমার বেশী অসুখের সময় আসিয়া সেবা করিয়া গিযাছে। সকলে ভালবাসা জানিও।

ইতি

দাদাভাই

৫০

কনখল

১৮.৭.৭৩

স্নেহের বিশুদ্ধা,

তোমার চিঠি পেয়ে খুবই আনন্দ হল। মাকে বলেছি-মা বল্লেন - "ওকে লিখে দিস শরীর যেন ভাল রাখে ডাক্তারের আদেশ অনুসারে ঔষধ খেয়ে-যাতে পূজায় আসতে পারে।"

তোমাকে খুব দেখতে ইচ্ছা হয়, অতি অবশ্যই এসো। মার দয়ায় ভালই থাকবে। এখানে বিলাত ফেরৎ ডাক্তার আছে। তোমার কোন ভয় নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৩ তাঃ মা কোথায় গেলেন জানিনা। সাতদিন পরে আসবেন। গিরিজীর উৎসব ৫ তারিখে।

তুমি ভাল থাক, থাক, থাক। প্রসাদ পাঠালাম। ভালবাসা জানবে।

ইতি

দয়ানন্দ

৫১ কনখল

৭.৮.৭৩.

স্নেহের বিশুদ্ধা,

তোমার চিঠি গতকাল পাইয়া বড়ই আনন্দিত হইলাম। তোমার কথা সর্ব্বদাই মনে হয় এবং বড়ই দেখিতে ইচ্ছা করে। কিন্তু তাহা আর হইয়া উঠেনা। এবার আশা করিতেছি পূজার সময় দর্শন পাইব যদি মাতৃদেবীর কৃপা হয়। মায়ের শ্রীচরণে প্রার্থনা করি তুমি সুস্থ থাক আর মার কাছে এসো তবেই ত দর্শন। আশায় যেন বঞ্চিত না হই।

মা এখনো রাঁচীতে আছেন। ইহার পূর্ব্বে বম্বে, পুণা ও রাজগিরে ছিলেন। ঐখানে ঝুলন এবং দিল্লীতে জন্মাষ্টমী হইবে বোধহয়। ঠিক বলিতে পারিতেছি না । মেয়েরা এখান হইতে ঝুলন উপলক্ষে মার কাছে গেল। মার শরীর ভাল যাইতেছে না। যমুনা, বিল্লোজী, দাসু মার সঙ্গে আছে। তোমার শরীর ভাল রাখ- আসা চাই-ই। বর্তমানে কেমন আছ? ছবির শরীর কেমন ?

তোমরা আমার আদর ও ভালবাসা জানিবে। একবার আসিয়া গুরুর স্থান দেখিয়া যাও ।

ইতি

দয়ানন্দ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫২

পুনা
১৯.৮.৭৩

স্নেহের বিশুদ্ধা,
তোমার প্রেরিত রাখী তুলসী আমাকে পরাইয়া দিয়াছে। পাইয়া খুবই সুখী হইলাম। কাশীর কন্যাপীঠ হইতে প্রেরিত রাখী ও তোমার রাখী যত্ন করিয়া বাক্সে রাখিয়া দিলাম। তোমার শরীর কেমন আছে?
ডাক্তার কি বলে ? পূজায় আসিবে বলিয়াছিলে আসিতে পারিবে কিনা? সব লিখিও। দুইবার আসিলে আমার সঙ্গে ত দেখাই হইল না। অনেক দিন হইল তোমাকে দেখিনা। আমি এখন ভালই আছি। পূজার পূর্বে হরিদ্বার যাওয়ার কথা মা বলিয়া গিয়াছেন। বাবা ও ভাই বৌ ও বাচ্চাদের ভালবাসা দিও।

ইতি
দাদাভাই

৫৩

কনখল
৩০.৮.৭৩

বিশুদ্ধা
মা বললেন - "তোমার চিঠি পাওয়া গেছে। অসুস্থ কারণে এই সময় এখানে না,ভগবানের বিধানই সব। উপস্থিত সুস্থ আছ - ইহাই সকলের আনন্দের। বাড়ীর কাহারও কাহারও শরীর সুস্থ না। ভাল চিকিৎসায় সুস্থ তো হওয়াই।"
" তোমার শরীর কেমন থাকে- সর্ব্বদা চিঠি দেওয়া। মনটা ভগবানের চরণে রাখার চেষ্টা সব সময় হওয়াই। তোমার সুস্থ খবর সকলেই চায়।"
মা যা বললেন লিখলাম, ভালবাসা জানবে।

ইতি
পারুলদি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাচী

১১.৯.৭৩

ভাই বিশুদ্ধা,

মা তোমাকে জানাতে বল্লেন- "যদি কোন আকস্মিক বাধা না থাকে তাহলে ছবি ও তুমি ঝুলনের পূর্ণিমার রাতে সেই সময়ের মুহূর্ত্তে যার উপরে পূজা করো - করতে পারো।" এখানে ঝুলন উৎসব সুন্দর মতন হচ্ছে। তোমার রাখী মার হাতে বাঁধবো পূর্ণিমাতে।

সন্ধ্যেবেলা ভাস্করদা পূজা করেন। মাকে রঙ্গন ফুলের সাজে সাজাই। মার mood খুব ভাল। সকালে রোজই ১০-১২ জনের দীক্ষা হয়। তারপর হলে বসেন। নিতাই ত বেশ মাকে পাচ্ছে। তুমি এলে খুব ভাল হতো। গঙ্গা, প্রমীলা কৃপাল ছাড়া বড় মেয়েরা সবই এসেছে। দিল্লীতে জন্মাষ্টমী হবে। তারপর কোথায় জানিনা। যমুনা মার খাওয়ার দিকটা সবটা করছে। বিল্লোজীর জ্বর হওয়াতে পুষ্প এদিকটা করছে। শিবানীদি ষোড়শীদি ভোগেরটা করছে।

তোমাকে শুনলাম মা রাজগীর থেকে তন্ময়দা লিখিত চিঠি দিয়েছিলেন, পেয়েছো কী?

তোমার শরীর একটু ভাল শুনে মা বল্লেন- "সকলের ভাল লাগছে। বাবার শরীর কেমন আছে? বাড়ীর সবাই ভাল আছে ত?" উত্তর দিল্লীতে দিও। মা আরো বল্লেন- "পূজায় যাতে তুমি আসতে পারো, ডাক্তারের মত নিয়ে তৈরী থেকো।"

ভাল থেকো। ভালবাসা নিও।

চিত্রাদি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিমসার

১০.১.৭৪

বিশুদ্ধা,

মা তোমাকে চিঠি লিখতে বললেন-"অনেকদিন বিশুদ্ধার কোন খবর পাওয়া যাচ্ছিল না, চিঠি লেখাবার খেয়াল, এরই মধ্যে ছবির চিঠিতে অসুস্থতার খবরে আবার চিন্তার কারণ।" ডাকের গোলমালে ছবির চিঠিও দেরীতে পাওয়া গেল। কি অসুস্থতা লিখতে পারলে যেন লেখে, না পারলে ছবি যেন বিস্তারিত জানায়। যাহারাই বারবার এই কষ্টের কথা শোনে দুঃখিত হয়।"

মা খেয়াল করছিলেন শরীর সুস্থ থাকলে ছবির সঙ্গে কাশীতে। সেসব কিছুই হ'তে পারছেনা। ডাক্তার কি বলে? শরীরের বিষয়টা বিশুদ্ধা যেন মাকে জানায়।

বাবা ভাইরা - বাড়ীর সকলে কেমন আছে? মা জিজ্ঞাসা করলেন।

মা কাশী থেকে 18th অজ্ঞাতবাসে নৈনী স্বদেশী মিল গেস্ট হাউসে যান। ২৬শে বিন্ধ্যাচলে এসে ২৮শে কাশী যেয়ে হরীশদার বাড়ী দুই রাত্রি থাকেন। ১ দিন আশ্রমে ভোগ হয়। ৩০শে রওনা হয়ে লক্ষ্ণৌ লীলা সহায়ের বাড়ী একরাত্রি থাকেন। সঙ্গে মেয়েরা কেউ নেই মত। মধুবেন ও এক বুড়ি, ১৫ই আবার অজ্ঞাতবাসে। মায়ের শরীর একরকম। আশাকরি সব ভাল।

প্রীতি শুভেচ্ছাসহ

নির্ব্বাণদা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫৬ নববর্ষ

১৯৭৪

মা বল্লেন- "সবই ভগবানের বিধান 'ভগবান যেরূপে যখন প্রকাশ হন- তাঁকেই স্মরণ, মনন, নিদিধ্যাসন- নিজেকে তাঁর চরণে সমর্পিত করার চেষ্টা।

এই ভিখারিনী তো যেখান হইতে যে যা ভিক্ষা দেয়, যেরূপ যেখানে প্রকাশ - তিনিই। তাঁহারি সব - জীব জগতে মনোরাজ্যে - গ্রহণের চেষ্টা "

৫৭ কাশীধাম

১৬.১.৭৪

স্নেহের বিশুদ্ধা,

তোমার চিঠি পেয়েছি। তোমার যে কোন অসুখ খুঁজে পায় নাই এটাই সবচেয়ে আশার কথা। ভগবানের কাছে প্রার্থনা করি ক্রমশঃ সুস্থ হয়ে ওঠো। অনেক ভোগ তো হয়েছে এবার ভোগের শেষ হোক্। ক্ষমাদির শরীর আজ ৮-১০ দিন হয় খুবই খারাপ।

শ্রী শ্রীমা আমার বাবার কথা যে কদিন এখানে ছিলেন সমানেই বলতেন। মা বলেছেন-' বাবার এটা একটা অবস্থাই ছিল । তোমরা কখনো শুনেছো- এতদিন অসুস্থ থেকেও কেউ বলেছে - 'ভাল আছি'?সন্ন্যাসীরা যেমন সংকল্প নিয়ে কুটিয়া অথবা গুহাতে বসে যায়- বাবাও তেমনি বসে গিয়েছিল। তোমরা বলবে ঘরটাতে আলো বাতাস আসতো না- তবে বাবার দিক থেকে এসব কিছুই ছিলনা। লজ্জা , ঘৃণা,ভয় - এই তিন বন্ধন থেকে মুক্ত হয়ে গিয়েছিল, সংকল্প পূর্ণ হয়ে গেল। এ শরীর বাবার কাছেই ছিল। তোমরা বলবে বাইরের দিক থেকে দেখা সাক্ষাৎ তো ছিল না। কিন্তু বিশ্বাস কর আর নাই কর এ শরীর বাবার কাছেই ছিল।'এ জাতীয় অনেক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
কথা মা বলেছেন। আমার কথায় মা বলেছেন- "সতী মার কাছে আছে এতেই বাবা নিশ্চিন্ত ছিল।" বাবা আমাকে বলেছিল-"মা!তুমি সতীকে দেখো।"

মা আমাকে দিল্লী এবং কুম্ভে যেতে বলেছেন। উপস্থিত আমার শরীর মন কোন গোলমাল চাইছে না। আমার মাকে নিয়ে আমার দিদির কাছে যাবো ভাবছি। বাবার কথা সব সময়ই মনে হয়। এতদিন ভুগছিলেন- চলে যাওয়াটাই স্বাভাবিক, কিন্তু আমি একেবারেই এর জন্য প্রস্তুত ছিলাম না। আমাদের সব কিছুর মূলেই বাবা ছিলেন। এখন খুবই একা একা বোধহয়। অথচ বাবা থেকেও তো সব ছেড়েই ছিলেন। পরে হয়তো সবই ঠিক হয়ে যাবে। তোমার বাবাকে সব বলো। উনি বাবাকে খুবই ভালবাসতেন। ভালবাসা ও শুভেচ্ছা জেনো।

ইতি

সতীদি

৫৮

স্নেহের বিশুদ্ধা,

তোমার ৭ তাঃ চিঠি ১৪ই পেলাম। আমি কয়েকবারই ভেবেছি তোমার কথা- কেন কোন চিঠি দিচ্ছ না।

এখানে কানপুর থেকে এসেই প্রচন্ড cold wave পাই। একদম freezing pt. এ reach করে temp. আর বাসুদেবের ঘরের উত্তুরে হাওয়া। যাক্ বেঁচেই আছি। মা কাশী থেকে নৈনী গেছিলেন। ১৮-২৬ তাঃ জয়পুরিয়া mill qrts এ খুব mordern ধর্ম্মশালায় ছিলেন। রাজাবেনকে phone-এ খবর দেওয়ায় সে যায়, তাছাড়া strictly private ছিল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভাস্করদা মায়ের সব কাজ করতেন- রান্না খাওয়ানোর আর এক বুড়ী নুতন কাশী থেকে সঙ্গে নিয়েছিলেন assistant in the kitchen। তাছাড়া মধুবেন ও অজ্ঞাতবাসের full set all boys। যাক্ মা ভালই ছিলেন শুনলাম। অরুণা পান্ডিয়া স্বপ্নে শুনলো মা এলাহাবাদের ৭ মাইলের মধ্যে আছেন। এই শুনে নৈনী জায়গাটা spot করেছে, phone বইতে জয়পুরিয়া rest house দেখে আরো sure হয়ে অমলার স্বামী ওই side-এর A.D.M. তাদের নিয়ে মার দর্শন শেষদিন করে আসে। মা স্বপ্নে ও খবর পেয়েছে বলায় হেসে আকুল। যাক্ ২৬-২৮ শে মা বিন্ধ্যাচলে, ২৮-৩০ শে হরীশদার বাড়ীতে। ২৯শে ১০ ঘন্টা কাশী আশ্রমে ছিলেন। ভাস্করদার ভাই American বৌ নিয়ে দেশে এসে বিরাট্ ভান্ডারা দিল। সেই উপলক্ষে মা আশ্রমে ঘুর্ণা দিলেন ২৯শে। ৩০ শে মা Doon Exp এ লক্ষ্ণৌ নেমে যান। সেখান থেকে অজ্ঞাতবাসে নিমসার। ৩১শে সকালে ভাস্করদা ও পুষ্প এখানে এলো। ওরা বল্লো মা কোথায় যাবেন ঠিক নেই। ১০ তাঃ গৌর এলো চিঠি নিয়ে নিমসার থেকে যে মা ১৩ই আসছেন। সুভদ্রা কাশীতে, ওর মাতৃসঙ্গ শুধু বিঠুরেই দুদিন হয়। তারপরই কাশীতে মা রেখেছেন। সব দেরাদুনের মেয়েদের আসার জন্য মা খবর দিতে বলেছেন। রামভাইর বাড়ীতে মেয়ের বিয়ের জন্য তৈরী বিরাট প্যান্ডেলে অখন্ড রামায়ণ, গ্রন্থ সাহেব, ভাগবৎ পাঠ তিন দিন ধ'রে হ'য়ে ১৩ই শেষ উপলক্ষে মা ও আমরা মেয়েরা ও সাধু ব্রহ্মচারীরা যাই। stage এর ওপর কলার থোড় দিয়ে বিরাট ফণাধরা শেষ নাগ তৈরী ক'রে তার তলায় মাকে বসায়। ১৩তাঃ অবধি মার শরীর ভালই ছিল। পর দিন থেকে শরীর বাড়াবাড়ি খারাপ হলো। সারারাত খুব উৎকন্ঠায় কাটলো। ধীরে ধীরে ঠিক হলেন। ১৫ই সংক্রান্তিতে নূতন তিন তলা বাড়ী প্রবেশ, পদ্মনাভ পূজো ইত্যাদি হলো।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৬ই রাতে মা চলে গেলেন দুন এক্সপ্রেসে, লক্ষ্ণৌ নেমে কোথায় যাবেন জানিনা।

ভালবাসা নিও

চিত্রাদি

৫৯

কনখল

১৯.৪.৭৪

প্রিয় বিশুদ্ধা,

তোমার এবং ছবিদির চিঠি নববর্ষের দিন মাকে শুনিয়েছি। মা তোমায় লিখতে বললেন- বাবা কেমন আছে? অক্ষয় তৃতীয়াতে তো থাকবেই। সাজান গুছানো অনেক কিছু করতে হবে। সেজন্য যদি জিনিষপত্র কিনতে হয়, কিনে আনবে। চিত্রাকে দেখেশুনে ওর হাতের চিঠি নিয়ে আসবে। আবীর প্রসাদ পেয়েছ ত ? পুষ্প বললো- ওকে বলবে মায়ের নিজের হাতে বাঁধা ঐ জিনিষ।

শরীর সুস্থ রাখা ।

২৪শে বীরেণদা যাবেন। তার সঙ্গে কলম কালি দিয়ে দেবো।

মাকে ছুঁইয়ে রেখেছি ।

ভালবাসা জেনো

পারুলদি

৬০

হরিদ্বার

২৬.৭.৭৪

বিশুদ্ধাদি

এইমাত্র তোমার চিঠি পেয়ে মাকে শুনিয়েছি। তোমার আগের চিঠি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দয়ানন্দজী মার কাছে পাঠিয়ে দিয়েছিলেন। কিন্তু সেখান থেকেও মা রওনা হয়ে আসাতে মা পাননি। ছবিদির চিঠি আসেনি, মা চিঠি শুনে বল্লেন- "তোমার হাতের লেখা চিঠির মা অপেক্ষা করছিলেন। তুমি ভালমত চিকিৎসা করিয়ে তাড়াতাড়ি ভাল হয়ে যাও। চট্ পট্ সুস্থ হয়ে রাঁচিতে ভাগবৎ সপ্তাহে এসো।" ছবির চিঠি এই মাত্র এলো। তার চিঠি তে তোমার একটু খবর পাওয়া যাবে। তোমার বাবা ও আর সবাই কেমন আছেন? তুমি কেমন থাকো সর্ব্বদা মাকে জানিও। তোমার শরীর খারাপ হলে আমাদের সবার চিন্তা হয়। তুমি মাকে চিঠি এইখানে বা কাশীতে স্বামিজীর নামে দিলে মা যেখানে থাকবেন সেখানে পাঠিয়ে দেওয়া হবে।

এখানে দিদিমার দুটো উৎসব ভালমত হয়ে গেল। মাকে মাঝে মাঝে এখানে পেয়ে খুব ভাল লাগছে। আমি উপস্থিত এখানে আছি। তুমিও থাকলে খুব ভাল হতো। ঝুলন জন্মাষ্টমী কোথায় হবে মা এখনও আমাদের বলেননি। মা বলেছেন কাশী, কলকাতা, দেরাদুন এসব জায়গায় ঝুলন জন্মাষ্টমী উৎসব হয়। যেখানে ইচ্ছে নিজেদের ঠাকুর নিয়ে গিয়ে উৎসব করতে পার। এই শরীরের সঙ্গে আলাদা করে ঝুলন জন্মাষ্টমী নেই।

মার শরীর ঐরকমই আছে ।পুণার পর থেকে মার এখন আমার প্রতি বেশ খেয়াল আছে। তোমায় কত বিরক্ত করেছি, তাই তোমায় জানালাম। বড় অসময়ে তোমার সাহায্য পেয়েছি। সেটা ভুলতে পারিনা ভাই। তুমি সুস্থ হয়ে যাও এই প্রার্থনা ভগবানের চরণে জানাই।

প্রীতি শুভেচ্ছা রইলো

গোপালপ্রিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬১

স্নেহের বিশুদ্ধা,

আজই তোমার হাতের তৈরী রাখী পাইয়া খুবই সুখী হইলাম। পাইয়া অবধি এখন রাত্রি ৯টা বাজিবে হাতে পরিয়াই আছি। খুব সুন্দর হইযাছে, একখানা চিঠি তোমার পাইয়াছিলাম, কিন্তু দুর্গাপুর যাইতেছ, সেই খানের ঠিকানা জানা নাই তাছাড়া মনে করিয়াছিলাম মেয়েরা তোমাকে চিঠি দিয়াছে। আমার শরীর এক প্রকার আছে। এই বয়সে এত দিন রোগ ভোগের পর মার কৃপায় যাহা আছে তাই মার বিশেষ করুণা। তোমার শরীর একদম ভালনা জানিয়া চিন্তা হইল। কেমন থাক জানাইও। রাঁচী মা ১৫/১৬ই পৌঁছবেন শুনিলাম। মার কাছে যাইতে পারিলা কিনা জানাইও। মা রাখিয়া গিয়াছেন, মা ডাকিলেই যাইব। হয়তো পূজার সময় ডাকিবেন। মার শরীর ও ভাল যাইতেছে না। খাওয়া খুব কম। অথচ এই শরীর নিয়া যথেষ্ট পরিশ্রম করেন। শরীরের দিকে খেয়ালই নাই। মা ত ঝুলনে কাশী কাটাইলেন, ওখানকার সকলেই খুব খুশী।

ভালবাসা লইও

ইতি

দাদাভাই

৬২

স্নেহের বিশুদ্ধা,

তোমার চিঠি পাইলাম ও মাকে জানাইলাম। চন্দন এখন চলিয়া আসিয়াছে। তুমি সব দিকটা সামলাইয়া লইও।

মার দিকে লক্ষ্য রাখিয়া মার আজ্ঞা শিরোধার্য্য করিয়া চল দেখিবে মাই সব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাজ চালাইয়া নিতেছেন, মার শরীর ভাল না। নানা প্রকার কাজে সদাই ব্যস্ত।

ভাল আছ ত ? সকলে ভালবাসা লইও।

ইতি

দিদি গুরুপ্রিয়া

৬৩

স্নেদের বিশুদ্ধা,

মা তোমার চিঠি শুনেছেন। বল্লেন বিশুদ্ধাকে চিঠি দাও। তোমরা একটু ভাল আছ শুনে আমরা সকলে আনন্দিত । সংযম সপ্তাহ বেশী দেরী নেই- তোমার কথা সকলেরই মনে হয়। মার তো বিশেষ খেয়াল হয়ই । মা আর বিশেষ কিছু বল্লেন না। পূজার প্রসাদী সামান্য একটু পাঠানো হয়েছিল। পেয়েছ খুশী হলাম। চিঠি দিও সর্ব্বদা, সকলে কেমন থাকো । হোমিওপ্যাথী চিকিৎসা করছো, উপকার হয়েছে ত?

আশা করি কুশলে আছ। ভালবাসা নিও

ইতি

দাদাভাই

৬৪

বম্বে

৬.১.৭৫

স্নেহের বিশুদ্ধা,

তোমার চিঠি আজই পাইয়া মার খবর পাইলাম। তোমার চিঠিতে মার সূক্ষ্মে দেখার ঘটনা পড়িলাম। আমার ভাগ্যে নাই এত সুন্দর সুন্দর কথা কিছুই মার মুখে শুনিতে পারিলাম না। যাক্ মা বলেন- ভগবান যাহা করেন তাই মঙ্গল। ভগবানকে ত জানিনা মা যাহা করেন তাই মঙ্গল

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বলিয়া যেন আনন্দে নিতে পারি, এই মার চরণে প্রার্থনা। মাকে বলিও মালিশ করাইতেছি, হাঁটা চলাও করিতেছি।

মার ত ঠান্ডাই সহ্য হয় না, কানপুরে ভালই ছিলেন। নিমসার খুব ঠান্ডা শুনিতেছি, তাই আবার শরীরটা খারাপ হইল। মার কথা আর কি বলিব?

ভালবাসা নিও

ইতি দাদাভাই

৬৫

বিশুদ্ধাদি,

তুমি কেমন আছো? সুস্থের খবর চাই। মা খান, আমি করিলাম। কিছু পাঠাইলাম। একটু তিতা হবে। মেথীর পাউডার আছে।

একটু করিয়া খাবে সকালে।

ইতি

তুলসী

৬৬

দেরাদুন

১২.২.৭৫

স্নেহের বিশুদ্ধা,

কাল তোমার চিঠি এলো। মা গতকাল এসে গেছেন। আমরা ত কবে থেকে expect করছি। আমাদের ধৈর্যের last পরীক্ষা হলো যখন অমর সিং রাস্তায় দাঁড়ানো থাকে তো রোদে, হঠাৎ ওকে মা ডেকে বলে যান যে মা সোজা খৈতানের বাড়ী গেলেন, ৫টার পর যেনো সবাই যায় দেখা করতে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আশ্রমে মা ঢুকলেন না একটু পরে গাড়ী এলো- মা স্বামিজীকে ডেকেছেন- আধ ঘন্টা পর খৈতান এলো মা পাঠিয়েছেন আমাদের নিতে। দেখা হতে মা বললেন "আশ্রমের ছাদে, বারান্দায়, বাগানে, রাস্তায় তোমরা কেউ নেই কাউকে দেখা গেল না, রাজা (খৈতান) বলেছিল মা যেন সোজা যান তার বাড়ীতে।" আমি বল্লাম যে ৭দিন ধরে রাস্তার প্রতি গাড়ী দেখেছি সকালে ট্রেনের time এ। আজ শুনেছি মা ৫টায় আসবেন। যাক্ যা হবার।
আমরা আসা যাওয়া করছি। গতকাল বিকেলে মা এখানে ঘুর্ণা দেন। ১৩ই দিল্লী যাবেন।

ভালবাসা নিও
চিত্রাদি

৬৭ এলাহাবাদ
১.৩.৭৫

স্নেহের বিশুদ্ধা
আজ বিকেল ৪টায় মা ও আমরা এলাহাবাদে পৌঁছেছি। আমি কাল স্নান করবো। তাই আজ সন্ধ্যেতে রেণুদির বাড়ীতে আছি। সঙ্গে কোলকাতার party।
কন্যাপীঠের prize distribution, খুব সুন্দর function হলো কাশীতে, গোপাল মন্দিরে হলে 26th B.H.U. র V.C.ও Sanskrit Universityর V.C. এসেছিলেন। বড় মেয়েরা সব সংস্কৃতে extempore বক্তৃতা দিলো। তাছাড়া কিরণ ইংলিশে কবিতা আবৃত্তি করলো। খুব সুন্দর উচ্চারণ। ছোটরা সবাই কিছু কিছু বল্লো action করে Recite করলো। মা খুব খুশী নিখুঁত ভাব ভঙ্গী, সাজ পোশাক, চুল আঁচড়ানো। নিঃসঙ্কোচ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
বলার আদব কায়দা সব আশ্রম উপযোগী। কান্তি ও পদ্মাজীরই credit সত্যি খুবই ভাল হয়েছে function।

সেদিনই সকালে স্বামিজীকে নিয়ে হৈ চৈ Blood sugar হঠাৎ 35 এ fall করায় ১ ঘন্টা অজ্ঞান। খুবই critical stage। মা এ যাত্রায় আবার বাঁচালেন। oxygen ও দেওয়া হয়েছিল। গুণেনদা এলে হয়তো কলকাতায় চলে যেতেন। এখন মার সঙ্গে বম্বে গেলেন।

ভালবাসা নিও।

চিত্রাদি

৬৮

হরিদ্বার

২.৪.৭৫

মা বলিলেন, "ছবি আর বিশুদ্ধাকে চিঠি দাও। ছবি বন্ধুর চিঠি একখানা পাওয়া গেছে। সে উৎসবে ছুটি পাইবে না। আসিতে পারিবে না জানাইয়াছে। মা বিশুদ্ধা, রীণা, ছবি তিনজনকে চিঠি দিয়াছিলেন উৎসবে আসিবার জন্য। তাহার কোন উত্তর পান নাই। বিশুদ্ধা আর ছবি আসিবে না জানাইয়া দিয়াছে। পশুপতি নাথ দর্শন করিয়া বিশুদ্ধা বিস্তারিত বড় সুন্দর গড়ণে চিঠি লিখিয়াছিল। মার শরীর খুব বাড়াবাড়ি থাকায় চিঠির উত্তর খুব সংক্ষেপে দিয়াছিলেন। মা বলিলেন সেই চিঠি কি বিশুদ্ধা পায় নাই? এখনো উত্তর তো পাওয়া যায় নাই। চলা ফেরা কঠিন মায়ের দেখা যায়। মা রঞ্জনার ঘরে আছেন। মা এবারে খেয়াল করিয়াছিলেন- একদিকে রীণা একদিকে বিশুদ্ধা, ছবি মধ্যখানে মা। দুইদিকে দুখানা ঘর ডাইনে বায়ে। চার বন্ধু মিলিয়া উৎসব হইবে এখানে। মা একটু রকমারী ভাব খেয়াল করিয়াছিলেন। সবই মাটিতে মিলাইয়া দিল বন্ধুরা, সবই মঙ্গল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কারণ এই শরীরের তো কাহারোই মনের মতো চলার দিক নাই। নিজের খেয়ালে চলে কথা বলে। ভাব ব্যবহার করে। সত্য যাহা সরল ভাব ধারার দিক।

যখন যা খেয়ালে আসে বলিয়া ফেলে। এই ভিখারীকে বন্ধু বলিয়া গ্রহণ করা যাহাদের বুদ্ধি, বিদ্যা, সম্মান, পজিসন ইত্যাদি সুন্দর গড়ণে জীবন যাত্রায় চলিতেছে। অভাব হইলে তো পূর্ণ হওয়ার বন্ধু। তাই এই ভিখারীকে কে সর্ব্বদা মানাইয়া চলিতে পারে? প্রাণের মত কথাও নাই ব্যবহার নাই। ভিখারী তো হাত খুলিয়াই রাখিবে - ভিক্ষা দাও, ভিক্ষা দাও, ভিখারীর কাজ ভিখারী করিয়াই যাইবে। বন্ধুদের যাহা ইচ্ছা যাহা করিয়া খুশি আনন্দিত থাকে তাহাই যেন করে। ইহাই ভিখারীর আনন্দ প্রকাশ। বন্ধুরা তো আনন্দে আছে। বন্ধুদের আনন্দে আনন্দিত থাকা ভাল নয় কি? আনন্দ, আনন্দ, আনন্দ। বার বার দেখাশোনা, আসা যাওয়া - এবার ছবি বিশুদ্ধা রীণা, মা একসঙ্গে থাকা হইলে- দরজা খুলিলেই যার যার দরজা। রীণা চিঠি লিখিয়াছে আসিবে না। বন্ধুরা তিনজনেই এবার কি বন্দোব্যস্ত করিয়াছে মায়ের মুখ বুঝি দেখিতে ইচ্ছা করে না। মা জিজ্ঞাসা করিলেন। মা বলিলেন খুব ভাল কথা। তাড়াতাড়ি যেন এ শরীরকে না দেখার ব্যবস্থা হয়। আজ নবরাত্রি দিনে এ কথা মা বলিলেন। তিন জনের একজনও আসিতে পারিবে না এমন কোন্ কার্য্য মা অন্নপূর্ণা বোধহয় উপস্থিত করিলেন। মা বলিলেন মায়ের ক্রিয়াই এ ফলস্বরূপ হইতেও পারে। এতদুর ভালভাবে বিশুদ্ধা ঘুরিয়া ফিরিয়া আসিল। আর বিশুদ্ধা লিখিয়াছিল ছবিদির শরীর ভাল যাইতেছে না। মা বলিলেন - বেশী ছুটি নিতে হইয়াছে তো অপারেশনের সময় তাতে হয়তো ছবি বন্ধু ছুটি না পাইতে পারে। আর রীণা বন্ধু লিখিয়াছে কেন আসিবে না বিস্তারিত জানাইয়াছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আর বিশুদ্ধা ভালভাবে ঘুরিয়া ভালই আছে। সুস্থ খবর ঐ চিঠিতে দিয়াছিল। সকলে আসিলে খুব ভাল লাগিত কারণ বাবা প্রায় ২০০ জন লোক নিয়া আসিতেছে পূজা করার জন্য। হলে পূজার সুব্যবস্থা হইতেছে। অন্নপূর্ণা মা যা করাইবেন।

নতুন রকমের হলে পূজা প্রথম হইবে। মা খেয়াল করিয়াছিলেন বিশুদ্ধা আসিয়া কাগজ কাটিয়া হলে বাবার সুব্যবস্থা করিবে। হঠাৎ আসিবে না খবরে যা হইবার। যখন যতটুকু ভিক্ষা দেয় বন্ধুরা বন্ধুদেরও তো আত্মমর্য্যাদা, আত্মসম্মান, নিজস্ব ভাবধারা রাখিতে হয় সমাজ নীতিবিধির অন্তর্গতে ভিখারী ত এলো মেলো ফেউ ফেউ করে। ইহাও তো কত সম্মানের সহিত নিজেদের গুণে নিজেরা ব্যবহার করিয়াই যাইতেছে সর্ব্বদা। উৎসবাদিতে কত কষ্ট করিয়াও আসে। মানুষের ও কত কথা শুনিতে হয় এমন গুণবতী বিদ্বান পন্ডিতদের সব। ভিখারী কত রকম বলে । সম্মানে মানিয়া সুন্দর ভাব ব্যবহার প্রকাশ যখন যেখানে যেইটি । গুনী বন্ধুতো দিতেছেই নির্গুণ ভিখারীর ভাল যা প্রাপ্তি। এ শরীরের উপলক্ষে গৃহস্থ জীবনের সুখ সাচ্ছন্দ্য ত্যাগ, এই ইহাও ভিক্ষা দিয়াছে, আনন্দে নিজ গুণ প্রকাশে। ভিখারীর চাওয়ার মাত্রা নাই, কি করা, শরীর তো ভাল যাইতেছে না। একটু কি ইচ্ছা ও করে না যে মাকে একটু দেখি। বিদায়ের ওয়ার্নিং যেন আসছে ধীরে ধীরে, এই সব দিক বন্ধুদের কাছে আর চাইও না। এখন নিজস্ব দিক দেখ। এই ভিখারীর ভিক্ষা ইহা এখন ধরিয়া নেওয়া যাইতে পারে। আপনে আপনিই সব ছাড়িয়া দেওয়ার দিকটা আসছে নাকি অনেকের মধ্যেই।

নরেন বাবা আসছে ৬ তারিখ। বাবা লিখিয়াছে যে চন্ডীপাঠ, যজ্ঞ ৬ তাঃ হইবে, ৭তাঃ অধিবাস, যজ্ঞাদি হইবে। ৮ তাঃ বিশেষ পূজা ভোগাদির

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যবস্থা বিশেষ রকমে যাহা এই জাতীয়টা কোন দিন হয় নাই আর সেজন্য পূজা যজ্ঞাদি হইবে। ৯ তারিখও পূজা যজ্ঞাদি হইবে। ১০ তাঃ দশমী তাহাদের মধ্যে যাহা করেন তাহা হইবে। ১২ তাঃ অখন্ডানন্দ বাবা আসিবে। শ্রীনাথের ভাগবৎ ব্যাখ্যা। অখন্ডানন্দের ভাগবৎ ব্যাখ্যা হওয়ার কথা। ১৩ তাঃ গিরিজীর সন্ন্যাস উৎসব।

৬৯ কাশী

৯.১১.৭৫

বিশুদ্ধাদি,

মার আদেশে পানুদার সঙ্গে শিবানীদি, কান্তিজী, অর্চনা, আমি আর সুধীরদা জীপে করে কনখল থেকে উত্তর কাশী কালীপূজো অন্নকূট উপলক্ষ্যে যাই। খুব সুন্দর ভাবে সব উৎসব হলো। মা বল্লেন- ৩৫ বছর পর এই প্রথম উত্তর কাশীতে এই ভাবে কালীপূজো অন্নকূট হলো। মা কালী নিজের পূজা ও ফটো তুলিয়ে নিলেন। নির্ব্বাণদা খুব সুন্দর পূজা করলেন আর ফটো তুললেন। মা অভয়দা ও আমাকে দিয়ে অনেক গান করিয়েছেন। প্রচুর গান গেয়েছি প্রাণ ভ'রে । অন্নকূট বিরাট ভাবে হয়েছে। ওখানকার বাসিন্দা ও মায়ের ভক্ত নিয়ে ৫০০ ত হবেই। ওখানকার বাঙালী অখন্ডানন্দ স্বামিজী এসেছিলেন। আমার গান শুনে মার কাছে খুব সুখ্যাতি করেছেন। মা বল্লেন- এই মেয়েটি ছোট বেলা থেকে গান নিয়েই আছে, এই ওর নিত্য সাধন ভজন। অর্চনা খুব সামলেছে, রান্নার যোগাড়, ভোগবাড়া, ভান্ডার করা সব, মা খুব ওর প্রশংসা করেছেন। যাক্ খুব সুন্দর জায়গা খুব ভাল লাগলো। মা উদাসজীকে উত্তর কাশীতে রেখে এলেন - কিছু জপ নাকি তার বাকী ছিল। অন্নকূটের দিন উদাসজী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিরাট করে যজ্ঞ করলেন নিজ হাতে। ইন্দুদি গেরুয়া বস্ত্র পরলেন। সুধাদি মার সেবায় গেলেন। গঙ্গাদির পায়ের নখ সেপ্টিক হয়ে গিয়েছিল, এখন একটু ভাল আছে। আমরা মার সঙ্গে ৫ তাঃ সকালে রওনা হয়ে বিকেলে কনখল আশ্রমে পৌছাই।

সেই রাত্রে পূণার নাগপালের মায়ের মৃতদেহ প্লেনে করে হরিদ্বারে মার কাছে নিয়ে আসে। মা ভাস্করদা ও সুধীরদাকে সঙ্গে দিয়ে দাহ করার ব্যবস্থা করেন আর মৃতদেহে একটি মালা দিলেন। পরদিন ভোরে খুব জোর ভূমিকম্প হয়। সেইদিন রাত্রে মা দিল্লী রওনা হয়ে গেলেন। সঙ্গে স্বামিজী, ভাস্করদা, গঙ্গাদি, ইন্দুদিরা গেলেন। আমরা সেই রাত্রেই কাশী রওনা হলাম। কাশী পৌছে শুনলাম পানুদার মার অবস্থা খুব খারাপ। পানুদা এসেই তাঁর মার কাছে যান, মুখে গঙ্গাজল দেন, তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মনে হয় যেন তিনি পানুদার আসার অপেক্ষাই করছিলেন।

সেই দিনই পুষ্পাদি, গোপালপ্রিয়া, হংসা, গীতাদিরা সংযম উপলক্ষ্যে কানপুর রওনা হলেন। কন্যাপীঠের মেয়েদের এবং কান্তিজীকে মা নিষেধ করলেন সংযমে যেতে, বল্লেন এবারটি থাক্।

ছবিদি আর তুমি কেমন আছ? তোমরা আমার প্রণাম নিও।

ইতি

মালা

৭০

কাশীধাম

১৬.১২.৭৫

বিশুদ্ধাদি

বহুদিন হলো তোমার পত্র পেয়েছি। কিন্তু সময়াভাবে চিঠি দিতে দেরী হলো। মা ১০ তাঃ কাশীতে এসেছিলেন , ১৮ তাঃ কাশীতেই অজ্ঞাতবাসে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আছেন। এখানে ১১-১৪ই পর্যন্ত্য গীতাজয়ন্তী হলো। অষ্টমী ও নবমীতে ৯ অধ্যায় করে আর দশমীতে সম্পূর্ণ গীতাপাঠ হলো। গোপাল ঠাকুরের সময় নাকি ৫ দিন ব্যাপী গীতাজয়ন্তী হতো। আমি প্রাণ ভরে গান গাইলাম। মা খুব হাততালি দিচ্ছিলেন। বুবাদি, পুষ্পদিও গেয়েছেন। জয়া পূজা করলো, নারায়ণ স্বামিজী মন্ত্র বল্লেন। পূজোর পর জয়া ও গীতা যজ্ঞ করলো। অষ্টমী ও নবমীতে পদ্মাজী গীতার বিষয় ভাষণ দিলেন, বাকী দুইদিনই ইউনিভার্সিটি থেকে ভাল বক্তা এসে বলেছেন। দশমীর দিন গীতা জয়া, গুনীতা, শুক্লা, মিনু খুব সুন্দর গীতার উপরে বলেছে। মা খুব প্রশংসা করেছেন। গোপাল মন্দিরের নীচের হলে হয়েছিল। নারায়ণ স্বামিজী আর অভয়দাও গীতার বিষয় বলেছেন। মার শরীর ও মুড মোটামুটি ভালই।

প্রণাম নিও।

মালা।

৭১ দেরাদুন

১৪.৬.৭৬

স্নেহের বিশুদ্ধা,

তোমার চিঠি আজই পেলাম। মা এখান থেকে ৩০শে চলে যান । ৩১ শে পুষ্প ও নীলিমা আসে একদিনের জন্য। পুষ্পকে দিয়ে মা বলে পাঠান, যে মেয়েরা মিলে ১০৮ বার ভাগবৎ (মূল) পড়বে by turn এটা মার হঠাৎ খেয়াল।

শুনেছি মা তিনদিন বিদ্যানন্দজীর আশ্রমে ছিলেন। ফেরার পথে টিহরী নরেন্দ্রনগরে বিশ্রাম করতে করতে নেমেছেন। রাজা রাণীরা ছিলেন ওখানে। এছাড়া শিবানন্দ আশ্রমেও নামেন।

নরেন্দ্র ব্রহ্মচারীজী ৬ই দেওঘরে দেহ রাখেন খবর জানো নিশ্চয়ই। কী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রকম লাগে- এই সেদিন এত হৈ চৈ চিরতরে সব শেষ। গোপীবাবা ও ত্রিবেদীজী দুজনেরই last stage খবর আসছিল। মা অবশ্য যাননি। পানু, বিরজানন্দজী, নির্ম্মল ও দেবুকে পাঠান।

শোনা যাচ্ছে যে ১৫-২৬ শে মা কোথাও যাবেন অজ্ঞাতবাসে। তবে ২৮/৬ থেকে ৭/৭ রাজাদির কুটিয়ায় থাকবেন। গুপ্ত নবরাত্রিতে রাজাদি দেবী ভাগবৎ করাচ্ছেন ।

ভালবাসা নিও

চিত্রাদি

৭২

দেরাদুন

২৫.৬.৭৬

স্নেহের বিশুদ্ধা,

তোমার চিঠি গতকাল পেলাম। সন্ধ্যেবেলা মাকে সব বললাম। মা বললেন বাবার চিকিৎসা নিশ্চয় সবদিকে ভালমতো হচ্ছেই। বাবাকে ভাগবৎ শোনাচ্ছে খুবই ভাল কথা - বাবা যেন ভগবৎ স্মরণে থাকে। বাবার ঘরে ভগবৎ পরিবেশ রাখা। কেমন আছে জানাতে লেখো। নিতাই বাড়ীর সব বিশুদ্ধা উপস্থিত কেমন?

মা ২১শে থেকেই এখানে এসে গেছেন। রাজাদির কুটিয়ায় আছেন। public এর দর্শন শুধু দিনে ৬-৭টায় হয়। অন্য সময় আমরা যেতে পারি। মার কাছে উদাস ও হংসা । তাছাড়া ও বাড়ীতে স্বামিজী গঙ্গা, মৈত্রেয়ী, রীণা, etc. মার শরীর হঠাৎ কাল খুব খারাপ হয়। জানিনা আবার কি হলো? ছবিকে মা গুরুপূর্ণিমায় আসতে লিখতে বল্লেন। নরেনবাবার শুনলাম– "চরণাগ্নি" হয়। গোপীবাবার বিষয় এখনো অবধি মা বিশেষ কিছুই বলেননি। গঙ্গা লহরীতেই মা গোপীবাবুর অন্তিম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অবস্থা দেখেছিলেন। ঝুলন পূর্ণিমাতে চন্দনের পুরশ্চরণ শেষ হবে। তোমার বাবার খবর দিও।

ভালবাসা নিও।

চিত্রাদি

৭৩ বেনারস

৫.২.৭৭

ভাই,

মা আপনার চিঠি শুনিয়াছেন। মা বলিলেন- 'নিতাইকে চিঠি দাও। উপস্থিত বিশুদ্ধা কেমন আছে? মা জিজ্ঞাসা করিলেন, গুণেনদার কাছে মা সব শুনিয়াছেন। ১০-১২ দিন আগেই নাকি যাওয়া উচিৎ ছিল। এখানে এই গুরুতর অবস্থাটা কৃষ্ণপ্রিয়া বুঝিয়াছিল এবং বলিয়াও ছিল। উহার কথা শুনিয়াই মা এখানকার বড় ডাক্তারকে জিজ্ঞাসা করাইয়াছিলেন - ডাক্তার সঙ্গে নিয়া যাইতে হইবে না একটু সুস্থ হইয়া যাইবে? সেই অনুসারে টিকেট করা হইবে। টিকেট করাও ঐ সময় কি কঠিন। ডাক্তার সোজা বলিলেন- 'সঙ্গে ডাক্তারের দরকার নাই, ঔষধ সঙ্গে দেবো,'তাঁহার মত যত তাড়াতাড়ি সম্ভব যিনি সর্ব্বদা চিকিৎসা করেন তাঁহার কাছে পাঠাইয়া দেওয়া।' তাই টিকেট cancel করিয়া সরস্বতী পূজায় থাকিতে চাহিলেও মা ২২ তারিখের টিকেটেই পাঠাইয়া দিলেন। কি কঠিন পরিস্থিতি। দুরন্ত কষ্টের। রাত্রি দিন কাটানো মুস্কিল হইয়াছিল। শ্বাস নিতে পারিতেছিল না। ডাক্তার বলিয়াছিল এই পরিস্থিতি একটু না বদলাইলে কিছু বলা যাইতেছে না। এখন বুঝিয়া লওয়া। মা রহিলেন গঙ্গার তটে, বিশুদ্ধাকে পাঠাইয়া দিলেন শহরে যাহাতে ভালভাবে থাকিতে পারে এবং ভাল চিকিৎসা হয়। ওখানে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রেণুরা তো প্রাণ দিয়া সেবা করিয়াছে। এখন একটু ভালোর দিক শুনিয়া সকলেরই একটু নিশ্চিন্ততার দিক। উপস্থিত সব কেমন? সব কিছু সব সময় জানাইবে।

বাবার শরীর এবং বাড়ীর সকলের শরীর কেমন আছে মা জানিতে চাহিলেন। বিশুদ্ধা একেবারে সুস্থ খবর পাইলেই নিশ্চিন্ত সকলের।

ইতি

পারুলদি

৭৪

বেনারস

৬.২.৭৭

গোপালদা,

আপনার চিঠি মা শুনিয়াছেন, মা বলিলেন গোপালকে চিঠি দেও। আপনার শরীর একটু অসুস্থ ছিল উপস্থিত কেমন আছে? আপনার মা এবং বাড়ীর সকলে কেমন আছে? মা জানিতে চাহিলেন। বিশুদ্ধার খবর গুনেণদার কাছে মা সব শুনিয়াছেন। সকলের চিঠিতেও। খুবই serious অবস্থা দাঁড়াইয়াছিল, ভগবানের কৃপা উপস্থিত একটু ভালোর দিক শোনা গেল । সকলেরই ভয়ানক চিন্তা ছিল বার বার অসুস্থ, উহারও শরীর মন কষ্টের পরকাষ্ঠা। একটু শরীর ভাল বুঝিলেই গুনী মেয়ে - কত সুন্দর কাজের গড়ন দেয়। মায়ের কাছে থাকার তো ইচ্ছাই। শরীরের দিকেও তাকায় না। উপস্থিত সব খবর মা জানাইতে বলিলেন। চিকিৎসার ত্রুটি হইতেছে না নিশ্চয়ই, সকলেই ত বিশেষ আগ্রহের চেষ্টায়। এখন ভগবানের কৃপায় তাড়াতাড়ি সুস্থ খবর-সকলের যা প্রাণের চাওয়া।

ইতি

পারুলদি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭৫

দেরাদুন
২১.২.৭৭

স্নেহের বিশুদ্ধা,

ছবির মুখে শুনলাম যে তুমি আগের চেয়ে ভাল আছ, বাড়ী গেছো, তোমার জন্য খুবই চিন্তায় ছিলাম - আবার একটা crisis over হলো মার কৃপায় সেরে উঠলে।

১৫ই মাকে নির্ব্বাণী আখাড়ার আয়োজনে Procession এ নেওয়া হয়। থানেশ্বর শিবমন্দির নির্ব্বাণী আখড়ার আশ্রমে। মার মাথার উপর নারায়ণের রূপোর ছাতার মত ছত্র ছিল, রোদে ১-৫টা প্রায় ৬/৭মাইল - ছেলে মেয়েরা সকলেই হেঁটেছিল, পুরো কুরুক্ষেত্র শহরের পরিক্রমা। মা ২৪শে বম্বেতে থাকবেন, ২৫শে সারাদিন দিল্লী আশ্রমে, ২৬শে সকালে কনখলে পৌঁছবেন। আমারও তখন ওখানে যাবার কথা ও পরে মার সঙ্গে কাশী নামবো। দোলের পরই মা চিত্রকূট জয়পুরিয়ার রামায়ণে ৮ দিন থাকছেন। জানিনা নেবেন কিনা। দেওঘরে এবার অখন্ডানন্দজীর আসবার কথা, মা ১৮-৩০ শে ১২ দিন থাকবেন। যা ঘোরাঘুরি মা করছেন এই শরীর নিয়ে ভাবাই যায় না। কি করে পারছেন? মার রান্না মেজদির মেয়ে রেণুদি করে। উদাস ও ইন্দুদিও সঙ্গে গেছে।

ভাগবৎ পড়ছি, খুব একান্ত এত ভাল লাগছে। আমার ঠাকুরের জামাটা শরীর ভাল হলে করলেই হবে। নিয়মিত খেয়ে দেয়ে শরীর সুস্থ করো যাতে জন্মোৎসবে আসতে পারো।

ভালবাসা নিও
চিত্রাদি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭৬ বারাণসী

৭.৩.৭৭

শ্রদ্ধেয়া বিশুদ্ধাদি,

তোমাকে চিঠি দিয়েছি উত্তর পাই নাই। দোলে খুব আনন্দ হয়েছে। আমার যে কি করে দিন কেটেছে তা আর লিখতে পারছি না। বকুনি এবং আদর খুব খেয়েছি। দোলের দিন সকালে নারায়ণ পূজার পর মা আমার গায়ে মাথায় চশমার ফাঁক দিয়ে মুখে আবীর দিয়েছেন। সকালে খুব আবীর এবং দুপুর বেলা পিচকারী দিয়ে রং খেলেছেন, তারপর ঘটি দিয়ে সকলের মাথায় গায়ে দিয়েছেন। আমি নারায়ণ তারপর গোপাল তারপর সত্যনারায়ণ সেরে রাত ১২টায় ভাত খেয়েছি। মা খুব প্রশংসা করেছেন। আমি খুব ক্লান্ত, কোন রকমে চিঠি লিখছি। কোলকাতা থেকে অনেকে এসেছিলেন। তুমি কেমন আছ? আমরা এক প্রকার। মার আবীর পাঠালাম। দাদাভাই ভাল আছেন।

আর কি

ইতি

জয়া

৭৭ চিত্রকূট

১০.৩.৭৭

স্নেহের বিশুদ্ধা,

তোমার চিঠি মা শুনেছেন, বললেন বন্ধুকে চিঠি দেও। বললেন- গতস্য শোচনা নাস্তি- শাস্ত্রের কথা। এটা মনে রাখ কখন কি ঘটেছে কে কি বলেছিল, তুমি সুস্থ আছ তাই কাহারো কিছু মনে নেই। তুমি সুস্থ থাকো- মায়ের এই এক কথা। তোমার শরীর সুস্থ থাকলে আমেদাবাদ চিত্রকূট এইসব জায়গায় যেতেও একটু ভাল লাগতো- কি করা? ভগবানের বিধান। হঠাৎ অসুখ। ভগবানের কৃপায় সুস্থ - তারঁই খেলা। দেখনা দাসুর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কুরুক্ষেত্রে হঠাৎ ঠান্ডা লাগলো। ২/৩ দিনের মধ্যে এমন অবস্থা হোল যে ডাক্তার বললো প্লুরিসি, জলও বের করতে হলো। এখনও সময় লাগবে সম্পূর্ণ সুস্থ হতে। মানুষের কখন কি হয়, কোন দিক থেকে যে কি আসে সকলের অগম্য। শাস্ত্রীয় বিধানে সুস্থ থাকার চেষ্টা। ভগবৎ স্মরণ, সৎ চিন্তায় ব্রতী থাকা মনুষ্য জীবনের প্রধান কর্ত্তব্য। ঘুম কেন আসে না? ডাক্তারকে জিজ্ঞাসা করে ব্যবস্থা নেওয়া। ডাক্তারের নির্দ্দেশে থাকা। ভোগ ভাগ সব কিছু ভগবানের ক্রিয়ার অন্তর্গতে। জীব সৃষ্টি তিনিই করেছেন। তাঁর ইচ্ছাতেই সব কিছু। নিজের ইচ্ছামত ব্যবস্থাদি প্রয়োগ ঠিক না। তিনি যা করবেন তাঁরই খেলা। কষ্ট দিয়ে কষ্ট দূর করছেন। এই মনে রাখা। এই রকম সুস্থ খবর সব সময় দিও।

তোমার বৌদি মায়ের ভোগের জন্য যে টাকা পাঠিয়েছিল তা মাকে দেওয়া হয়েছে। সুস্থ থেকো সকলের এই এক কথা। ভালবাসা নিও।

ইতি

দাদাভাই

৭৮ চিত্রকূট

১৬.৩.৭৭

স্নেহের বিশুদ্ধা

এখানে নতুন জায়গায় এসে বারবার ছবি, খুকু ও তোমার কথা মনে আসছে। তোমরা এলে কত enjoy করতে। গুণেনদার হাতে তোমাদের জন্য গোপালদার কাছে মার চরণের আবীর ও গোপালের প্রসাদ পাঠাই, পেয়েছ কি? মার চিঠির বস্তা শেষ করতে করতে আর Personal চিঠি লেখা হয় না। আজ কোন রকমে বসেছি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাশীতে দোলে মা খুব আনন্দ করেছেন। ভোলাদাকে দিয়ে মা কন্যাপীঠের সামনের চাতালে দোলের আগের দিন সন্ধ্যেবেলা আগুন জ্বালিয়ে হোলিকা উৎসব ও অভিষেক করান নারায়ণের। এবারে নতুন হলো। পরদিন ভোরে ব্রাহ্মমুহূর্ত্তে আবার ভোলাদা সব নারায়ণের সঙ্গে আমাদের ও কন্যাপীঠের সব ঠাকুরের পূজা ঐ স্থানে মার উপস্থিতিতে করেন। আমরা সব কুমারীরা সেই স্থান প্রদক্ষিণ করি। মা আবীর সব ঠাকুরদের ও আমাদের দেন। পরে গোপাল মন্দিরের function এ মা সকাল আটটায় যান। গোপালকে হলে পরাতে বসান হয় মা স্বয়ং guard করেন ও সবাই গোপালকে আবীর দেয়।

তারপর মামু গোপালের অভিষেক ও পূজা করেন। ভাস্করদা সেদিন অনেকের দীক্ষার Conduction এ থাকেন। শুনলাম নির্ব্বাণদা ও বিরজানন্দজীরা চিকিৎসার জন্য বম্বে গেছেন। তন্ময়দা নেপালে শিবরাত্রিতে পশুপতি নাথ ও অন্যান্য দ্রষ্টব্য স্থান খুব ভাল ভাবে দর্শন করে এসেছেন। মা সবাইকে আবীরের টীকা দেন। সবাই মার শ্রীচরণে আবীর দেয়। দুপুরে শিবানী বুবনার রূপোর পিচকারী দিয়ে রং খেলেন কন্যাপীঠের চাতালে। পরে স্টীলের ঘটি ভ'রে ভ'রে আমাদের মাথায় ঢালেন। অপূর্ব্ব mood ছিল মায়ের।

এখানে আসার আগে মা গোপাল ঠাকুরের আশ্রমে এলাহাবাদে একদিন একরাত ছিলেন। আমরা স্বামী অখন্ডানন্দের ওখানে আর ভক্তরা জয়পুরিয়া ধর্ম্মশালায় আছি। মন্তুরামের ব্যবস্থা। অখন্ডানন্দজী দুবেলা ১ ঘন্টা করে রামায়ণের উপর বলেন, বাকী সময় বিশ্রাম করেন মা ঘরে। বাইরের ভীড় পাঠে একটু আসে। খুব সুন্দর ছোট্ট গ্রাম, শ্রীরামের বনবাসের লীলা স্থল। ভরত মিলনের জায়গা। ভাইয়া ও লীলাবেন ৫ দিনের জন্য এসেছিলেন। মাকে নিয়ে চিত্রকূট পাহাড় পরিক্রমায় গেলাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সবাই। মাকে চেয়ারে বসিয়ে করা হলো। স্বামিজী ও আমরা হাঁটলাম। এছাড়া নানা সুন্দর সুন্দর জায়গায় গেলাম। ভাইয়া এলো বলে মাও গেলেন মন্দির etc.। মফতলালরাও বিরাট ধর্ম্মশালা, হাঁসপাতাল তৈরী করেছে, মা গেলেন। জায়গাটা একদম গ্রাম। নৈমিষারণ্য থেকেও quite। বড় মেয়েরা বসু, হংসা ছাড়া সব এখানে। মামীমা মার রান্না করে, বেলুদি জোগাড় দেয়, উদাস মাকে খাওয়ায়। এবারে দিদিমার শতবার্ষিকী উৎসব ১৪ই এপ্রিল থেকে মে পর্য্যন্ত কনখলে হবে। দিদিমার বৈশাখ মাসের এক রবিবার জন্ম তাই। মা সবটা থাকবেন না। অক্ষয় তৃতীয়ায় নিমসার যাবেন।

ভালবাসা নিও

চিত্রাদি

৭৯

বিশুদ্ধা ,

মা বল্লেন - "মন প্রসন্ন , আনন্দ, শান্তি রাখার কেবল চেষ্টা। বাসন্তী পূজায় বিশুদ্ধা নেই - মার বার বার খেয়াল হচ্ছে। সাজানো ইত্যাদিতে- গুণী মেয়ে।"

৮০ কনখল

২৯.৬.৭৭

প্রীতিভাজনেষু

বিশুদ্ধা, তোমার চিঠি পেয়েছি। মা ২৪শে শুক্রবার এই বিল্ডিংয়ে এসেছেন বুঝতেই পারছো। সময়ের কতটা অভাব। তুমি যে কতটা মন খারাপ নিয়ে গেছো তা খুবই উপলব্ধি করতে পারি । কাজল ত চিঠি দিচ্ছে। মা এখানে প্রায় একই রকম। এখানটা খোলামেলা তাই এসেছেন চেয়ারে করে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ডাঃ শেঠ ৩ দিন ছিলেন। মার সঙ্গে অনেক কথাও বলেছেন। যা শুনে গেছ blood circulation ঠিক হচ্ছেনা ইত্যাদি। ভাইয়া আর শেঠজী সকলকে নিয়ে বলেছেন যে এখন অন্ততঃ ৩ মাস মা পুরোপুরি বিশ্রামে থাকবেন। মার সঙ্গে কেউ কোন কথা বলবেন না। চিঠি পত্রও শোনানো হবে না। দেখছি শরীর প্রায় ঐ একই রকম, মাঝে একদিন ঐ রকমটা হয়েছিল। কৃষ্ণ জন্মের দিন মা চেয়ারে করে হলে গিয়েছিলেন। আর দুদিন উপরের জানলা থেকে দেখেছেন। কি হবে জানিনা ভাই। আমাদের ও মন খুব খারাপ। বিশেষ কোনো উন্নতি হয়েছে বলে ত মনে হচ্ছে না। মার শরীরের কথা কাউকে জানানো হচ্ছে না ভীড় এড়াবার জন্য। টেলিগ্রাম বা চিঠির জবাবও দেওয়া হচ্ছে না। একই কারণে শুনেছি এখন মার সব প্রোগ্রাম বন্ধ রাখা হবে।

ভালবাসা নিও।

পারুলদি

৮১ ২৭.১.৭৮

স্নেহের বিশুদ্ধা

তোমার পাঠানো সোয়েটার ও হাতমোজা পাওয়া মাত্রই মাকে দেখিয়েছি। মা বললেন বেশ সুন্দর হয়েছে এবং সঙ্গে সঙ্গেই বললেন- "আমাকে পরিয়ে দেতো।" মার খুব পছন্দ হয়েছে। বললেন বেশ হালকা, এটাই এখন পরছেন। সরস্বতী পূজা ও শিবরাত্রীতে মা কোথায় থাকবেন এখনো ঠিক হয় নাই ।

ভালবাসা নিও

পুষ্পদি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৮২ ২১.২.৭৮

ভাই ছবি

এই মাত্র তোমাদের চিঠি মাকে শোনানোর জন্য গোপাল প্রিয়া দিয়ে গেল। মা তখনই শুনলেন । গতকাল মা আমাকে দিয়ে তোমাকে চিঠি লেখালেন যে অনেকদিন তোমাদের কোনো খবর নাই। তোমরা সব কেমন আছ? খুকু কেমন আছে সব জানাও। কিন্তু এখানে ডাক বিভাগে স্ট্রাইক চলছে বলে চিঠি আর ডাকে দেওয়া হয় নাই। আজই তোমার ও বিশুদ্ধার চিঠি এসে গেল। মা বললেন- তোমার যা শরীরের অবস্থা যা শোনা, ডাক্তার যা বলে অকাট্য ভাবে মেনে চলতে চেষ্টা করাই। ঠাকুর সেবা যা ইত্যাদি নিয়া তো মনে প্রাণে আনন্দে থাকা, এতে সুস্থের অনুকূল মনে রাখা। এখানে সরস্বতী পূজা হয়ে গেল। গোন্ডালের রাজারাণী এসে বেশ জাঁক জমকের সঙ্গে করালো। গত কুম্ভে সরস্বতী পূজায় তোমরা কেবল খেয়ালে আসছিলো। পত্র পেয়েছো, কেমন থাকো সর্ব্বদা লিখো। চিঠি দিতে দেরী তুমিও কর তো? মা বললেন। আমি অসুস্থ কোথায় শুনলে? ভগবানের কৃপায় এখনো সুস্থ আছি। বোধহয় ভুল শুনেছো।

প্রীতি শুভেচ্ছাসহ

ইতি

পুষ্প

৮৩ ২১.২.৭৮

স্নেহের বিশুদ্ধা,

গতকাল হঠাৎ মা তোমাদের চিঠি লিখতে বললেন। তোমাদের অনেকদিন খবর নাই। আজ তোমার চিঠি শুনে বললেন – চিঠি দাও এবার শীতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
বিশুদ্ধার বানানো সোয়েটার কোটটা বেশী পরা হয়েছে।

Lump টা যদি এভাবে বেরিয়ে গিয়ে থাকে - আনন্দ। বাবা কেমন আছে? সর্ব্বদা মন ভগবৎ পথের যাত্রায় রাখা। চিত্রা খুব অসুস্থ তার খবর জানলে জানিও। ছবির শরীরের খবরে খুবই দুঃখিত।

ভালবাসা নিও

পুষ্পদি

৮৪ ব্যাঙ্গালোর

২১.৫.৭৯

বড়দা,

আপনাকে মা চিঠি দিতে বলিলেন। আমাদের এই সময়ে এই দুঃসংবাদে সকলের মর্মান্তিক বেদনাদায়ক দুঃখ। মা বললেন চিঠি দাও। কাল ছয়টার সময় তার (telegram) আসিয়াছে। মা বারবার বলিতেছিলেন-বিশুদ্ধা এই সময়টা বাবার কাছে সেবায় থাকিতে পারিলনা। সকলেরই এই বেদনাদায়ক কথা বর্ণনায় আসেনা। বাবা নিজে নিজের পথ ও লক্ষ্যপূর্ণের দিক্ নিয়া আজ এই রূপটি। সবই ভগবানের বিধান। সকলে- ভাইরা বৌরা পরিজন সকলের ঊর্দ্ধগতি প্রার্থনা হওয়া। পিতার অন্তিম নিঃশ্বাস ক্রিয়া ভগবৎ পরিবেশে পূর্ণাঙ্গীন করা ত হওয়াই। পুত্রদের কর্ত্তব্য যাহা। সৎ পরিবেশে শুদ্ধ পবিত্র সব দিক ধারা নিয়া এই অন্তিম ক্রিয়াদি করা। প্রিয়জনের ও পিতৃ অভাবজনিত উপস্থিত যারা দুঃখ - সহন সহন সহন। বিশুদ্ধা উপস্থিত এই শরীরটার কাছে থাকিল। ওর নিজের মত যাহা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জানানো হইল। উপস্থিত গীতা যেন নিত্য পাঠ হয় আর ভাগবৎ যেন এক বৎসরের মধ্যে পাঠের ব্যবস্থা হয়। মা আরো বলিলেন - "বাবার এই শরীরের উপর বড়ই আদর ছিল।" উপস্থিত যা ভগবানের বিধান যা হবার। অন্তিম কিরূপ বিস্তারিত জানাইবেন।

মা যা বলিলেন লিখিলাম। আমিও বাবাকে হারাইলাম মনে হইতেছে। প্রণাম নেবেন।

ছবি

৮৫ পুরীধাম

২৫.৫.৭৯

স্নেহের বিশুদ্ধা,

এক্ষুনি চিঠি পাওয়া মাত্র মাকে শোনালাম। সঙ্গে ২ মা উত্তর দিলেন। মা বললেন বিশুদ্ধাকে চিঠি দাও - মা গম্ভীর ভাবে সব কথা শুনছিলেন, বললেন - "এই বয়সের অন্তিম নিঃশ্বাসের গড়ন - শান্ত পরিবেশ, সকলের নিশ্চিন্ততার অন্তর্গতে কথা বলিতে বলিতে নিজস্থান নির্দ্দেশ লক্ষ্য পূর্ণ লক্ষ্যে স্থিত হইয়া - শুনা যায় কি ? ঐ মুহূর্ত্তে ভগবান স্বয়ং যে ভাব রূপটি যেখানে হওয়ার তাঁহার চরণেই গ্রহণ। বাবার কি স্থিতি ছিল মৃত্যুতে দেখাইয়া দিয়া গেল।"

"প্রিয়জনের শরীরের অভাব স্বাভাবিক। ধৈর্য্যের আশ্রয়ে সমগ্র ক্রিয়া ভগবৎ পরিবেশের অন্তর্গতে যোগ্য সন্তানগণের প্রাণ ঢালা সব কার্য্যেতে। সকলের মন ঠাকুরের চরণে রাখিবার চেষ্টা সর্ব্বদাই করণীয়।"

"তোমার শরীর সুস্থ খবর সর্ব্বদা দেবে। বাড়ীর সকলে কেমন জানাইবে।"

মা যা যা বললেন জানালাম।

নিতাইর পাঠানো মেশোমশাইয়ের শ্রাদ্ধের কার্ড মার নামে ও আমার নামে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
পেয়েছি। সত্যি এরকম মৃত্যু কখনো শুনিনি। আমি স্বামীজী ও সকলকে বলেছি। তোরা অতি ভাগ্যবান ও ভাগ্যবতী এই রকম পিতার সন্তান।

ভালবাসা রইল

ছবিদি

৮৬

বিন্ধ্যাচল

৬.৪.৮০

প্রিয় বিশুদ্ধা

তোমার চিঠি মা শুনলেন, বললেন "ওকে এখনি চিঠি লেখ", কয়েকদিন যাবৎ মা বলছিলেন "মেয়েটার খবর পাওয়া যাচ্ছে না। দিল্লীতে যখন ছিল পাটন সব সময় খবর দিয়েছে। তুমি চিঠি লেখ, যেন দুলাইন মাকে লেখে যদি পারে।" এমন সময় ৩০ শে তোমার পৌঁছ খবর টেলিগ্রাম এলো। মনে হয় কাশীতে এসে পড়েছিল। তোমার চিঠি শুনে মা বললেন- "আশ্রমের মেয়ে - যারা যেখানে অসুস্থ হচ্ছে সকলকেই আশ্রম করছে- এসব কথা অগ্রাহ্য করা। ডাক্তার যা বলেছে নিয়মিত ওষুধ নেওয়া, ঐ রূপটা আর না হয় -ডাক্তার যেন দেখেন।"

"ঐরূপে দেখা সবারই কষ্ট হয়। আর তোমার কষ্টের তো কথাই নেই। তুমি এখন আর নড়ো না যাতে শরীর ঠিকমত মজবুত হয় তার চেষ্টা করো। মানুষ মানুষের জন্যই করে। এতে কারও কিছু বলবার নাই। নিজে সুস্থ হওয়া, নিজের শরীরকে এতো হেয় জ্ঞান করতে নেই। সর্ব্বদা চিঠিপত্র দেওয়া। যখনকার যা মাকে জানানো।"

শরীর কেমন আছে? ভাল থেকো। ভালবাসা নিও।

ইতি

পারুলদি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৮৭ বারাণসী

২৩.৪.৮০

শ্রদ্ধেয়া বিশুদ্ধাদি,

তোমাকে চিঠি দেব ভাবছিলাম। কিন্তু হাত চলছিল না। চিত্রাদিকে লিখেছিলাম তোমাকে জানাবার জন্য। দাদাভাইয়ের দেহ রক্ষার খবর শুনেছো। মা যাবার সময় স্টেশনে বল্লেন - "প্রতিমা বিসর্জন হলো।" আমরা ৩ দিন সংযম পালন করেছি। আর ১৩ দিন ধরে সকালে ৮টা -৯টা কীর্ত্তন, ৯.১৫ মিনিট পর্য্যন্ত ধ্যান তারপর ৩ অধ্যায় গীতা পাঠ, চন্ডীস্তব পাঠ এবং আরতি। সন্ধ্যায় রামায়ণ ও স্তব পাঠ এবং দাদাভাইয়ের বিষয় আলোচনা এবং মার বই পাঠ চলছিল। এক তারিখে ১০৮ কুমারী, ১০৮ সাধু, ১২ জন ব্রাহ্মণ ও ১০ জন বটুক ভোজন হবে। সমবেত ভাবে দাদাভাইয়ের পূজা ও ভোজ্যদান ইত্যাদি হবে। ১৬ তাঃ দাদাভাই দেহ রেখেছেন, ১৭তাঃ গঙ্গায় সলিল সমাধি হয়েছে। তুলসীদি সব সময় কাঁদছে।

তুমি কেমন আছো ?

ইতি

জয়া

৮৮ বারানসী

২৫.৪.৮০

স্নেহের বিশুদ্ধা,

আমাদের এইরূপ নিদারুন মর্ম্মান্তিক ঘটনা তুমি জয়া, গুনীতা ও মালার চিঠিতে জানতে পেরেছো, এই বিষয় লিখবার শরীরে ও মনে একটুও ক্ষমতা নাই। আমাদের অধিষ্ঠাত্রী দেবী আজ মায়ের চরণে বিলীন হয়ে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
গেছেন। আশ্রমের স্তম্ভ ভেঙ্গে গেল। কলম আমার চলছেনা। তোমায় কি লিখবো? গতকাল গুনিতার কাছে তোমার চিঠি দেখে বললাম বিকালে যখন দাদাভাইর বিষয় আলোচনা হয় তখন বিশুদ্ধার চিঠিখানা পড়ে সকলকে শুনিও। দাদাভাইর প্রতি কত সুন্দর গভীর আন্তরিক শ্রদ্ধা ভক্তি ভালবাসা প্রকাশ করেছো। নারায়ণ স্বামীজী শুনে বল্লেন - ' চিঠিখানা ছাপাতে পাঠিয়ে দাও।'তাই লিখছি তুমি দাদাভাইর বিষয় লিখে এখানে অবশ্য পাঠিও। জয়া, গীতা,চন্দন, গুনীতা সকলে লিখেছে।

তুমি যদি পার তবে ১লা তারিখের মধ্যে এখানে পৌছঁতে চেষ্টা করো। আমরা সকলেই শেষ সময় সামনে ছিলাম। তোমার কথা খুবই মনে হচ্ছিল। মনের অবস্থা বোঝাতে পারবো না। তুলসী বেচারী খুবই ভেঙ্গে পড়েছে। দুবেলার প্রোগ্রাম খুব সুন্দর ভাবে চলছে। মার শরীর মোটেই ভাল না। সর্ব্বদা দাদাভাইর কথা বলেন।

ভালবাসা নিও

গঙ্গাদি

৮৯ ২৫.৬.৮০

প্রিয় বিশুদ্ধা

তোমার চিঠি পেয়েই মাকে শুনিয়েছিলাম। উত্তর দিতে দেরী হলো ভাই। মা বল্লেন - "তুমি সুস্থ, ওষুধও খাওনা- সকলেরই খুব খুশীর কথা - নিশ্চিন্ততার দিক ।

ব্রহ্মানন্দের ভাগবৎ উত্তম প্রকারে হয়ে গেল। সকলেরই আনন্দের প্রবাহ ছিল। ৫০-৬০ জন সাধু ভোজন বস্ত্র দক্ষিণাসহ, ১০৮ জন ব্রাহ্মণ ভোজন - সবই হয়েছে। সকলে ভুলে আছে আনন্দে। সর্ব্বদা চিঠিপত্র দিও। ভগবৎ স্মরণে আনন্দে থাকবে। বাড়ীর সকলে বন্ধুরা ভাল তো ?" মার শরীর একেবারেই ঠিক নেই। মা বৃন্দাবন যাচ্ছেন, ওখানের ঠিকানায়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চিঠি দিও। এখানে ভাগবৎ পারায়ণ হচ্ছে , মা শুয়েই থাকেন। কখনও একটু সময়ের জন্য ওখানে যান।

ভালবাসা জেনো।

ইতি

পারুলদি

৯০ ২৮.৬.৮০

স্নেহের বিশুদ্ধা,

গতকালই মা তোর চিঠি আসা মাত্রই শুনলেন। মা বললেন, " ডাক্তার যা বলছে সেইভাবে করা হচ্ছে, কেমন থাক সর্ব্বদা খবর দেওয়া। এ শরীর তোমার চিঠির অপেক্ষায় থাকে। এত অসুস্থ, রকমারিতে এত কষ্ট এর মধ্যে হাসি মুখ - এটাই বিশেষত্ব।"

"ভাই বৌ সকলে ভাল,আনন্দের কথা। যা লিখেছে সর্ব্ব বিষয়েই পুঙ্খানুপুঙ্খ রূপে জানানো। বৌদি, ভাই খুব যত্ন করছে- ইহা খুব আনন্দের কথা। মোটরগাড়ী ছাড়া চলাফেরা করা না, যাতে শরীর সুস্থ থাকে। সব দিক দিয়ে সব ঠিক থাকা।"

ভালবাসা নিস

ছবিদি

৯১ পুণা

২৪.১.৮১

বিশুদ্ধা,

তোর দুটো চিঠিই পেয়ে মাকে শোনানোয় মা বল্লেন - "উঃ বাবা এত ঠান্ডায়, এই শরীর নিয়া? না না এটা কি করে হয়?" আমি বল্লাম - আর মানা করা কি করে সম্ভব ? এতদিনে বোধহয় গিয়ে ফিরেও এসেছে। তুমি কি উত্তর দেবে? মা বল্লেন - "ফিরে এসে লিখুক, তারপর উত্তর দেওয়া।"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাল তোর চিঠি শুনে মা বল্লেন- 'ভালমত তীর্থস্নানাদি করে বাড়ীতে স্থিতি - আনন্দ। সুস্থ খবর সর্ব্বদা দেওয়া । সৎ পরিবেশে মনটা রাখার চেষ্টা, যাত্রায় সব দিকের অনুকূল- ভগবানের কৃপা, যাদের উপর ভগবানের কৃপা- তাদেরই মন বাসনার সফলতা।

মার শরীর নৈমিষারণ্যে ভাল ছিল, বম্বেতে ও মন্দ ছিল না। কিন্তু পুণায় এসে একটুও ভাল নেই। বমির ভাব, খাওয়ার ভাব বিশেষ নেই। তবে mood খুবই ভাল। এতদিন মা ওপরে বসতেন, নীচে থেকে ভক্তরা দর্শন করতো। মা না ডাকলে ওপরে যাওয়া নিষেধ ছিল। গতকাল থেকে নীচে নেমেছেন, এখান থাকে ২৭.২.৮১ তাঃ মা হায়দ্রাবাদ যাবেন, ১/৩ বম্বে, ২/৩ ভীমপুরা হ'য়ে ৪/৩ এর পর বৃন্দাবন যাবার কথা।

শুভেচ্ছা নিস্

রীণা

৯২

এলাহাবাদ

১২.১.৮২

ভাই ছবি ও বিশুদ্ধা,

৯ই শনিবার একা মির্জাপুরে নামা, তারপর বিন্ধ্যাচলে গেলাম। মা সেদিন বেলা দুটোয় এলহাবাদ রওয়া হলেন। বিকেল পাঁচটায় 31George Town এ প্রবেশ। রাতে মা সেখানে থাকলেন। আমারাও মার পার্টি ওখানেই রইলাম। কনখল ও কাশীর মেয়েরা অরুণার দাদুর বাড়ীতে আছে। মার শরীর চলবার মতন, তবে সে রাত ও পরদিন বেলা ১০টা অবধি শোওয়া। আমাদের camp ও কুটিয়া এখনো incomplete তাই পানুদা সবাইকে বল্লো তিনদিন পরে যেতে। শুধু মার টুকু হয়েছে।

Procession শুরু হলো বেলা তিনটেয়। মা প্রথম আড়াই মাইল মোটরে আধ শোওয়া, সামনের সীটে ভাস্করদা ও স্বামিজী, পেছনের মোটরে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নির্ব্বাণদা, নির্ম্মল ও সচ্চিদানন্দ এলহাবাদে এসেছেন। কুম্ভের বাঁধের পর মা শান্তার দেওয়া বাসুকীর ছত্রসহ কনখলের রূপার সিংহাসনে উঠলেন। নির্বাণী আখাড়ার প্রবেশ, তাই মোহন্তজী (গিরধর নারায়ণপুরীজী) উদ্যোগী। গীতা ভারতীও ছিলেন। অত উঁচুতে কি কষ্টে যে মা উঠলেন বলা যায় না। তিন ব্রহ্মচারী ও উদাস হিম্‌সিম খাচ্ছে পাছে মার উঠতে গিয়ে চোট লাগে। নামানো ও খুব মুস্কিল। পায়ের জোর তো নেই। step ফেলা যে কী অবস্থা। যাক্ ৫ মাইল হাঁটলাম। ফিরে এসে মা কুটিয়ায় শুয়ে পড়লেন। মা এখনো বলেননি সরস্বতী পূজো কোথায় হবে। ১৬ তাঃ মা হয়তো অন্যত্র চলে যাবেন।

চিত্রাদি

৯৩

দেরাদুন

১৫.৭.৮২

বিশুদ্ধা,

তোমার চিঠির কথা মাকে বলেছি। মা বললেন- "কবে যাচ্ছে ওরা? ভগবান যা করান করা। এর মধ্যে মায়ের কোন কথা মেই। সুস্থ খবর সর্ব্বদা দেওয়া।" ছবিদির চিঠির কথাও মা শুনেছেন। পুষ্পদি চিঠি দেবে। "যখন তোমার সুবিধা হবে ঐ পূজাটা দিও"- মা বল্লেন। মার শরীর সেই একই রকম চলছে। উন্নতি কিছুই দেখা যাচ্ছেনা। বরং দিনে দিনে দুর্ব্বলতা বাড়ছেই। বমির ভাব সে রকমই রয়েছে, সেজন্য খাওয়াটা নিতে পারছেন না। দিন রাত চুপচাপ শুয়ে থাকেন। কোন কথা নেই। আর কি?

ভালবাসা রইলো - জয় মা।

পারুলদি

(মার কাছ থেকে শেষ চিঠি)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

देहरादून
२७.५.८०

प्रिय बहिन विशुद्धा

सदा सुखी स्वस्थ चिरायू हो। पत्र मिला। तुम्हारी कुशलता पढ़कर आनन्द हुआ, तुम्हारा पत्र माँ को सुनाया, माँ ने कहा "तुम पहले से बहुत अच्छी हो, सुनकर सबको आनन्द हुआ। लिवर बढ़ने की बात सुनकर कहा अच्छे डाक्टर की चिकित्सा करके जल्दी से ठीक हो जाओ। श्रीमाँ ने यह भी कहा कि उसे लिखना यहाँ अतिरूद्र यज्ञ हो रहा है। १६ ता. से शुरु हुआ है और २१ ता. को पूर्णाहुति होगी। ५ हवन कुण्ड हैं और ५५ पंडित रोज सुबह से शाम तक पाठ करते हैं। सब मिलाकर ५८ पंडित आयें है। माँ ने बताया हाथ जोड़कर बिना देखे बिना बोले परिक्रमा करने की विधि है। इस तरह याने इस speed से जैसे कोई सिरपर भार रख के चलता है याने जल्दी जल्दी भागड़ से नहीं चलना, परिक्रमा करने की ऐसी विधि है।" श्री माँ सुबह १० बजे यज्ञ मंडप में जाती हैं और शाम को साढ़े ६ से ७ तक दर्शन का समय रखा है। तुम्हारा हमारे सबके साथ नहीं होने की कमी हर समय अनुभव होती है। माँ के २१ ता. को पूर्णाहूति के बाद २ या ३ दिन के लिए किशनपुर आने का बात हो रही थी, अब सुनती हूँ कि राजा बहन अभी और कुछ दिन माँ को अपनें पास रखेंगी। माँ ने यह भी कहा कि हवन का प्रसाद थोड़ा चुरा करके लिफाफे में विशुद्धा को भेजना। मेरा खयाल है कि माँ यहाँ से कहीं जाने के पहले कनखल होकर ही जायेंगी। माँ का प्रोग्राम मालूम होने पर तुम्हे लिखुंगी। माँ का शरीर पहले से कुछ अच्छा है।

गुरू पूर्णिमा तो कनखल में ही होगी। संयम सप्ताह ऋषिकेश में और दुर्गा पूजा बॉम्बे में होगी । आज सुना १२/१३ जून तक माँ देहरादून ही रहेंगी। तुम अपने स्वास्थ्य के बारे में पत्र लिखती रहना। यहाँ सब तुम्हें याद करते हैं व शुभ कामनाए भेंजते हैं। शुभ कामनाएँ सहित

लछ्मी दर

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Varanasi

Dear Vishuddha,

It was so wonderful to see you up, even though you were so much weak. Almost as soon as I went to Ma's room even before I could convey the pranam, Ma of Her own accord was saying – "Vishuddha Vishuddha", i.e. first news of Vishuddha. Ma listened intently, Chitra's both letters were read out to Ma. Ma asked if you had received the Prasad sent through Ranjit Da. I do hope you are now much better. Over here the girls and elders, were eagerly asking how you were. The girls said they didn't receive your Saraswati Puja letter and were asking fondly after your health. Akkajee, Indirajee, Gayatri, Satidi & the others were so happy-you were better. Bunidi's didima, Nioti, Kalondi, Kanti. Bhandarkarjee send their ashirvad and send "get well" and come soon and just be here. You don't have to do anything". So fondly and lovingly these old people were asking and the little ones for your news sake.

Please, please don't worry over what's happened, just be calm and well and come back soon. I'll come & fetch you any time, date you suggest at your convenience. Jewels need settings appropriate to them.

With lots and lots of love from us here at the ashram.

Lovingly Kirpal

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Telegram From MA

X 1040 A 10 GHAZIABAD C 3

ELL BISHUDDHA MA SAID SARBAKHAN BHAGABATH SWAPANER CHESTA PROCEEDING DEHRADUN

4TH = CHITRA =

X 2020 P 80 DEHRADUN 21 11

WIRE BISHUDDHAS PRESENT CONDITION MOTHER INFORMED = GURUPRIYA =

D 1320 A 29 VARANASI H U 23 17 6

=WIRE BISUDDHAS CONDITION MY ADDRESS FROM DIDI =BITHU

X 1330 5 VARANASI S 22

= ALL EXTREMELY ANXIOUS FOR BISUDDHA (.) PRAY MOTHERS BLESSINGS FOR

OMPLETE RECOVERY = KANYAPEETH STAFF AND STUDENTS =

Congratulations passed first division

N. B.—The name of the sender if telegraphed at—Rs. per word. Mahamahopadhyay
NOTE 1—1—23 Telegraph [illegible] Gopinath Kaviraj Saughter

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Replica
Telegram From MA

X 1040 A 10 GHAZIABAD C 3 1

TELL BISUDHA MA SAID SARBAKHAN BHAGABAT

SWARANER CHESTA PROCEEDING DEHRADUN

4TH = CHITRA =

= X 2020 P 80 DEHRADUN 21 11

WIRE BISHUDDHAS PRESENT CONDITION
MOTHER INFORMED = GURUPRIYA =

0 1320 A 29 VARANASI H U 23 17 G

=WIRE B ISUDDHAS COND I T ION MY
ADDRESS FROM D I D I =B I THU

==== X 1350 5 VARANASI S 22 26

= ALL EXTREMELY ANXIOUS FOR BISUDDHA (.)
PRAY MOTHERS BLESSINGS FOR

COMPLETE RECOVERY = KANYAPEETH
STAFF AND STUDENTS =

Congratulations passed first division
Sudha
Mahamahopadhyay Gopinath
Kaviraj's daughter

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আরো কিছু চিঠি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১

স্নেহের বিশুদ্ধা,

আমার কয়েকটা ঘটনা মনে পড়ে- শ্রীমায়ের সঙ্গে , তারিখ মনে নেই। শ্রীমা, দিদি, সাধনদা, বুনিদি ও আমি মার সঙ্গে আলমোড়া যাচ্ছি মায়ের জন্মোৎসব হবে ওখানে। আমরা দেরাদুন থেকে এসেছি। ছোট স্টেশন, দিদি ভয়ানক ব্যস্ত। আমরা 3rd class এ যাচ্ছি, আর মাকে দিদি 2nd class এ নেবেন। অনেক জিনিষ, ট্রেন মাত্র দুমিনিট দাঁড়ায়। দিদি আমাদের বড় বড় দুটো স্টীলের বাক্স আর কিছু ছোট ছোট জিনিষ দিয়ে একটু জোর দিয়ে বল্লেন সব ঠিক মত তোমরা দুজনে আছো তুলে নেবে। কুলী আসবে একটু পরে। ট্রেন আসাতে আমরা দুটো বাক্স তুলে নিজেরা উঠে পড়লাম কোন রকমে। বাক্স গুলো ঠিক দরজার কাছেই আছে দেখি শ্রীমা খুব দ্রুতগতিতে আমাদের Compartment-এ চলে আসছেন। আমি বাক্সের ওপরে শুয়ে পড়ে মার হাত ধরতেই মা কিরকম করে যেন উঠে এলেন। খুব হাসাহাসি হচ্ছে আমাদের মার সঙ্গে, মাকে পেয়ে...। মা বলে বলে বাক্স গুলো ঠিকমত লাগিয়ে তিনজনের শোবার ব্যবস্থা করলেন- খুবই মজার মনে হচ্ছে। হঠাৎ আমার মনে হলো- "মা, তুমি ঐ বাক্স গুলোর ওপর থেকে কি করে এলে? ট্রেন চলতে আরম্ভ করে ছিল, আমি হাত ধরতে মার শরীর একটা পালকের মত যেন উড়ে এলো", মা বল্লেন- "ঐ রকম কখনো কখনো আপনি হয়ে যায়।"

ভালবাসা নাও

রেণুদি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২ এলাহাবাদ

০৩.০৩.৪২

স্নেহের বিশুদ্ধা,

শিব রাত্রির দিন মনে হচ্ছিল আমার প্রথম শিবরাত্রি। শ্রীমার কাছে ১৯৪২-৪৩ হবে - সাবিত্রী (ক্ষমা) আর আমি মার সঙ্গে যমুনার ধারে ক্যাম্পে আছি। প্রভুদত্ত ব্রহ্মচারীজি ১০৮ মন্ডলি ডেকেছেন, দূরে কোথাও অখন্ড কীর্তন হচ্ছে। শিব রাত্রি, মা বল্লেন – " তোমরা দুজনে কুটিয়ায় বসে খুব ভাল করে জোগাড় করে শিবপূজো করো প্রহরে প্রহরে।" আমি জানি, সাবিত্রী নিশ্চয়ই পূজা জানে, খুব ভাল হবে। জোগাড় করে পূজোয় বসলুম আমরা। ওর দেখাদেখি আমি শিবকে বেলপাতা জল দিতে লাগলুম। তারপর সাবিত্রী আর কিছু বলে না। বল্লো-তুমি নিজের মনে পূজা করো, বলে চাদর মুড়ে মুখ ঢেকে চুপ করে গেল। মহা মুস্কিল-রাত আর কাটে না, আমি জোরে জোরে " নমঃ শিবায় " করতে লাগলুম- মা ডেকে পাঠালেন, বল্লেন- "ঐ নাম জপ করে অনেকে, জোরে জোরে করতে নেই, জান না?" পরে একজনকে বল্লেন "ওদের শিব পূজো করিয়ে দে।" আমাদের শিব পূজোর ঘটা দেখে পরে মাও খুব হাসলেন।

ভালবাসা নাও

রেণুদি

৩ ১৯৪৮

স্নেহের বিশুদ্ধা ,

আমি আর একজন নাম মনে পড়ছে না, গিয়েছিলুম বিরাজমোহিনী দিদির সঙ্গে দেখা করতে। সিঁড়ি দিয়ে উঠছি, কেউ নেই মনে হলো একেবারে নিঃশব্দ। ওপরে উঠতে উঠতে একটা হল্লা করে লেখাপড়ার আওয়াজ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
পাওয়া গেল। মাঝখানে lantern, তার চারদিকে বসে ছোট ছোট বাচ্চারা পড়ছে। পায়ের শব্দ শুনে গলার আওয়াজ আরো বেড়ে গেল। আমার চোখ পড়লো একটি ছোট মেয়ে চোখ ভারী দুষ্টু দুষ্টু, পরে ঐ মেয়েকে বিরাজমোহিনী দিদির হাত ধ'রে আশ্রমে আসতে দেখে আবার চোখ পড়তেই বড় হাসি পেলো। পড়তে বসলেও হাসতো আর খুব কথা বলতো মা নাম দিলেন বিশুদ্ধা।

অনেক ভালবাসা নাও।

রেণুদি

৪

এলাহাবাদ

২৯.১০.৫৭

স্নেহের বিশুদ্ধা,

তুমি কি আমাদের আর শান্তিতে থাকতে দেবে না? যথেষ্ট হয়েছে, এবার তাড়াতাড়ি ভাল হয়ে ওঠ। লেখাপড়ার ভয়ে যদি হয় তাহলে বাপু আমরা কথা ফেরৎ নিলাম। তোমায় আর লেখাপড়া করে দরকার নেই। এখন ভাল হয়ে উঠলেই হল। শ্রীশ্রীমা দুদিন যাবৎ সমানেই তোমার কথা বলেছেন, কাজেই মায়ের বেশ খেয়াল আছে তোমার ওপর। তোমার চিঠি আমি সবই পেয়েছি কিন্তু উত্তর আর দেওয়া হয়নি। আমার কাশীর চাকরির এখনো কিছু ঠিক হয়নি, তোমার প্রার্থনাটা বোধহয় কার্য্যকরী হয়েছে। আসছে বছর দূর্গাপূজা এলহাবাদে, তার আগে ভাল হয়ে উঠতে হবে।

ভালবাসা জেন।

বীথুদি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫ বম্বে

৩০.৩.৫৮

স্নেহের বিশুদ্ধা ,

তোমাকে এদিক থেকে লোকজন চিঠিপত্র দিয়ে একদম flood করে দিচ্ছে। তাই যদিও সারাক্ষণ তোমার কথা মনে হয় আমি তোমাকে চিঠি লেখা থেকে একটু সবুর করেছি। এখান থেকে শিবরাত্রির পরে এলাহাবাদ ফিরে গিয়ে তোমার একটা cheerful postcard পেলুম। তোমার ভয়াবহ অবস্থার কথা জেনে প্রস্তুত হলাম কলকাতা যাব বলে। শেষে যাওয়ার ইচ্ছেটা আমরা পেছিয়ে দিলাম। মা কাশীতে আসায় সেখানে গেলাম। মা বাসন্তী পূজার কিছু ভার দিলেন। দশমীর দিন দিদি , নারায়ণ স্বামী, আমি ও আরও ৫ জন এখানে এসেছি। তোমার শরীরের বিষয় এখানে সব সময় খবর পাচ্ছি। শরীর মার কৃপায় সুস্থ হোক এই প্রার্থনা করি।

তুমি অসুস্থ জেনে অবধি মনটা আধমরা হয়ে আছে, মনে হয় কোথায় কি ব্যথা পেয়েছ তাই বুঝি এরকম। Anyway you will now survive into a stronger personality and a healthy body.

My love and heart is with you.

With my fondest love,
রেণুদি

৬ কাঁশীধাম

২.৭.৫৮

দীর্ঘজীবিতাসু,

স্নেহের বোন বিশুদ্ধা,

কেমন আছ? আশা করি মার কৃপায় ভাল আছ। তোমার যদি কষ্ট না হয় নিজ হাতে সমস্ত তোমার অবস্থা লিখিয়া জানাও। আমরা ভগবানের নিকট তোমার মঙ্গল কামনা করিয়া থাকি। তুমি একেবারে সুস্থ হইয়া দীর্ঘ আয়ু প্রাপ্ত হইয়া সুখে শান্তিতে নিরাপদে বাঁচিয়া থাক, এই ভগবানের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিকট প্রার্থনা সর্ব্বক্ষণ। তুমি ভাইরা বৌদিরা সবাই প্রীতি সম্ভাষন শুভেচ্ছা জানবে।

ইতি
শুভার্থিনী
তোমাদের দিদিমা
(বুনিদির দিদিমা মনোরমা বসু)

৭

শ্রী শ্রীদুর্গাসহায়

কাশীধাম
২১.১২.৫৮

কল্যানীয়াসু,

তোমার পত্র পাইলাম। এবারে বেশী বিলম্ব করিয়া উত্তর দিয়াছ এবং উত্তরও খুব সংক্ষেপ। তোমার পত্র আসিতেছে না বলিয়া আশ্রমে ক্ষমার কাছে খোঁজ নিতে হইয়াছিল। ক্ষমা বলিল পত্র পাইতে বিলম্ব হইলে মনে করিবেন ভালই আছে। কিন্তু তোমার পত্র পড়িয়া যখন জানিলাম যে তোমার শরীর বিশেষ ভাল না। তখন বুঝিলাম ক্ষমা আমাকে সান্ত্বনা দেওয়ার জন্যই ঐরূপ বলিয়াছে, মূলে কিন্তু আমার ধারণাই ঠিক। কেন ভাল যাইতেছে না একটু বিস্তৃত ভাবে লিখিলেই ভাল হইত। সন্দেহের মধ্যে রাখিলে দুশ্চিন্তা আরও বাড়ে।

মা যে মঙ্গলময়ী একথা অতীব সত্য এবং সর্ব্বদা সর্ব্বাবস্থায়ই মঙ্গলময়ী। কিন্তু একথা বলা কি লেখা যত সহজ, বোধে বোধ হওয়া তত সহজ ত নয়ই বরং অতি কঠিন। লক্ষ লক্ষ লোকের মধ্যে দুই এক জনেই এ কথা ঠিক ঠিক বলিতে পারে। বাকী সাধারণ লোকে শুধু শোনা কি পড়া কথারই আবৃত্তি করে মাত্র। যখনই বিপদাপদ উপস্থিত হয় তখন ঐকথা ভুলিয়া গিয়া হা হুতাশ করিতে থাকে। সুখের অবস্থায় তাহারা মাকে শুধু মঙ্গলময়ী বলিয়া জানে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমার কথা হইল এই, যে পর্য্যন্ত না বোধে বোধ হইবে যে মা মঙ্গলময়ী সে পর্য্যন্ত কামনা বাসনা মনে যাহাই উঠিবে, তাহাই মাকে জানাইব এবং বলিব, "মা, পূর্ণ কর আমার এই সব বাসনা কামনা" এবং বাসনা কামনা পূর্ণ করিলেই মার সহিত সম্পর্কটা নিবিড়তর, নিকটতর হইয়া উঠিবে। বাসনা কামনা যত দিন মনে জাগে ততদিন বুঝিতে হইবে মাকে ঠিক মঙ্গলময়ী বলিয়া মনে করিনা - মাকে মঙ্গলময়ী বলিয়া মনে করা আর সর্ব্বাবস্থায় নিজেকে সুখী ও তৃপ্ত মনে করা একই কথা - সে জানে মঙ্গলময়ী মাই তাহাকে ঐ অবস্থায় রাখিয়াছেন তাহার মঙ্গলের জন্য।

তুমি যদি বাস্তবিক নির্ব্বাসনা হইয়া থাক তাহা হইলে আমার কিছুই বলিবার নাই। আর তাহা না হইয়া থাকিলে - অর্থাৎ আমাদের মত যদি মনে কামনা বাসনা থাকে তাহা হইলে তাহা পূর্ণ করার জন্য মাকে জানানই উচিৎ।

শ্রীশ্রীচন্ডীর অর্গলা স্তব ও কবচ সিদ্ধস্তবের মধ্যে অন্যতম। উহা এমন সুন্দর ভাবে রচিত যে নিম্নতম সাধারণ অধিকারী হইতে উচ্চতম সাধক পর্য্যায়ের অধিকারী পর্য্যন্ত সকলেই পাঠ করিয়া ক্রমশঃ মার কৃপায় উন্নততর হইতে পারেন। মূলচন্ডী তুমি পাঠ কর কি না কর অন্ততঃ এই দুইটা স্তব প্রত্যহ প্রাতে পাঠ করিয়া শেষে অন্য কাজে যাইবে - মা যেন তোমার সম্মুখে সহাস্য বদনে বসিয়া আছেন এবং তুমি তাঁহারই শ্রীচরণে স্তবোক্ত প্রার্থনাগুলি জানাইতেছ। কবচে দেহস্থ অঙ্গ প্রতঙ্গগুলি এমন কি মন বুদ্ধি অহংকার পরা প্রাণ বায়ু, ধর্ম ইত্যাদি রক্ষা করার জন্য মার কাছে প্রার্থনা করা হইতেছে। মঙ্গলময়ী মাই ঠিক ঠিক রক্ষা করিতে জানেন ও পারেন। পশ্চিম দেশীয় সাধুগন অনেকেই হঠযোগ অভ্যাস করিয়া স্বাস্থ্য ঠিক রাখেন। শরীর সুস্থ ও নিরোগ না থাকিলে সাধন, ভজন, জপ, তপ ত দূরের কথা অধ্যায়নাদি কোন কর্ম্মই করা সম্ভব হয় না - উল্টা অপর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কে বিব্রত করাই সার হয়। মা বলেন - তোমার মধ্যে কত গুণ আছে কিন্তু শরীর অসুস্থ বলিয়া সে গুণগুলি সম্যক পুষ্টি লাভ দূরের কথা, কোন কাজেই আসিতেছে না। তাই উক্ত কবচ পাঠ একান্ত আবশ্যক। একদিনও বাদ দিবে না। ভাবময়ী মা আমাদের ভাবানুযায়ী বিচার ব্যবস্থা করেন, তুমি যদি মনে কর বেশ আছি, আর কি চাই? ব্যস্ ঐ পর্য্যন্তই তোমার চাওয়ার ও পাওয়ার শেষ হইল। মা অনন্ত ঐশ্বর্যশালিনী। আবার কল্পতরুও বটে। রুগ্ন শরীরে হাত গুটাইয়া একান্তে বিষন্ন বদনে দিন কাটান ভাল না সুস্থ সবল শরীর নিয়া মার সেবা, মার সন্তানদের সেবা, জপ, ধ্যান, নানারকম বিদ্যা অর্জন করিয়া মানুষের মত মানুষ হওয়া ভাল? তোমার ঐ ভাব আমার মোটেই ভাল লাগে না। কল্পতরুর কাছে সব কিছুই চাইবে - শারিরীক সম্পদ, জাগতিক সম্পদ এবং সাধন সম্পদ - এক কথায় সব কিছুই। এমন কি পাইয়াছ যে তৃপ্ত প্রাণে বলিতেছ - মা যা করেন মঙ্গলের জন্যই, ঐ সব শুষ্ক প্রাণহীন ভাব দূর কর। রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষোজহি বলিয়া অগ্রসর হও। রূপ অর্থে শারীরিক রূপও হইতে পারে আবার আন্তরিক রূপ, স্বরূপও হইতে পারে, জয় অর্থে জাগতিক ব্যাপারে জয় আবার সাধন সমরে জয় - উভয়ই হইতে পারে। অধিকারীর স্ব-স্ব ভাব অনুসারেই চাওয়া ও পাওয়ার ব্যতিক্রম হইবে।

আজ এই পর্যন্ত। স্নেহাশীষ জানিবে। দিদিকে প্রণাম জানাইবে। আমরা একপ্রকার।

পুনশ্চঃ- তোমাকে মা পুনঃ মৌন করিয়াছেন, ভালই। তোমার উপর মার বিশেষ কৃপা। স্বপাকে আহার ও মৌন থাকা প্রকৃত তপস্যার অঙ্গ। খুব অগ্রসর হও- জীবন সার্থক কর। আমার এই বৃদ্ধ বয়সে এখন আর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কতদুর কি করা সম্ভব? এ জীবনটা বৃথাই গেল। তবে সদ্‌গুরুর কৃপা পাইয়াছি ইহাই ভরসা।

ওখানে খুব আনন্দে আছ জানিয়া আমার ও আনন্দ হইল। কিষণপুর প্রকৃত সাধন ভজনের স্থান, যে উদ্দেশ্য নিয়া আশ্রমে আছ - সেই উদ্দেশ্য সিদ্ধ হওয়াই ত চাই। শরীরটাকে সুস্থ সবল রাখার প্রধান উদ্দেশ্যই হইল সাধন ভজনের অন্তরায় না হইয়া যাহাতে উহা অনুকূল হয়। যাক্ খুব উঠিয়া পড়িয়া লাগিয়া যাও। মার ইচ্ছায় সিদ্ধ মনোরথ হইয়া জীবন ধন্য কর। জয় মা।

ইতি
সতত শুভানুধ্যায়ী
শ্রী নগেন্দ্রনাথ চক্রবর্ত্তী
(আমার বাবা)

৮ . দুর্গাপুর
১৯৬২

কল্যানীয়াসু,

ভগবদিচ্ছায় আশা করি তোমরা সকলে নির্ব্বিঘ্নে পৌঁছিতে পারিয়াছ।

আজ তোমাদের সংযম সপ্তাহ আরম্ভ হইল। ভগবান করুন যেন তোমাদের সংযম সপ্তাহ মহাব্রত রীতিমত সুন্দর ভাবে পালিত হয় এবং তোমরা আনন্দে ভরপুর হইয়া যাও। আমিও ওখানে থাকিলে তোমাদের সঙ্গে যোগ দেওয়ার চেষ্টা করিতাম।

আজ সকালে হাত মুখ ধুইয়া ঠাকুর ঘরে বসিয়াছি। হঠাৎ চিন্তার ধারায় ভাসিয়া উঠিল সুন্দর একটি কথা। কথাটি একটি পুরাতন শাশ্বত সত্য। "Religion is realisation of God again Realisation of God is religion."

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
যে পথে চলিয়া ভগবানে পৌঁছান যায় তাহাই Religion.

শুভেচ্ছান্তে

শ্রী নগেন্দ্রনাথ চক্রবর্তী

শ্রীশ্রী মাকে প্রশ্ন করা হলো ধর্ম্ম কি ?

মা বল্লেন -" যা তাঁর দিকে নিয়ে যায় তাই ধর্ম্ম।"

একথা কৈলাসাশ্রমের মহামন্ডলেশ্বর স্বামী বিদ্যানন্দজীর কাছে শুনেছি।

বিশুদ্ধা

৯

পুরী

৩.৭.৬৪

পরমস্নেহাস্পদাসু

মা বিশুদ্ধা, তোমাদের পৌঁছ সংবাদ যথা সময়ে পেয়ে ভারি খুশি হয়েছে মন। তুমি আর মা ছবি কেমন আছ? যে কদিন তোমরা আশ্রমে ছিলে আনন্দে ভরে ছিল। চলে গেলেই একটা ব্যথা নেমে আসে। ছবির দেওয়া প্রনামী গুরু পূর্ণিমাতে খরচ করেছি আর যা লেগেছে আমি দিয়েছি। প্রায় ১০০ জনের মত ভক্তপ্রসাদ পেয়েছে।

তোমরা দুজন এক সঙ্গে যখন গান গাও ভারী ভাল লাগে, মুগ্ধ হয়ে যাই। শ্রী শ্রী মা তোমাদের জীবন এমনই প্রাণ চঞ্চল এবং আনন্দময় রাখুন - এই আমার ঐকান্তিক প্রার্থনা।

তোমরা আমার সশ্রদ্ধ প্রীতি গ্রহন করো।

ইতি

শুভার্থিনী মাসিমা

(ডক্টর জয়দেব মুখার্জীর মা)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১০ কলিকাতা

১৩.৫.৬৫

স্নেহের বিশুদ্ধমণি আমার,

তুমি আমার প্রাণের আশীষ নাও মা। আমি তোমাদের ওখানে এক দিদি ছাড়া আর কারো কাছে কোন দিন লিখি নাই। তাই জানিনা কি লিখতে পারি না পারি। তবে আজ এই চিঠিখানি লিখতে বসে মনে হচ্ছে তোমাকে যেন সব কিছুই লিখতে পারি। তোমার স্নেহের দান আমি প্রাণ ভ'রে পেয়েছি। ছবি নিজে এসেছিল পরশুদিন সন্ধ্যাবেলা, তোমার প্রেরিত ঐ জিনিষগুলি নিয়ে, মা বেশ হয়েছে - আমি হাঁটুতে মোজা পরে বেশ আরামে শুয়ে থাকবো আর প্রাণ ভরে করতাল বাজাবো। কিন্তু মা ঐ নিখুঁত বাজনা আমার শুনবে কে এবং এমন মধুর তালটা বুঝবেই বা কে? আমি পরশু সন্ধ্যাবেলা করতালটা নিয়ে ভক্তি করে মাথায় ঠেকিয়ে এপাশ ওপাশ করে অনেকক্ষণ ধরে বাজালাম। কেমন তাল বেতাল হ'ল না হ'ল- সে দায়িত্ব ত তোমারই, আমি ত তোমার কাছেই শিখেছি। তোমার কেমন বোধ হয় আমাকে একটু জানিও।

সুখে থাক

মাসিমা (পুণ্যময়ী দেবী)
শ্রীগঙ্গাচরণ দাশগুপ্তের
ধর্মপত্নী ও ভাইজীর নিকট আত্মীয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১১

শ্রী শ্রী দূর্গা সহায় কলিকাতা

১২.৮.৭০

কল্যানীয়াসু

তোমার পত্র পাইলাম। কাল প্রেমানন্দ ও ছবি আসিয়াছিল। প্রেমানন্দের কাছেই প্রথম শুনিলাম যে আমাদের সকলের অপূর্ব্ব এবং অদ্ভুত স্নেহময়ী দিদিমা আর এ মর জগতে নাই। যাওয়ার বয়স হইয়াছিল ঠিকই, কিন্তু মা ও দিদিমা ইচ্ছা করিলে আরো কিছুকাল অনায়াসেই আমাদের এই দুঃখটা না দিয়া পারিতেন। একজন যুবকের মৃত্যু আমাদের কাছে যেমন অপ্রত্যাশিত ও অত্যন্ত দুঃখজনক বলিয়া মনে হয় দিদিমার মৃত্যুও সেইরূপই মনে হইতেছে। দিদিমা যে এরূপ হঠাৎ আমাদের ছাড়িয়া যাইবেন তাহা কোন সময়েই মনে হয় নাই। দিদিমা ছাড়া আশ্রমের কথা ভাবিতেই পারিতেছিনা। আমাদের মত নেহাৎ নগন্য অপদার্থ লোকেদের কথা দিদিমা ছাড়া আর কে ভাবিত? মা সেই কত উর্দ্ধে আমাদের ধরা ছোঁওয়া ত দূরের কথা আমাদের চিন্তা রাজ্যেরও বাহিরে। আর আমরা আছি কত নিম্নে ধরনীর ধূলাতে। দিদিমা ছিলেন যেন যোগসূত্র স্বরূপ। মা যত বড়ই হউন না কেন দিদিমারই ত মেয়ে ব্যস দিদিমার কাছে গেলেই মনে হইত মার কাছে পৌঁছিয়া গিয়াছি- মা আর আমাদের নাগালের বাহিরে নন। কিন্তু এখন কি দাঁড়াইবে বলিতে পার?

এখন চিন্তার কথা হইল মাকে নিয়া। হরিবাবা গেলেন, দিদিমা গেলেন। মার এখন কি খেয়াল হইবে- কে বলিবে? ৩ বৎসরের উপর হইল দিদিমাকে দেখি নাই। তাই জন্য অনুতাপ হইতেছে। এখন মাকে দেখিবার ইচ্ছা হইতেছে। কি করা যায় ?

শরীর একপ্রকার। তুমি স্নেহ ভালবাসা জানিবে।

ইতি

সদা শুভানুধ্যায়ী

শ্রী নগেন্দ্রনাথ চক্রবর্ত্তী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১২

কাশী

৫.৮.৭১

স্নেহের বিশুদ্ধা,

সুখবর পেয়েছো নিশ্চয়। কাল তোমার result জানবার জন্য আশ্রমে গিয়ে শুনলাম তুমি 1st class পেয়েছো। বুঝতেই পারো আমরা তোমার কৃতিত্বে কি খুশীই না হয়েছি। তোমাকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। তোমার সুস্থতা ও মঙ্গল কামনা করি। তুমি যে সাধারণ মাপকাঠির অনেক উপরে-এ বিষয়ে দেখলাম সবাই একমত। ওঁরা কি খুশী হয়েছেন বুঝতেই পার। আমারও মনে হচ্ছে তোমার থেকে আমরাই বেশী গর্বিত বোধ করছি। যাক্ সংবাদ বাহক হওয়ার জন্য তখনই মিষ্টি পেয়ে গেলাম। বৌমা আজ গোপালকে নাড়ু ভোগ দেবেন শুনলাম। তুমি অক্টোবর পর্য্যন্ত ছুটি নিয়েছো। এখন শরীর ঠিক করে নাও। সুস্থ শরীর থাকলে তুমি অনেক কিছুই করতে পারবে। কাল পুষ্প এখানে এসেছে। মা বলেছেন, "বিশুদ্ধা চন্দন নাই তুমি গিয়ে ভাল করে ঝুলন কর।" পুষ্পর মন মেজাজ দেখলাম খুব ভাল। ও মাকে বলেছে মা যা বলবেন তাই করবে। শুনলাম চন্দন কনখলে আসে নাই বলেছে খুব আনন্দে আছে ও মা অনুমতি দিলে কিছু দিন ওখানেই থাকবে। দিদি দিল্লীতে আছেন। কান্তিকে বলেছি দিদিকে তোমার খবর জানাতে। তুমি চিঠি লিখে দিও, মাকে জানিও।

আন্তরিক ভালবাসা নিও। তোমাকে যেন ভাল দেখতে পাই।

ইতি

তোমার সতীদি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৩

কাশী
কন্যাপীঠ
৫.৩.৭২

শ্রীচরণকমলেষু বিশুদ্ধাদি,
আমরা মার কাছে প্রার্থনা করছি যে আপনি তাড়াতাড়ি ভাল হয়ে যান। আপনার উপর মার খুব খেয়াল আছে। আপনি মন ভাল রাখবেন। মন খারাপ করবেন না।
আপনার উপর মার কৃপা আছে ,আপনি নিশ্চয়ই ভাল হয়ে যাবেন। ভাল হয়ে এখানে চলে আসবেন। এখানে সবাই টীচাররা, পন্ডিতজীরা আপনার কথা খুব বলেন। ভান্ডারকরজী বলেছেন যে আপনি তাড়াতাড়ি ভাল হয়ে এখানে চলে আসুন।
আমাদের পরীক্ষা এক মাস পরে। আপনি আমার প্রণাম নেবেন। অন্যান্য গুরুজনদের প্রণাম দেবেন। আপনার কুশল কামনা করি।

ইতি
গৌরী
(কন্যাপীঠের কৃতী ছাত্রী)
ব্র: গীতার ছোট বোন

১৪

কলকাতা
১৫.৬.৭২

স্নেহের বোনটি,
বিশুদ্ধা, তুমি দীর্ঘদিন ভুগে বাড়ী গেছ জেনে বড় আনন্দ হলো। অনেক কষ্ট পেয়েছ কষ্ট করেছ। সবই শ্রীমায়ের পরীক্ষা বা ইচ্ছা। মায়ের অসীম কৃপায় ভাল হয়েছ। শ্রী মা ত এখন পুণায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুমি যেদিন বাড়ী যাও পরদিন আমি ফল মিষ্টি ও গঙ্গোত্রীর তীর্থ বারি ও প্রসাদ নিয়ে গিয়ে দেখি অন্য রুগী শুয়ে আছে।সেইদিন রাত্রে গোপালদা জানালেন তোমার কথা। আমি যে ফিরেছি তাতে দুঃখ নাই,আমি খুশি হয়েছি তুমি বাড়ী গেছ বলে। কেমন আছ? সম্পূর্ন সুস্থ তো? তোমার নামে তোমার দাদা তার দুদিন আগে চন্ডী পাঠ করেছিলেন। তুমি বাড়ী গেছ জেনে দিল্লী থেকে আমার বোন ও খুশি হয়ে চিঠি দিয়েছে। আমার জায়ের পেটে ক্যানসার হয়েছে, তাকে দুই দিন দেখতে গিয়েছিলাম বলে তোমার কাছে যেতে পারিনি। মায়ের কৃপায় সেও ভাল হয়ে বাড়ী গেছে। গত রবিবার আমার বাড়ী কীর্ত্তন দিয়েছিলাম। তুমি কেমন আছ জানাবে। বাড়ীতে বাবা, দাদা, বৌদি, সব ভাল আছেন নিশ্চয়ই। বাবাকে আমার প্রণাম দেবে।

ভালবাসা রইলো

ইতি

তরুদি

(শ্রী দেবেন্দ্রনাথ চ্যাটার্জীর স্ত্রী)

১৫ কাশীধাম

৫.১১.৭২

শ্রীদুর্গাসহায়

শ্রদ্ধাস্পদাসু বিশুদ্ধাদি,

আপনার পত্র অনেকদিন পেয়েছি। কিন্তু নানা কারণে উত্তর দেওয়া হয় নাই। আপনি এখানে কবে আসছেন? আপনার আসার পথ চেয়ে আছি। ৬ মাস হয়ে গেল আর কেন? এখন মার মেয়ে মার কাছে চলে আসুন। আপনারা ছোট থেকে মার কাছে আছেন, আমাদের চেয়ে অনেক বেশী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
মাকে জানেন। মা কাকে কখন কি ভাবে কি করেন বোঝা কঠিন। আপনাদের মা এমনভাবে গড়েছেন, আপনাদের দুঃখ অভিমান কিছু থাকা উচিৎ না। আপনাদের আদর্শতে সকলে শিক্ষা পাব।

বাবা প্রায়ই আপনার কথা বলেন,- "মেয়েটি বড় ভাল, মনটা বড় সাদা, ও কবে আসবে? আশীর্বাদ করি সুস্থ হয়ে ফিরে আসুক।" বাণীদি ও আপনার কথা খুব বলেন। আমি এবং শ্রীধর ভাল আছি। বাবার শরীর খুব দুর্ব্বল। পূজার পর ৪ দিনের জন্য এখানে মা এসেছিলেন।

আপনার হাতের অবস্থা আজ কাল কেমন আছে? কাকাবাবু কেমন আছেন? তাঁকে আমার প্রণাম জানাবেন। আর শ্রীমান শ্রীমতিদের স্নেহাশীর্ব্বাদ দেবেন। রাইমণি কি বলে? আপনি ভালবাসা নিবেন। সর্ব্ব প্রথম জানাবেন কবে আসছেন ।

পরে আর সব কথা।

ইতি

সুধাদি

(মহামহোপাধ্যায় গোপীনাথ কবিরাজের কন্যা)

১৬

কাশী

১৮.১১.৭২

স্নেহের বিশুদ্ধা,

তোমার চিঠি পেয়ে তোমার ভাই, ভাইপো, ভাইঝির খবর পেয়ে মনে মনে তোমার বাবাকেই প্রণাম করলাম - এ তাঁর পূণ্যে। তোমার মার অকস্মাৎ মৃত্যুর পর যখন দেখা হল - এই কথা বলে আন্তরিক দুঃখ করলেন যে তোমার মায়ের কাছে যে ছিল সে ওঁর চন্ডীপাঠে বিঘ্ন ঘটানোতে ওদের মা অসময়ে চলে গেল। এই ছিল তাঁর দুঃখের উক্তি। আমি নীরবে শুনলাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে কতখানি ভগবৎ ভক্তি থাকলে এরূপ উক্তি মুখ থেকে আসে। অর্থাৎ নিয়ম মত পাঠটা হলে কখনও তোমার মা চলে যেতেন না। এই যে গভীর বিশ্বাস এ বড় দুর্লভ, তোমরা বুঝবে না। তাঁর পূণ্যে সব কিছু জানবে। নিজেকে অবহেলা করলে আত্মহত্যার পাপ হয়- শাস্ত্র বাক্য জেনো, শরীর হল ঠাকুরের মন্দির।

ক্ষমাদি

১৭

পুণা

১৫.১২.৭২

শ্রীচরণেষু বিশুদ্ধাদি,

তোমার চিঠি পেয়ে আমার কত যে আনন্দ হল তা ভাষায় ব্যক্ত করতে পারছিনা। ছমাস পরে তোমার চিঠি পেলাম। তুমি যে মনে করে আমাকে চিঠি দেবে তা কল্পনাও করতে পারি নাই। এত অসুস্থ হতে মার কৃপায় আরোগ্য হয়ে উঠে তুমি আমাকে চিঠি লিখেছ এতেই আমি নিজেকে ধন্য মনে করছি। এই ভাবে চিঠি দিয়ে তোমার ছোট বোন কে মনে রাখ এই আমার প্রার্থনা।

বিশুদ্ধাদি তুমি কল্পনা করতে পারবে না আমার উপর মায়ের খুব খেয়াল। মা প্রত্যহ আমাকে জিজ্ঞাসা করেন আমার শরীর কি প্রকার আছে? কয়দিন যা খেতেন তাই আমার জন্য রেখে দিতেন। এখন আমার খাওয়ার মস্ত বড় লিস্ট করেছেন- সকাল ৭.৩০টায় হরলিক্স, আধ ঘন্টাপর আধ পোয়া দুধে জলে ও দুটো কমলা লেবু নুন দিয়ে, আবার আধ ঘন্টা পর দুধ দালিয়া, মধ্যাহ্নে ঝোলভাত দৈ, দুটো মুসুম্বীর রস, ২টার সময় হরলিক্স, ৪টার সময় ১/৪ পো দুধের ছানা, রাতে জুস, দালিয়া। তাছাড়া ওষুধ ও জল যথেষ্ট পরিমাণে। একদিন মা আমাকে মোটরে বেড়াতে নিয়ে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
গিয়েছিলেন। সাড়া মোটরে মা শুধু আমার শরীরের বিষয় জিজ্ঞাসা করলেন। মা কিছুক্ষণ গাড়ী থামিয়ে পাহাড়ের রাস্তায় ৫ মিঃ হাঁটলেন। আমিও হাঁটলাম। তারপর গাড়ীতে উঠেই জিজ্ঞাসা করলেন- হাঁটতে তোমার কেমন লাগছে, দুর্বলতা বোধ কর কিনা? বহুদিন যাবৎ মা আমাকে রান্না করতে দিচ্ছেন না। ডাক্তার ৬ মাস চেঞ্জে থাকতে বলেছেন তাই মা আমাকে এখানে রেখেছেন। পূজোতে হয়তো নিতে পারেন।

এখানকার উৎসবের পর মা ৩ দিন অজ্ঞাতবাসে যান। ঠাকুরভাইয়ের গাড়ীতে মা রওনা হলেন। ঠাকুরভাইও জানেন না মা কোথায় যাবেন। মুলজী ভাইয়ের বাড়ীতে চুপচাপ ৩ দিন রইলেন। পরে ভাইয়ার গৃহে ৪ দিন থেকে পুণায় এসেছেন। বহুদিন আগে নাকি ডাক্তার সুরাভাই মাকে একান্তে বিশ্রামে থাকতে বলেছিলেন, মা কথা দিয়েছিলেন- সেই কথা রাখলেন।

মা আমাকে দিয়ে খুব গান করান এবং আমার সাথে একদিন মা খুব কীর্ত্তন করেছেন। ঝুলন জন্মাষ্টমীতে এখানেই থাকবেন। তোমার শরীর এত খারাপ, সত্যি আমার খুবই কষ্ট হয়।

তুমি আমার ভক্তি পূর্ণ প্রণাম গ্রহণ করো।

ইতি

মালা

১৮

কনখল

৭.৮.৭৩

স্নেহের বিশুদ্ধা,

তোমার চিঠি গতকাল পেয়ে বড়ই আনন্দিত হলাম। তোমার কথা সর্ব্বদাই মনে হয় এবং খুব দেখতে ইচ্ছা করে কিন্তু তা আর হয় না। এবার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আশা করছি পূজার সময় দর্শন পাবো যদি মাতৃদেবীর কৃপা হয়। মায়ের শ্রীচরণে প্রার্থনা করি তুমি সুস্থ থাক আর মার কাছে এসো, তবেই ত দর্শন। আশায় যেন বঞ্চিত না হই। মা এখন রাঁচীতে আছেন। এর আগে বম্বে, পুণা ও রাজগিরে ছিলেন। মার শরীর ভাল যাচ্ছে না। তোমার শরীর ভাল রাখ, আসা চাই-ই। বর্ত্তমানে কেমন আছ? একবার এসে গুরুর স্থান দেখে যাও। ভালবাসা জানবে।

ইতি

দয়ানন্দ

১৯

কাশী

১৫.১০.৭৩

শ্রীচরণকমলেষু বিশুদ্ধাদি,

আমরা কাল সন্ধ্যায় এখানে পৌঁছেছি। ট্রেণে খুব মজা করেছি, তবে মাল বেশী থাকায় একটু অসুবিধা হয়েছে। এখানে এসে শুনলাম মা ত্রিপুরারী বাবার জন্য আবার বাঘাট হাউসে ফিরে গেছেন। এবার এখানে এসে একটুও ভাল লাগছে না। মার কথা খুব মনে হচ্ছে। আপনার কথাও খুব মনে হচ্ছে। ছোটবেলা থেকে আপনার কাছে মানুষ হয়েছি। আপনার স্নেহ ভালবাসা আমরা কখনো ভুলতে পারবো না। আপনি আবার সুস্থ শরীরে আমাদের মধ্যে ফিরে আসুন - এই মার চরণে প্রার্থনা। গোপীবাবা, সুধাদি, বুনিদির দিদিমা, মাসীমা, নিয়তিদি সবাই আপনার কথা জিজ্ঞাসা করেন। আমি আজ কাল খুব বুনি।

আমার প্রণাম নেবেন।

ইতি

প্রণতা গীতা

অমৃতবার্ত্তার বর্তমান সম্পাদিকা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২০

ওঁমা

৪৭-২ গড়িয়াহাট রোড
কলকাতা-১৯
৭.১২.৭৪

স্নেহের ভগিনী বিশুদ্ধা

তোর হাতের লেখা মায়ের চিঠিখানি পেয়ে যে কী আনন্দ হলো তা বলতে পারিনা। এ অধম সন্তানের ওপর মায়ের খেয়াল কত সময়েই হয়, তার যোগ্যতা দাদার আছে তবু, কিন্তু আমার? সম্পূর্ণ সত্য যা মায়ের অভাবনীয় কৃপায় যেন আমরা অভিভূত হয়ে পড়ি। গতকাল সকালে অপারেশন হওয়ার পর বিকেলে গোপালদা নার্সিং হোমে গিয়ে এই চিঠিখানা দিয়ে আসাতে যে কী শান্তি পেলাম বলা যায়না। কিন্তু দাদাকে তখন ঘুম পাড়িয়ে রেখেছিল তাই আজ সকালে গিয়ে পড়ে শুনিয়েছি। সকালে ডাক্তার দেখে বলে গেলেন নাকি, "কী যোগবল জানেন মশাই যে আজ এত ভাল আছেন?" মনে মনে জবাব দিলাম, "মার সঙ্গে যোগ রয়েছে তাঁর বলেই বলীয়ান।" আমাদের মাই ভরসা।

ছবির বাড়ী গিয়ে প্রসাদ পৌঁছে দিয়ে এসেছি। তোর বাড়ীতেও দেবার কথা বলে দিয়েছি। ছবির শরীর বিশেষ ভাল দেখলাম না। গোপালদার বাড়ীর খবর এই যে মাসীমার সেই একই অবস্থা, বড়দা এখন অনেকটা ভাল।

দিল্লীতে মা ৩০/১১ তারিখে আসেন আর আমরা ২৯/১১ তাঃ এখানের জন্য যাত্রা করি। আসবার দিনেও দাদা আশ্রমে দিদির সঙ্গে দেখা করে এসেছেন। এখানে কবে আসছিস? কেমন আছিস? মায়ের শরীর তো ভাল না- শুনে মনটা ভাল লাগে না। তাঁর খেয়াল ছাড়া তো কিছু হবার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপায় নেই। আজ আসি। আবার চিঠি দিস্। মাকেও একটু লিখলাম পড়ে দিস্।

ভালবাসা জয় মা

ইতি সতীদি

(মাতৃভক্ত ব্যারিষ্টার অনিল গাঙ্গুলীর স্ত্রী)

২১ বর্ধমান

৩১.৫.৭৭

আদরের বিশুদ্ধাদি,

তোর চিঠির জন্য বিশেষতঃ মার বিস্তারিত খবরের জন্য অনেক ধন্যবাদ। মার শ্রীকৃষ্ণ সেজে নাচার খবর আমি আগেই পেয়েছিলাম, তোদের গোপিনী আখ্যা দেবার খবরও। কি আর করা যাবে বল্ ? আমার তো আর গোপিনী হওয়া এ জন্মে হ'ল না - ভোগিনী হ'য়েই ত জীবনটা কাটিয়ে দিলাম। আমার না আছে 'সাধন' না আছে 'ভজন', সুতরাং তোরা হলি গোপিনী - আমি হলাম ভোগিনী - ভোগ বাসনায় রত। তোরা হলি পূর্ণ ব্রহ্ম নারায়ণের সহচর, আর আমি হলাম ষড়রিপুর সহচর । তোরা রাঙ্গা চরণ - ধ'রে আছিস্ পড়ে আর আমি কুটিল কুপথ ধরিয়া দূরে সরিয়া আছি পড়িয়া হে।

যাক্ এসব কথা, এ জীবনে তো আর কিছুই হলো না । শুধু শুধু কি রবে আর কি রবে না, কি হবে আর কি হবে না - এই বৃথা হিসেব নিকেষ করতে আর ভালও লাগে না, শুধুই দিন গত পাপক্ষয় করতে করতে সেই অবশ্যম্ভাবী পরিণতির দিকে এগিয়ে চলেছি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তোরা শুধু আমার জন্য একটু প্রার্থনা করিস- যেন সামনের জন্মে তাঁর চরণে রতি মতি হয়। অনেক আদর নে।

রীণা

২২

কাশী
৬.৬.৭৯

স্নেহের বিশুদ্ধা,

তোমার চিঠি এল। তোমার বাবার চলে যাবার খবর আগেই পেয়েছিলাম এবং ঠিক চলে যাবার সময়টা তুমি যেমন লিখেছ তেমনি আমারও মনে হচ্ছিল সতীকে বলেছি দেখিস্ পূজা পাঠ করে হঠাৎ চলে গেছেন- এই খবর আসবে। সত্যি তাই একদম ভোগেন নাই। বলার কিছু নেই। যাওয়াটাই যখন সত্য তখন এমনি করে যাওয়াই কাম্য সকলের। যেন ছিন্ন বস্ত্র ত্যাগ করে নূতন বস্ত্র পরা। তুমি বুদ্ধিমতী বিদ্বান তোমাকে এ বিষয় কী বলবো? তোমার বাবার ও মার চলে যাবার কথা বাবুকে বল্লাম। তোমার বাবার আদর্শের বীজ যে তোমাদের মধ্যে আছে তাতেই আশা যে ভগবান সকলকে বাপের মতন ভগবদ্ মুখী করে তোলেন - এই প্রার্থনা করি।

একটা কথায় আছে, "জপ তপ কর কি, মরতে জানলে হয়," সত্যি এইসব মৃত্যু দেখলে মনে হয় এঁরা ভগবান কে আমার করে ধরেছিলেন। এই আদর্শ আমি মনে ধরতে চাই, কতটা হচ্ছে কে জানে?

ক্ষমাদি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৩

শ্রী শ্রী 'মা' ভরসা

কলিকাতা
১৭.১০.৮১

পরম কল্যানীয়া,

বিশুদ্ধা, তুমি আমার শুভ বিজয়া দশমীর আশীষ লইবে। আশ্রমের মেয়েদের ও ছবিকে বলিবে। বিশুদ্ধা হঠাৎ তোমার চিঠিখানা পাইয়া মনে এত আনন্দ পাইয়াছি যে তাহা ভাষায় প্রকাশ করিতে পারিব না। আশা করি নাই যে তোমার এরূপ ভাষার চিঠি পাইব। এত কাজের ও উৎসবের মধ্যে তুমি যে আবার মনে করিয়া আমাকে চিঠি দিবে, ইহা আমি মনেই করি নাই। মার কাছে উৎসবের মধ্যে যে কী ভীড় তাহা ত আমি জানি।

ছবির গানের কথা শুনিয়া মনটা যেন জাগিয়া উঠিল। জানিনা আবার কবে ছবির গান শুনিব। তোমরা চলিয়া গেলে - অনেকক্ষণ বারান্দায় দাঁড়াইয়া তোমাদের কথাই ভাবিতে ছিলাম। পরদিন বাড়ী চলিয়া আসিলাম। সেদিন ছবির বাড়ী যাইয়া মন ভরে নাই, তোমরা আসিলে তুমি কখন ছবির বাড়ীতে থাকিবে জানাইবে সেই সময় যাইয়া ২/৪ দিন থাকিব।

সংযমের পর মার প্রোগ্রাম কি ? বর্ত্তমানে মার শরীর কেমন আছে?

মাকে আমার ভক্তিপুর্ণ প্রণাম দিবে। আমার জন্য মার শ্রীচরণের একটু ফুল আনিও। তোমরা সকলে ভাল থাক, মার কাছে আনন্দ উপভোগ কর ইহাই প্রার্থনীয়। তোমরা আমার আশীষ লইবে। স্বামিজী কেমন আছেন?

ইতি
তোমাদের মেজদি
(শ্রদ্ধেয়া চারুবালা দেবী দাদাভাইর দিদি)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৪

কাশীধাম

১৩.১১.৮২

বিশুদ্ধা,

কয়েকদিন হয় তোমার পত্র পাইয়াছি। চোখে ভাল দেখিনা, প্রায়ই লোক দিয়া পত্র পড়িতে হয়। আজ এখন প্রায় ১০টা সকাল, দিনের আলো কিছুটা দেখিতেছি, কাল মেয়েরা আসিয়া গান তোলার চেষ্টা করিয়াছিল, তাও ভাল ওঠে নাই। যা হউক তোমার ইচ্ছার জোরে একটু একটু হইয়াছে। আর কত দিন? সকলে ভালবাসা নিও।

ইতি

যোগেশদা

মার আশ্রমের প্রথম ব্রহ্মচারী

২৫

প্রাচ্যবাণী

কলকাতা

১৫.৬.৮৮

পরমাদরভাজনেষু,

ছবি ও বিশুদ্ধা, তোমাদের সুবিখ্যাত "আনন্দবার্ত্তার" জন্য একটি সামান্যাতি সামান্য প্রবন্ধ পাঠালাম পছন্দ হলে ছাপিও ও final proof নিশ্চয়ই পাঠিও। অতি ভালো শ্রী শ্রী মায়ের মেয়ে তোমরা। আমি জীবন শেষেও ত সেরকম হতে পারলাম না - কি আর করা। শ্রী শ্রী মায়ের অঙ্গের দুটি শাড়ীই কেবল মাথায় ঠেকাই।

আমি July মাসে London, New York যাব। ভাসুরপো ও বোনঝি আলতার ছেলের বিয়ে New York-এ, ভাব দিদিমা হয়ে যাচ্ছি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরমানন্দময়ী শ্রী শ্রী মা তোমাদের কল্যাণ করুণ সতত। স্নেহাশীর্ব্বাদ, শুভেচ্ছা ও ভালবাসা অনেক- অনেক-অনেক,

ইতি
নিত্য শুভার্থিনী তোমাদের
আদরের রমাদি
(ডঃ রমা চৌধুরী)
(রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য)

২৬

কনখল
২৩.১.৮৭

কল্যানীয়া বিশুদ্ধাদি,

আপনার চিঠি কয়েকদিন আগে পাই। আপনার নির্দ্দেশমত কয়েকটি কাগজ পাঠালাম। সম্ভব হইলে আনন্দবার্ত্তায় দিবেন। Date গুলি গুপ্ত-প্রেস পঞ্জিকা দেখে বসিয়ে দেবেন, আর apeal টা ছাপাবার ব্যবস্থা করবেন। যদি সম্ভব হয় গুণেনদাকে বলে আনন্দময়ী সঙ্ঘের তরফ থেকে একটি souvenir ১লা মে'র আগে ছাপান ত খুশী ও উপকৃত হবো। Article গুলি আমাদের স্মারক থেকে পাঠাতে পারি। কাজেই বিশেষ অসুবিধা হবে না। তার সাথে জ্যোতি পীঠের একটি ফটো ও ইতিহাস পাঠাতে পারি। আপনাদের সম্মতির অপেক্ষায় রইলাম। শরীরটা খুব সুবিধার নয়।

১৯/২ কলকাতায় পৌছুঁবো। ২৪শে ফিরবো। কেমন আছেন?

প্রীতি নমস্কারান্তে
স্বামী স্বরূপানন্দ
শ্রী শ্রী আনন্দময়ী সঙ্ঘের প্রাক্তন সাধারণ সচিব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৭

Bireshwar Ganguly(Diltt)
Ex-Faculty Prof, Dept of Applied
Economics Commerce
Patna University

Uma Kutir
57 Circular Road
Ranchi -834001
12.02.88

কুমারী বিশুদ্ধা চক্রবর্ত্তী
সম্পাদিকা আনন্দবার্ত্তা, পাব্লিকেশন ডিভিশন
শ্রী শ্রী আনন্দময়ী চ্যারিটেবল সোসাইটি
৫৭/১ বালিগঞ্জ সার্কুলার রোড
কলিকাতা -৭০০০১৯

কল্যানীয়াষু .

আনন্দবার্ত্তার জন্য মাতৃ-স্মৃতি (৩) 'করুণা' পাঠালাম। রাঁচীর বাইরে থাকায় ও অন্য কাজে ব্যস্ত থাকায় প্রবন্ধটি পাঠাতে দেরী হয়ে গেল। আশা করি আনন্দবার্ত্তা - জানুয়ারী, ১৯৮৯ সংখ্যা ছাপাবার সময় আছে। ১৯৭৫ এর বন্যায় পাটনার বাড়ীতে রাখা ডায়রির খাতা গুলো নষ্ট হয়ে যাওয়ায় স্মৃতি মন্থন করে "মাতৃ স্মৃতি" নূতন করে লিখতে হচ্ছে। আশা করি লেখাগুলি পাঠক পাঠিকাদের ভাল লাগছে। পরে হিন্দী ও ইংরিজি-তে অনুবাদ পাঠাব।

মাতৃ-কৃপায় ভাল আছি।

ইতি

শ্রী বীরেশ্বর গাঙ্গুলী

পুনঃ প্রাপ্তি সংবাদ পেলে নিশ্চিত হব। - নীলমণি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৮

জয় মা বাংলাদেশ

১৪.৪.৯০

শ্রীচরণেষু 'দিদি'

প্রথমে আপনি আমাদের প্রণাম গ্রহণ করিবেন। আশা করি শ্রী শ্রী মায়ের কৃপায় আপনারা কুশলেই আছেন। মায়ের মন্দিরের ঢালাই-এর ও ইঁটের কাজ শেষ হইয়াছে। বর্ত্তমানে নাট মন্দিরের কাজ চলিতেছে। আপনি ও কৃষ্ণপ্রিয়া দিদি এমন সময়েই আসিয়াছিলেন যখন শ্রীশ্রীমায়ের মন্দিরের কাজ পুরাদমে চলিতেছিল। তাই ঐ সময় আপনাদের দেওয়া ১০০০/- এক হাজার টাকার সিমেন্ট খরিদ করিয়া মায়ের মন্দিরের কাজে লাগান হইয়াছে।

শ্রী শ্রী মায়ের মন্দির প্রতিষ্ঠার সময় আপনি অবশ্য অবশ্য আসিবেন এবং আমাদের বাড়ীতে থাকিবেন। পরে আমি আপনাকে নিয়া ফরিদপুর ও অন্যান্য স্থানে যাইব।

কলিকাতায় আসিলে আমি অবশ্যই আপনার সঙ্গে দেখা করিব।

ইতি

সেবক

শ্রীপিনাকী ভট্টাচার্য্য

২৯

কাশী

২৪.১০.৯২

স্নেহের বিশুদ্ধা,

সময় জলের স্রোতের মত চলে যাচ্ছে। আমারও পালা গোটাবার সময় নিকটবর্তী হয়ে এল। এটা মানতে হবেই। পত্রাদিতে মনের মধ্যে আলোড়ন আনে তো। অনন্ত জলরাশি "ভগবান", আমরা বুদ্‌বুদ্ অর্থাৎ অনির্ম্মল

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"জলকণা"। নিজেকে নির্ম্মল করাই হল প্রার্থনা একমাত্র এখন। এটা হল ভাগবতের "মর্ম্ম কথা"। একজন খুব বড় পন্ডিত ও পাঠক- প্রথমে নামকরা জ্যোতিষ ছিলেন, পরে কোন কারণে ভাগবৎ পাঠক। তাঁকে জিজ্ঞাসা করলাম বলুন "ভাগবতের মর্ম্ম কথা" কি ? আমাদের কী চিন্তা করে ভগবানের সান্নিধ্যের যোগ্য হতে হবে ? তিনি আমার মাথায় হাত দিয়ে আশীর্ব্বাদ করে বললেন - তোমার প্রশ্ন অত্যন্ত প্রাঞ্জল সত্য - চাই "ব্যাকুল আর্ত্তি।" শুনে খুশি হলাম। এই প্রার্থনা কর তাহলেই হবে। আমার অত্যন্ত দুর্ব্বলতা ছাড়া আর কোন কষ্ট নেই।

ক্ষমাদি

(ক্ষমাদির শেষ চিঠি)

৩০ কাশী

বিশুদ্ধাদি,

মার বাণী আপনার চিঠিতে পেয়েছি। যদি জানতাম আপনার হাতে চিঠি পড়বে তাহলে হাতের লেখা ভাল করতাম। আপনার মজার কথা আর কি বলবো? বেশ মার সাথে সাথে থাকা হচ্ছে। ওখানে ঠান্ডায় আপনার কষ্ট হচ্ছে না আর এখানে আমাদের কাছে খুব কষ্ট হবে তাই না? শরীর আশা করি ভালই আছে। আমাদের half yearly পরীক্ষা ২ তাঃ থেকে আরম্ভ হয়েছে।

এখানেও বেশ ঠান্ডা। জন্মোৎসব ত আপনার বাড়ীতেই, খুব মজা। আপনি আমার প্রণাম নেবেন আর আশীর্ব্বাদ করবেন যেন এবছরটা পাশ করে আপনার মত মার সাথে থাকতে পারি।

ইতি

গুনিতা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

. Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩১

কাশী

জুন

শ্রীচরণেষু বিশুদ্ধাদি,

জয় মা। অনেকদিন পরে চিঠির উত্তর দিচ্ছি। যদিও আমার অপরাধ অমার্জনীয় - আশা করি ক্ষমা করবেন। আমি এর মধ্যে দুবার ভূপালে গিয়েছিলাম। যদিও আপনাকে চিঠি দেওয়া হয় না বা আপনাকে এসে দেখলাম না কিন্তু আপনি সব সময় এখানেই থাকেন। আপনার কথা উঠতে বসতে বলি। কেন না লাইব্রেরীর আলমারীতে আপনি, রেকর্ডের আলমারীতে আপনি, আদরিনীর পাতায় পাতায় আপনি আছেন, তাই আমরা চিঠি না দিলেও কিছু মনে করবেন না। গঙ্গাদির অবস্থা এখন খুবই সঙ্কটজনক। Brain Cancer। কথা বন্ধ, খাওয়া বন্ধ কি বলবো। এই দশদিনের মধ্যে এই অবস্থা।

ছোট মেয়েদের নিয়ে ১লা জুলাই ভূপালে যাচ্ছি। আপনার শরীর কেমন আছে? মার কৃপায় আপনি ভাল হয়ে উঠুন। আমি লিখিনা বলে আপনি চিঠি দিতে দেরী করবেন না। আপনি আমার প্রণাম নেবেন ও সকলকে দেবেন।

ইতি

গুনিতা

৩২

ওঁ মা

স্নেহে ভরা

আমার বিশুদ্ধা দিদি,

তোমার মাথায় আমার শ্রীমার ও গুরু মহারাজের নববর্ষের পরম আশির্ব্বাদ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শত ধারায় পড়ুক। আমার ভালবাসা নিও। তুমি কেমন আছ? তোমাদের কথা সব সময় মনে হয়। তোমাকে একদিন স্বপ্নে পাইয়াছি শ্রী শ্রীমার সঙ্গে। তোমার হাসিমাখা মুখখানি আর বোধ হয় দেখিব না। আমি হাঁটিতে পারি না। চিঠি দিও। তোমাকে ৩০ টাকা দিলাম ২০ টাকা তুমি কিছু খাইবে আর ১০ টাকার পদ্ম ফুল মার শ্রীচরণে দিবে। যদি পারো একবার আসিও। ফোন করিও, তাহা হইলে তোমার গলার স্বরটি শুনিব।

ইতি তোমাদের

অক্ষম শান্তিদিদি

পুঃ ঘরে বসিয়া বসিয়া শ্রীমা সব করাইয়া নেন। তুমি যদি আস তোমাকেও খাওয়া করিয়া দিব - ভাত ছাড়া নুন ছাড়া। তুমি একবার এসো। দিদি তুমি আমাকে বৃন্দাবনে কত করেছ মনে আছে।

শ্রীমার প্রসাদী ফুল রমাদির সঙ্গে দিও। জয়া দিদিও শ্রীমার প্রসাদ পাঠায়, আমার মত অক্ষম দিদিকে ভালবাসে।

৩৩

কোলকাতা

৩.৮.২০০৯

স্নেহের বিশুদ্ধা,

জয়মা, মিতু সংযমে যাবে, ওর হাতে তোমায় চিঠি দিচ্ছি। খুব তোমাদের কথা মনে হয়। সংসারে অনেক ঝামেলা, শান্তি পাইনা। টাকা পাঠাচ্ছি সংযমের শেষ দিনে মাকে পুজো দেবে ও আশ্রমবাসী সবাইকে মিষ্টি দেবে। এই আমার ইচ্ছা। আমার ইচ্ছাপূরণ তুমি ছাড়া আর কে করবে বল? হাসি মুখে এ দায়িত্ব তুমি ছাড়া কেউ নেবে?

দেহ বিছানায় পড়ে যায়নি। এ মহতী কৃপা যে এ অভাগিনীর ভাগ্যে জুটেছে সেটাই ত মস্ত বড় প্রাপ্তি ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হয়তো পূর্ব্ব জন্মের কিছু সুকর্ম্ম ছিল। মা একদিন কনখলের পুরনো শোবার ঘরে কোন একটা ব্যাপারে বলেছিলেন তখন শান্তাজী মার কাছ ছিল - তোকে আমি শান্তি দেবার বহু চেষ্টা করেছি আর পারবো না।.. তখন আমি বল্লাম তুমি পারবো না বল্লে আমি তোমাকে ছাড়বো কেন ? আমি তোমাকে ধরেই থাকবো। অতীতের অনের সুখ স্মৃতি জীবনটাকে জড়িয়ে আছে ঐ এক মাত্র সম্বল। বইয়ে এসব লিখি নাই কারণ এগুলো খুবই ব্যক্তিগত ব্যাপার। প্রচারে অহং বাড়ে। সুযোগ মত ভাল সঙ্গী ও পাই না। বলতেও পারিনা। আমার নিজস্ব তৃপ্তি শান্তির এগুলো সহায়ক তুমি ভালবাস তাই বল্লাম। কলকাতায় এলে দেখা করো। ভাল থেকো। তোমরা ভাল থেকো। তোমরা ভাল থাকলে আমার ভাল লাগে।

তোমার নিষ্ঠা, পবিত্রতা ভক্তি তোমাকে বহুদূর নিয়ে যাবে। মা তোমার সঙ্গে আছেন। ভালবাসা জেনো।

ইতি
বাসন্তীদি
(বাসন্তী মৈত্র)

৩৪

কাশীধাম
১৪.৭.৯৯

স্নেহের বিশুদ্ধা,

আশা করি ভাল আছ । তোমার নববর্ষের চিঠি পেয়েছি। ক্ষমাদি যে নাই এখনও মনে হচ্ছে না। আমি ও সাধুমা খবর পেয়ে ক্ষমাদির বাড়ীতে গেলাম। দরজা বন্ধ ছিল, এরকম ভাবে ছিল যে একটু চেষ্টাতে খুলে গেছে, দরজা ভাঙবার দরকার হয় নাই। ক্ষমাদি মনে হয় বুঝতে পেরেছিল সময় এসেছে। সামনেই একটা টেবিলের উপর চাবি ছিল। হাতের মাদুলি খুলে তার উপর রেখেছিল। চৌকি থেকে নেমে খালি মাটির

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপর শুয়েছিল। মুখের মধ্যে কষ্টের চিহ্ন ছিল না। মুখে গঙ্গাজল দিতে তা ভিতরে চলে গেল। শরীর গরম ছিল। আমাদের যাওয়ার বেশিক্ষণ আগে মনে হয় যায় নাই। ক্ষমাদিকে নূতন কাপড় কি করে দেব ভাবছিলাম, এমন সময় এক ভদ্রলোক ঘরে ঢুকলেন বয়স বেশী নয়। তিনি গঙ্গাদির আশ্রমের ডাক্তার। ক্ষমাদি নাকি তাকে খুব স্নেহ করতেন। তাকে বলে গিয়েছিল শরীর না রাখতে এবং হরিশচন্দ্রঘাটে নিয়ে যেতে। নূতন পূজার কাপড়, নামাবলী, গামছা, চন্দনের পাউডার যা বাক্সে রেখেছিল তা ডাক্তারকে দেখিয়ে রেখেছিল, সেই বাক্স খুলে কাপড়, নামাবলী, গামছা বের করে পরিয়ে দেওয়া হলো। চন্দন দিয়ে সাজিয়ে দেওয়া গেল। পাড়ার অনেকেই ক্ষমাদিকে সম্মান করতো। কয়েকজন আবার নামাবলী কিনে এনে ক্ষমাদির শরীরের উপর রাখলো। শোভা আচার্য্য থাকাতে অনেক সুবিধা হয়েছিল।

সকলের সহযোগীতায় ক্ষমাদির শেষকৃত্য দ্রুত এবং নির্বিঘ্নে সুসম্পন্ন হয়ে গেল। কেদার স্থানে শেষ নিঃশ্বাস ত্যাগ করার ক্ষমাদির প্রবল বাসনা ছিল - তা চরিতার্থ হল। কারুর সেবা নিল না। বেনু তাকে নিয়ে যাওয়ার জন্য কত চেষ্টা করেছে। নিজের মনের জোরে একাই থেকে গেল এবং একাই যাত্রা করলো। পাড়ার একটি মেয়ে বল্লো ক্ষমাদি মঙ্গলবার তার বাবাকে ৫০০ টাকা দিয়ে গেছে। দানও শেষ পর্য্যন্ত করেছে। একটাই জানা গেল। অজানা বহু আছে। সেই ডাক্তারই স্বেচ্ছায় ক্ষমাদির মুখাগ্নি করেছে। একদিন পরে বেণুর বড় ছেলে এসে বাড়ী খালি করে দিল। আমাকে ও নিয়ে গিয়েছিল। সর্ব্বদাই ক্ষমাদির কথা মনে হচ্ছে। তবে হাত পায়ের জোর থাকতে থাকতে যে যেতে পেরেছে এটাই ক্ষমাদির সুকৃতির ফল।

আশ্রমে ১২ জন কুমারী ভোজন হয়েছে। শান্তা (পূর্ণানন্দ) আমাকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভাগবতে যাওয়ার জন্য অনেক করে চিঠি লিখেছিল। ওর চিঠি পেয়ে খুবই খুশী হয়েছি। কিন্তু যেতে পারলাম না বলে বিশেষ দুঃখিত। ওকে বলে দিও। রেণু আমাকে চিঠি দিয়েছে। ভালবাসা ও শুভেচ্ছা জেনো।

ইতি
সতীদি

৩৫ বৈশাখ
১৪০৮

স্নেহের বিশুদ্ধা,

সেদিন দুপুরে গরমের মধ্যে ছুটে এসেছিলে আমাকে তোমার লেখা নতুন বইটি স্বহস্তে দিতে। ১৯৯৩ এ আমার হার্ট operation হয়, তারপর ১৯৯৪ এ পা ভাঙ্গে - পর পর এ দুই শারীরিক অঘটনে আমি ধীরে ধীরে পঙ্গু ও অক্ষম হয়ে বেশী সময় আজ কাল শয্যাশায়ী ।

শেষ জীবনে চিরসাথী শ্রীমায়ের বই, বাণী, জপ, স্মরণ, মনন । ১৯৫২ সালে প্রথম মাতৃদর্শন হয়েছিল- ১৯৫৭ থেকে মাতৃ আদেশে আশ্রম প্রবেশ। সেই থেকে মায়ের নিকট সন্নিধানেই বহুবছর কেটেছিল। তোমার লেখা বইটীর পাতা ওল্টাতে ২ সেদিন এক নিশ্বাসে, রুদ্ধশ্বাসে পুরো বইটী পড়েই সেল্লাম। কী যে ভাল লাগছিল পড়তে- মনে হচ্ছিল মা বুঝি আবার আমাদের মধ্যে দেহ ধারণ করে ফিরে এসেছেন। তুমি যে সব ঘটনার পুঙ্খানুপুঙ্খ বিবরণ স্বচ্ছ সরল ঝরঝরে ভাষায় লিপিবদ্ধ করেছ সেগুলি তো -' চোখের দেখা - প্রাণের কথা 'সে কী ভোলা যায় '? মা যেন তোমার মধ্যে প্রবেশ করে তোমার লেখনীর মাধ্যমে- তিনি স্বয়ং ' তাঁর কথামৃতম্ 'সৃষ্ট করে প্রকাশিত হলেন। মায়ের জীবনী ও মার বিষয় লেখা এ যাবৎ যত বই পড়েছি - ঘরোয়া মাতৃরূপের এ ধরণের বই নেই- এই বইটী তাই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এক নতুন দিক খুলে দিব 'নব দিশারী রূপে'। মাকে নিয়ে লেখা বইটী বইয়ের জগতে উজ্জ্বল নক্ষত্ররূপে চির বিরাজমান হয়েই থাকবে।

তোমার বইটী যতক্ষণ পড়েছিলাম সে সময় আমি সব রোগ যন্ত্রণা ও শারীরিক কষ্ট যেন ভুলেছিলাম। এক ঝলক আনন্দের স্পর্শে শরীর পুলকিত হয়ে উঠেছিল। তাই কবি গুরুর ভাষায়-

"খেলা যখন ছিল তোমার সাথে
তখন কে তুমি তা কে জানতো
তখন ছিল না ভয় ছিল না লাজ মনে"

তুমি সেই দিব্য লীলার খেলার সাথী হবার সৌভাগ্য লাভ করেছ। ধন্য তোমার অধ্যবসায়ও শুভ প্রচেষ্টা।

মা তোমার কল্যাণ মঙ্গল করুন।

প্রীতি ও শুভেচ্ছাসহ
চিত্রাদি
কুমারী চিত্রা ঘোষ

১৪০৮/২০০১ সাল
কলিকাতা

৩৬

কোলকোতা
২৯.১০.১৫

আদরের বোন বিশুদ্ধা ,

তোমাদের আদর যত্নের কথা ভুলতে পারছি না। সদা সর্ব্বদা তোমাদের কথা মনে হচ্ছে। ইচ্ছে করছে ওখানেই থাকি।

এই সামান্য জিনিষ পাঠালাম, তুমি পোরো, খুব খুশি হবো। আবার কবে যাবো সেই আশায় পথ চেয়ে আছি।

ইতি
গোপাদি (ঘোষ)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

७१

वाराणसी
५.८.७१

प्रिय विशुद्धा,

मेरा पहला पत्र मिला होगा। तुम्हारी अंक तालिका ले आई हूँ। दूसरे पृष्ठ पर अंक लिख रहीं हूँ। अभी दर्शनवालो का परीक्षा फल नहीं निकला है। वेद में तीन प्रथम श्रेणी, चौथी तुम्हारी। अभी तक वेद में ही सर्वाधिक अंक है। वह छात्र वेद में आचार्य है, तथा उसके पिताजी संस्कृत विश्व विद्यालय में वेद विभाग के अधियक्ष हैं, अतः उसके प्रथम आने में आश्चर्य नहीं है। तुम्हारा परीक्षा फल परिस्थितियों को देखते हुए तथा तुम्हारे स्वास्थ को देखते हुए मुझे बहुत ही सन्तोषप्रद लगा।

आशा है तुम्हारा स्वास्थ्य सुधर रहा होगा तथा तुमने छुट्टी के लिए डाक्टरी सर्टिफिकेट सहित आवेदन पत्र भेज दिया होगा।

तुम्हारी

पद्माजी
(ड. कुमारी पद्मा मिश्रा)
(का. हि.वि.के अध्यापिका)

७८

जय माँ

वाराणसी
२४.३.७२

प्रिय विशुद्धा ,

जय माँ स्नेहाशीर्वाद। तुम्हारे स्वास्थ के विषय में सुनकर हम सभी अध्यापकगण तथा छात्रायें चिन्तित थे। श्री अनसुयाजी ने कन्याओं द्वारा तुम्हारे स्वास्थ्यलाभ हेतु जप भी करवाया था। हमलोग बाबा विश्वनाथ से यही प्रार्थना करते हैं कि हमारी विशुद्धा शीघ्रातिशीघ्र स्वस्थ होकर काशी में कन्याओं की सेवा करने के लिए आ जाए। गुरूजनों को प्रणाम तथा सब

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

को स्नेहाशीर्वाद।

तुम्हारी - अक्काजी,
तथा इंदिरावाई, गायत्री अवस्थी

७९

Mumbai
23.12.72

My dear Vishuddha,

I am pleased to receive your letter of the 16th.

I am sorry to learn you are not yet quite well. You are a sadhak. You have done your pujas. You have practiced meditation. First sadhana of yours should be – "so long as you are destined to live, you must be in first class health. What should you do to regain first class health!" Firstly, you have to deal with your mind and sub-conscious and seek their co-operation and accord you have to demand of them full action to overcome all mental and psychic causes, if any, challenge the universe, and say nothing matters for you except your true self, cheerfulness and happiness. Don't let your conscience be bothered by the past unpleasant events. Remember – न पूण्यं न पापं न सौख्यं न दुःखं।

So take up a bold position and say you are happy. You are the part of the supreme, the part of the Divine – and make peace with yourself.

Next-think of the physical acts and activities you must indulge in to keep yourself fit. Small doses of Pranayams small spells of excercises-frequent spells of maturating and inspiring your mind and yourself addressing- "Vishuddha-how can you be otherwise than perfect in every way!" Become perfect physically, in matters of cheerfulness, joy, positiveness etc. These spells will always life you up to the right point.

Regarding your food determine what suits you-take four small

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

meals than two meals. If the doctor permits, take lot of protein. I am quite sure you will be alright. My prayers are already heard by Mother, other-wise, you would not have got this detailed letter.

All are well. Suni has just arrived to-day in Bombay. She and her two children are well.

Ba is ok.

With best wishes
Yours Bhaiya
Mr. B. K. Shah,
(Shree Shree Anandamayee
Sangha's ex-president)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বাক্ষর সংগ্রহ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১)

ধর্ম আদি মন্ত্র

(শ্রীশ্রী মায়ের হস্তাক্ষর)

হে পরম পুরুষ। তুমি পতি পত্নী পিতা
মাতা সন্তান এবং সর্ব রূপে স্থিত,
দেশ দিশি সব মোহে আবৃত --
হতাশ হই নর কোনও কারণ নাই।
বিশুদ্ধ তব অর্পণ বিশ্বাস ও -
অটুট বিশ্বাস নিয়া চলিতে যায়,
তার স্বরূপ অবশ্য দেখিব নাথ।

শ্রীনির্মলা সুন্দরী দেবী

• শ্রী শ্রী মায়ের হস্তচিহ্ন, কাশীধাম ফেব্রুয়ারী, ১৯৭১

সাক্ষর নিতে গেলে মা বেশ কায়দা করে কলম ধ'রে একটা বিন্দু দিতেন, মার ভাষায় 'ব্রহ্ম বিন্দু'।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



শ্রী শ্রী মায়ের প্রধান সেবিকা। মাতৃ সংগঠনের মুখ্য রূপকার, শ্রী শ্রী মা আনন্দময়ী গ্রন্থাবলীর রচয়িতা ও কন্যাপীঠের প্রধান সঞ্চালিকা। আমার দীক্ষা গুরু।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



ডাইজীর কাকা ১০২ বছর বয়সে আমাকে লিখেছিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Trust in God
and
do the right

Gobind Kaviraj

30-1-1971

त्वमेव माता च पिता त्वमेव
त्वमेव बन्धुश्च
सखा त्वमेव।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

त्वमेव विष्णु श्रुतिः
त्वमेव,
त्वमेव सर्वं मम देव देवा॥

Gurbi Mata
31-1-91

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(গ)

যদি এ সংসার
তখন দুয়ার
বন্ধ রহে মোর কভু
দ্বার ভেঙে তুমি
এস মোর প্রাণে,
ফিরিয়ো ও না প্রভু।

[illegible]

31-1-71

মহামহোপাধ্যায় গোপীনাথ

কবিরাজ অসুস্থ হওয়ায় মা তাঁকে কাশী আশ্রমে রাখেন। তাঁর কন্যা সুধাদি সেবায় ছিলেন। গোপীবাবার স্বাক্ষরের জন্য আমি সুধাদিকে নোটবুক দিলাম। সুধাদি বাবাকে বলায় তিনি বল্লেন - আমি যখন পূজায় বসবো তখন দিও। তিনি তাঁর পূজার আসনে বসে লিখে দিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কবে তব প্রেমে
পাগল হব।
কবে সকল কামনা
তব পদে দিয়ে
বিভোর সদা
তব গুণ গেয়ে
গুরুবাক্যে তব নাম
উচ্চারণ করে
প্রেম নীরে ভেসে
যাব ॥
যোগেশদা
২৩/১০/৭৯

মার সিদ্ধেশ্বরী আশ্রমের প্রথম ব্রহ্মচারী
ভাইজী রচিত 'জয় হৃদয়বাসিনী'র সুরকার, সাবিত্রী মহাযজ্ঞের হোতা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৬)



ব্রঃ কমলাকান্তদা - মার সিদ্ধেশ্বরী আশ্রমের প্রথম নৈষ্ঠিক ব্রহ্মচারী।
সুপন্ডিত ও সাবিত্রী মহাযজ্ঞের হোতা।

(৭)



শ্রী শ্রী মা আনন্দময়ী আশ্রমের মুখ্য স্বামিজী। সঙ্ঘের সঞ্চালক
মায়ের প্রিয় পরমানন্দ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



শ্রী শ্রী আনন্দময়ী সঙ্ঘের সচিব ও বিদ্যাপীঠের শিক্ষক (প্রাক্তন)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মাকে হারিয়ে
মা যে পেলাম। সংকীর্ণ
হলো। দুই বন্ধু মুক্তিলাভ
করিল, বিদায়লাভ।
সুখ দিয়ে বেড়ান
যোগ্য সেটি।
স্বামী স্বরূপানন্দ
অখণ্ড চৈতন্য
১৫/৫/২০০২

শ্রী শ্রী আনন্দময়ী সঙ্ঘের সাধারণ সম্পাদক।
দুই বন্ধু স্বামী স্বরূপানন্দজী ও স্বামী প্রকাশনন্দজী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ॐ मां

जो है - और जानते हैं
उसको अमल में लाकर
जीवन का आमूल
परिवर्तन करें —
इस रूप स्थिति या
निरन्तर प्राप्ति (साधक) साधना
का लक्ष्य होना चाहिए

जय मां
स्वामी निरंजनानन्द
बैशाखी पूर्णिमा
लखनऊ-पुनरुत्थान
कालखण्ड

SUN
23

দীক্ষার আচার্য এবং মা আনন্দময়ী সঙ্ঘের সাধারণ সচিব ভাস্করানন্দজী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মা, তোমায় প্রণাম।

যা দেখেছি যা পেয়েছি
তুলনা তার নাই
অন্তকালে ছিল তোল
সুখ নাই যেন পাই

মাতৃস্নেহধন্য
স্বামী নির্মলানন্দ লিখি
কনখল আশ্রম
৬-৮-২০০৫.

মা আনন্দময়ী বিদ্যাপীঠের ছাত্র, সাবিত্রী মহাযজ্ঞের হোতা,
সুবক্তা এবং উত্তরকালে দীক্ষার আচার্য্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমার বাবা—
বলেছেন "মা" হলেন
"অবাঙ্মনসোগোচরম্।"
মাকে মন বুদ্ধি বাণী কর্ম্ম
দ্বারা পাওয়া সম্ভব নয়,
শুধু সঙ্গে শুচিতা,
সরলতা, পবিত্রতা
নিয়ে শিশুর মতো "মা"
বলে ডাকা যায় তবেই
তাঁর সাক্ষাৎ পাওয়া সম্ভব,
ইহা প্রত্যক্ষ উপলব্ধি।
অধম জীবনের বাকী
কাজও তিনিই অন্তঃপ্রেরণার
দ্বারা করিয়ে নেন।
শুধু মা মা মা ... ডাকো,

শোভারাণী
কনখল

শ্রী শ্রী মায়ের সমাধি মন্দিরের প্রথম পূজারী
ও পুজার সময় এবং নিয়মে দৃঢ়নিষ্ঠ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"सत्य ज्ञान अनन्तम्
ब्रह्म"
पं० गिरधर नारायण
पुरी
१८-५-२००२
कनखल

মহানির্বাণী আখাড়ার মহন্ত মহারাজজী - স্বামী গিরধর নারায়ণ পুরীজী।
শ্রী শ্রী মাকে স্বয়ং শাকম্ভরী দেবীরূপে দর্শন করেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

सत्यं शिवं
सुन्दरं
स्वामी विद्यानन्दगिरि
२६-५-२००२

মহামন্ডলেশ্বর, কৈলাশ আশ্রম, ঋষীকেশ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ॐ
श्री
ॐ

Swami Chidananda
11-8-2002
ॐ

প্রাক্তন প্রেসিডেন্ট দিব্য জীবন সঙ্ঘ, ঋষীকেশ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

सत्यं ज्ञान मनन्तं
ब्रह्म

स्वामी परमेश्वरानन्द
सरस्वती

२६-५-२००२

বরিষ্ঠ মহাত্মা, সাধনা সদন, কনখল

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীতাপাঠ,
গীতা শোনা,
গীতা করা ধ্যান
শ্রীগীতার প্রসাদে
পথে শ্রীকৃষ্ণ ভগবান।
স্বামী দেবানন্দ
সরস্বতী।
২৬. ৫. ২০০২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীবন চলার
পথে
প্রভু কৃপাই সম্বল
বাণী ২৩
মা।
স্বরূপানন্দ

২৬.৫.2002

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৯)

ॐ प्रणव मंत्रमे
चित्त लगाये रहो।
नारायणदास.
१३.६.२००२
संतराम मन्दिर, नडियाद

সন্তরাম মন্দির, নডিয়াদের মহন্তজী

(২০)

आत्मानमेवप्रिय
मुपासीत ॥
स्वामीविश्वात्मानन्दपुरी

পরমাদর্শ আচার্য্য মহামন্ডলেশ্বর, সাধনা সদন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

हरि ॐ

माँ का आशीर्वाद आप के साथ है - साधक के रूप में मैं यही प्रेरणा दूँगा की - जप-ध्यान सत्संग, सेवा ही सर्वश्रेष्ठ उपाय है - जप अधिक करें आत्मविचार करते रहें - यही मेरी शुभकामना

अपना
स्वामी - प्रणवानन्द

अपने आप में
13-6-2002
वडियाद (गुजरात)

মহামন্ডলেশ্বর আচার্য্য স্বামী শ্রী প্রণবানন্দ সরস্বতীজী,
আনন্দ কুটীর, বৃন্দাবন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



মহামহোপাধ্যায় ডঃ গোবিন্দগোপাল মুখোপাধ্যায়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২৩)

Om MA.
Realise That
Ma is both immanent
and transcendent
Shivananda
23/7/02

সুরচয়িতা, মা আনন্দময়ী বিদ্যাপীঠের শিক্ষক সঞ্চালক ও দীক্ষার আচার্য্য

(২৪)

ওঁ মা
"মা আনন্দময় শিবের বিশ্ব"
স্বামী অচ্যুতানন্দ
27.5.2002.

শ্রী শ্রী আনন্দময়ী সঙ্ঘের অধ্যক্ষ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Thinking
ever of Ma
is a very
great blessing
Kashiol 3.6.02
Vijoyo nom

ফরাসী ড. অ্যাডলফ উইন্ট্রোব যোগী হবার আশায় ভারতে এসে বিফল মনোরথ হয়ে যখন স্বদেশে ফিরে যাওয়া মনস্থ করেন তখন উনি মার দর্শন পান এবং প্রথম দর্শনেই সম্পূর্ণ ভাবে মায়ের চরণে আত্মসমর্পণ করেন। মা তাঁকে গেরুয়া বস্ত্র দেন ও নাম দেন বিজয়ানন্দ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২৬)

আর মুখে—তাই হবে কথা নয়
তার কাছে চিঠি লেখা নয়
আপনি যখন তুমি
হবে তুমি আছে—
TUE
সে দিনও তুমি তখন
স্বামী অনুপানন্দ
২৪/৫/০৩

(২৭)

To know oneself is to
know God & to realise
God is to realise oneself.
Swami Keshwanand
24.5.03

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২৮)

মানব জীবনের উদ্দেশ্য
ভগবত্তা লাভ করা —
নিজেকে জানা — নিজেকে
পাওয়া —
স্বামী জগদীশ্বরানন্দ
২৪/৫/২০০৬

মানব জীবনের উদ্দেশ্য ভগবত্তা লাভ করা, নিজেকে জানা, নিজেকে পাওয়া

- স্বামীজী জগদীশ্বরানন্দ

(২৯)

হরিঃ স্মৃতি সর্ব বিপদ্‌বিমোক্ষণাম্

শ্রীনাথশাস্ত্রী
৫।৫।২০০৩

বৃন্দাবনের বিখ্যাত ভাগবৎ বক্তা ও পূজ্য হরিবাবার ভক্ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

१

विद्युपायं
'शुचि स्वान्त' स्वात्मो-
द्धारार्थ मुत्तमम्

२

त्यज्यते यदि सर्वस्वं
'सर्वस्वं' तर्हि लभ्यते ।

३

पुरुषा अपि बाणा अपि
गुणच्युताः कस्य न भयाय ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

४

ईश्वरः, जीवः जगत् इति
निराकारस्यैव रूपान्तराणि
(वेदान्तः)

५

यज्ञार्थात्कर्मणोऽन्यत्र
लोकोऽयं कर्मबन्धनः ।
(गीता)

६

मनसा, वाचा, कर्मणा च
अहिंसा परमो धर्मः

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

God will not ask your race but your deeds (सिरवन)

८

To follow virtue for 20 years is not enough but to think of evil once is too much

(कान्फयूसियस)

९

Sincere words are not fine: fine words are not sincere

(Tao)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭০.

your piety shall THO reach God + not the flesh of animals you kill

(কুরাণ)

৭১

He that loveth not Knoweth not God, for God is love (Bible)

৭২

Both heaven and ~~earth~~ hell are in one's heart

(জরথুস্ত্র)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

मन एव मनुष्याणां
कारणं बन्धमोक्षयोः
(आर्य)

१४

सर्वधर्मान्परित्यज्य
मामेकं शरणं व्रज ॥

T. A. Bhandarkar
१०-६-६१.

সুপন্ডিত ত্র্যম্বকম্ আত্মারাম ভান্ডারকরজী, কন্যাপীঠে আমাদের সংস্কৃত শিক্ষক। ইনিই আমাদের বেদপাঠ শেখান। আশ্রমে আসার পথে নিত্য সম্পূর্ণ গীতা পাঠ করতেন। সংস্কৃতে বক্তৃতা দিতে শেখান। মার হাসপাতালেই অন্তিম নিঃশ্বাস ত্যাগ করেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জয় মাঁ

উচিত হোই সোই
করিয় মাতা।
হিত সবহী কর
হৈরে হাথা॥

ওঁ কারা নারায়ণ USAT
23
মাঘ-২৩বাবাই
জানার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩২)



শ্রী বীরেন ব্যানার্জী মহানাম সংকীর্ত্তনের হোতা ও প্রেমী

(৩৩)



বাবা ভোলানাথে বোনের নাতি ও তাঁর পালিতা কন্যা মরনীদির ভাই । বিদ্যাপীঠের ছাত্র। সাবিত্রী মহাযজ্ঞের, হোতা, মার গাড়ীর চালক ও আজীবন ব্রহ্মচারী, কীর্ত্তন প্রেমী সদা আনন্দময় পুরুষ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



বাবা ভোলানাথের বোনের নাতি- (বিদ্যাপীঠের ছাত্র)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩৫)



পরমানন্দ স্বামিজীর ভাগনে - কানু ব্রহ্মচারী

(৩৬)



CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Please do realise and be confident that you are under 'Powerful Divine Grace.

Open yourself fully
TUE 7 to the flow of this
Divine Grace

You will be well and happy.
WED 8
You will be able to do some fine work which will be a source of joy and satisfaction to you.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

The new phase (ের),
of your life is just
started. Make it the
most joyful and
glorious.

Bhaiya
29.11.78.

শ্রী বি.কে.শা সঙ্ঘের প্রাক্তন অধ্যক্ষ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জয় জয় গুরু!!

ওঁ আনন্দময়ী

কুমারী শ্রীমতী বিশুদ্ধা

সর্ব্বদা আশ্রমে স্মরণ

মঙ্গল চেষ্টা এবং জন্য সব

কাজ উৎসাহ করণীয়

আশীর্ব্বাদ

শ্রীমহেন্দ্র নাথ চক্রবর্ত্তী

22-10-73

আমার বাবা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্নেহের বিশুদ্ধা। আমার
আন্তরিক ভালবাসা
গ্রহণ করো।

শুভার্থিনী
"মাননাদি"

ঢাকার উর্মিলা দাশ - কন্যাপীঠের সঞ্চালিকা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



কন্যাপীঠের প্রাক্তন শিক্ষায়িত্রী এবং উত্তর কালে শ্রী শ্রী মার মা স্বামী মুক্তানন্দ গিরিজীর সেবিকা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



কন্যাপীঠের সুদীর্ঘকালীন সচিব, সঞ্চালিকা ও শিক্ষয়িত্রী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৪৩)

মার সেবামুমী নিঃসৃত
অমৃতবিন্দু। আনন্দের
খুনী বিষয়ে সর্ব্বাবস্থায়
স্মৃতি হও —
এই প্রার্থনাজানি
সতী দত্ত গুপ্তা।

শ্রী শ্রী আনন্দময়ী লীলা প্রসঙ্গের লেখক শ্রী অমূল্য কুমার দত্তগুপ্তের সুকন্যা ও কন্যাপীঠের প্রধানাচার্য্যা

(৪৪)

ওঁ মা
"সম্মুখে তব দীপ্ত দীপ
জ্বলিয়া রয় (হে)
জ্ঞান ভক্তি প্রদায়িনী
মাতঃ স্তুতিং নমোনমঃ
ভক্তিনামন্দ
18-8-2002

কন্যাপীঠের শিক্ষয়িত্রী এবং পরবর্ত্তী কালে মার সেবিকা, সুগায়িকা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশ্রীমায়ের
কৃপা-ধন্যা
বিশ্বজগতকে —
"কত যে গিরি
কত যে নদী তীরে -
বেড়ালে বয়ে
"ছোট" এ বাঁশিটীরে
কত যে সুর বাজালে
ফিরে ফিরে
কাহারে আর কব?
আমারে তুমি
অশেষ করেছ
মহেশ —
এ মনি লীলা তব"

অনুরক্ত ভালবাসার
রহে
কলকাতা
১০/১০/২০০২. চিন্ময়ী (মোহ)

কোলকাতা বিশ্ববিদ্যালয়ের ঈশান স্কলার ও আমেরিকা ফেরৎ উচ্চ শিক্ষিতা।
- মায়ের সেবিকা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

जब भी जो काम करोगे
सोचना उनके लिये ही
कर रहे हैं, बैठे रहो तो सोचना
उनके सामने ही बैठे हैं सोने
पर सोचना उनकी गोद में
ही सोये हैं इस भाव
से स्मरण करना उनके साथ
रहा जाता है हर समय स्मरण
रखना ही असली संग है

श्री श्री मां

राम कथा ही कथा
और सब वृथा व्यथा

श्री श्री मां

सस्नेह, स्वामी प्रज्ञानंदगिरी
22-5-03

करोली राज परिवारेर सदस्या ओ मार आश्रमेर सन्यासिनी

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

श्री श्री मां आनन्दमयी उपवन शिक्षा समिति
श्री श्री मां आनन्दमयी आश्रम, हैरागढ़, भोपाल (म. प्र.) 462 030.

४१

जा कै मन लागा
प्रभु सीता - सरन
सुख दुख मन पुठा

प्रभ कै सिमरण
रिद्धि सिद्धि नाओ निधि

प्रभ कै सिमरण दुसमन
टरै - प्रभ सिमरत कछू
बिघन ना लागै —

Kirpal Kaur
17-9-03 Bhopal

কন্যাপীঠের শিক্ষয়িত্রী তথা শ্রী শ্রী মা আনন্দময়ী আশ্রম, ভোপালের সচিব।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



কন্যাপীঠের শিক্ষয়িত্রী এবং প্রাক্তন সচিব।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



কন্যাপীঠের শিক্ষয়িত্রী, মা ও দিদি - গুরুপ্রিয়ার সেবিকা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীমাসিদি — ও

রেণুদির স্নেহধন্য —
কন্যাপীঠের দুষ্টুমেয়ে
বিশ্বম্ভরাকে প্রাণের —
ভালবাসা —
শ্রীমাতৃবাণী যা আমার —
অতি প্রিয় —
" অচিন্ত্যই পরমধ্যান "

বীমাসিদি

Bithika Mukherji
26/9/2002

কন্যাপীঠের অধ্যক্ষ ও মার বিশেষ লীলা সঙ্গী,
বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ের অধ্যাপিকা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ॐ मा शि मा

त्वं अक्षितमसि
त्वं अच्युतमसि
त्वं प्राणसंशितमसि ॥

(उपनिषद्)

कनखल
१४-७-२००२

निर्मलानन्द

শ্রী শ্রী মায়ের চিন্হিত কুমারী, অতিরুদ্র যজ্ঞের ট্রাস্টি ও
এলাহাবাদ বিশ্ব বিদ্যালয়ের অধ্যাপিকা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৫২)

মাগো - বিশুদ্ধাদিকে সর্ব্ব
পরিস্থিতিতে রক্ষা করো -

পেশাগপ্রিয়া

18.12.2002

শ্রী শ্রী মায়ের সেবিকা ও সৎসঙ্গ প্রেমী।

(৫৩)

মাই কৃপাহি
কেবলম্ ॥

AUG.

শরণম্

১৬.৭.২০০১

আশৈশব মার চরণাশ্রিতা ও কন্যাপীঠের শিক্ষয়িত্রী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৫৪)



মায়ের বিশেষ প্রিয় কন্যা ও সুগায়িকা

(৫৫)



কন্যাপীঠের মেয়ে, মার সেবিকা ও সংগীতজ্ঞা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৫৬)

Jai Ma
May Sri Ma's blessings
shower on our sajjir's
edge path
Jai Ma
Prem Lata
21/3/2003
Kankhal.

শ্রী শ্রী মার চরণাশ্রিতা কুমারী চিকিৎসক

(৫৭)

"তোমার মতই যেন
মার কৃপাধন্য হতে
পারি।"
ও হয়ে যাই।"
মীরাদি
কমলা

শ্রী শ্রী মার চরণাশ্রিতা ও আশ্রম-বাসিনী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"ভগবান"

যদি কিছু দাও মোরে নাথ,
পরাণ ভরিয়া দিও প্রেম
কণ্ঠ ভরিয়া দিও গান।
ধূলির ধনে মোরে রিক্ত কর
তোমার প্রসাদে মম চিত্ত ভর
আঘাতে আঘাতে মোরে
চূর্ণ কর
[illegible] যত কিছু মান অভিমান।

যদি দেখা দাও মোরে
ভাঙবেশে
এসো গহনতমি
ঘন দুঃখের বেশে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যথার কাজলে আঁখি
ভরিয়া দিও
সকল ভুবন মোর
হরিয়া নিও
নিবিড় করিয়া মোরে
বাঁধিও প্রিয়
তব প্রাণের সাথে
মম প্রাণ।

ছবি বন্দ্যোপাধ্যায়
১০.৩২.৭৫

শ্রী শ্রী মায়ের বিশেষ প্রিয় সন্তান গীতশ্রী কুমারী ছবি বন্দ্যোপাধ্যায়
- ভারতের স্বনামধন্যা কীর্ত্তন সাম্রাজ্ঞী।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



ডঃ ত্রিগুণা সেনের আত্মীয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

पूर्ण ब्रह्म नारायणी मां

शरणागतोऽहम् शरणागतोऽहम्

शरणागतोऽहम्

कमला पाण्डेय

23-5-2002

শ্রীমতী কমলা পান্ডিয়া ও তাঁর স্বামী শ্রীজগদীশ প্রসাদ পান্ডিয়া এলাহাবাদে একদিন ভোর বেলা স্পষ্ট মন্ত্র উচ্চারণ শোনেন। তাঁরা মনে করেন গঙ্গাস্নান যাত্রী কেউ হয়তো করছেন। ৩ বার স্পষ্ট শুনতে পান। মাকে বলায় মা বলেন- "এ আকাশবাণী" তোমাদের দীক্ষা এভাবে হলো, কাউকে বলো না। গিরিজীর থেকে পূজার বিধি শিখে নেবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

जब जब देखा सन्मुख तुमको
आँख न दीखा कोई मुझे ।
ओझल हुई आँखों से जब तुम
सर्वत्र माँ पाया तुझे ॥
सोचत जागत प्रेम वृष्टि कर,
तृप्त सदा ही रखती हो ।
भुक्ति मुक्ति की चाह नहीं अब,
आनन्द रूप दरसाती हो ॥

मात चरणाश्रिता
नीरजा कुमारी
11-11-02

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ও মন আমি মাঁর
চরণের
চরণ হোয়ে ফুটতে যে
চাই
পদ্ম রাখো মার চরণতলে
সেথা হোতে চেও
নিপুনে আমায়
ওরে তোরা চে আমারি
আয় আয় মাঁর চরণের
চরণ হোয়ে আয়
স্বামী অমৃতানন্দ গিরি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

'शरीरमाद्यं खलु धर्म साधनम्'

Yours affly
Padma
5-4-63 Misra

কন্যাপীঠের অধ্যক্ষ ও অতিরুদ্র মহাযজ্ঞের ট্রাস্টি, পদ্মা মিশ্র
কাশী হিন্দু বিশ্ব বিদ্যালয়ের অধ্যাপিকা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ॐ

"अखण्ड स्रोत साधनाय व्रती
त्याग होआ चाई
योग होआ चाई
उन्मुख होआ चाई"
— Ma

"माँ का नाम कीर्तन करना चाहिए
माँ का ध्यान करना चाहिए एवं
माँ को ही सर्व मय देखना चाहिए
देखने की चेष्टा करनी चाहिए

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৬৪.১)

माँ मय होने की
प्रवृत्ति होनी चाहिए।"
— Shri Ma.

जन्म से जो माँ का
कृपा पात्र रहा उसके
लिए तो माँ मय होना
ही कर्तव्य

Aruna
4.6.2003

আশ্রমের বিশেষ কুমারী সুদক্ষকর্মী ও অতিরুদ্র মহাযজ্ঞের ট্রাস্টি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

देवी पूज्य पद
कमल तुम्हारे
सुमिर मुनि
सब होय सुखारे॥
मां तुम्हारे चरणा
कमल की वंदना
मैं की ही
मालती भार्गवि
ता. १९-७-२००३

মাতৃ চরণাশ্রিতা রামায়ণ রসিকা মালতী ভার্গব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

धर्म न हिन्दू बौद्ध है, धर्म न मुस्लिम जैन.
धर्म चित्त की शुद्धता, धर्म शान्ति सुख चैन।
सदाचार ही धर्म है, दुराचार ही पाप॥
पर सेवा ही धर्म है, पर पीड़न ही पाप॥
धारे गो ही धर्म है, वरना कोई बात।
सूरज उगे प्रभात है, वरना काली रात.

ब्र. गुणीता
१७-९-२००३
श्रीश्री माँ आनन्दमयी आश्रम
बैरागढ़, भोपाल,
३½ साल की उम्र से कन्योपीठ में रहीं और विद्यावारिधि तक अध्ययन के पश्चात् कन्यापीठ की प्रधाना-चार्या का पद सम्भाला।

সাড়ে তিন বছর বয়স থেকে কন্যাপীঠে আছেন এবং Ph.D পর্যন্ত অধ্যয়ন করে কন্যাপীঠের প্রধানাচার্য্যার পদে নিযুক্ত হয়েছিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মাকে জিজ্ঞাসা করিলেন
"কিন্তু ত চলে যাচ্ছ —
কিছুই ত হল না"
মা বললেন —
"হতে হবে কর্ম, এক
নিমেষে হয়ে যাবে"
আমি বললাম —
"সৎকর্ম তোমার চিন্তাতে
থাকতে চাই —"
মা বললেন —
"চিন্তাতেই ত আছ"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৬৭.১)

আলোয় আলোময়
করো হে
এই আলোর আলো
আমার নয়ন হতে
আঁধার মিলালো
মিলালো

ভক্তিময়ী দত্ত ॥
৩রা জুন ২০০২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



ভারতমাতার প্রিয়তম সন্তান জনপ্রিয় নেতাজী সুভাষচন্দ্র বোসের ভাই শ্রী শৈলেশ চন্দ্র বোসের ধর্মপত্নী ও শ্রী শ্রী মায়ের প্রিয় সন্তান।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Jai Ma

Kankhal,
Durga Puja
Nabami

With profound humility,
Yours, in our
Divine Mother's
Infinite Grace,
অনেক প্রণবাস্ত্র
ও প্রণাম,
Krishna (Ghose)
14th Oct. 2002

17/A Bundzoan Rd,
Alipore,
Kolkata 27

নেতাজী সুভাষচন্দ্র বোসের ভাইঝি ও মার ভক্ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশ্রী চরণাশ্রয়ে ধন্য
জীবন
কৌরীদি

Ma's blessings
to Vishuddha
Love
বাবা

ঢাকার মাতৃভক্ত শ্রীমনমোহন ঘোষের কন্যাদ্বয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"মায়ের আদুরে মেয়েরা
জীবন খাতায় অনেক পাতাই
একমাত্র শূন্য থাকে।
আপন মনের খেয়াল দিয়ে
পূর্ণ করে নিতে হয়।"

শ্রীশ্রীমায়ের চেতনায়
ধৃত হয়ে থাকা।

গায়ত্রী মৈত্র
শ্রুতিবিদ্যা শাস্ত্রী
১৩/১০/০২
- বারাণসী -

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ওঁ মা

"বিশুদ্ধা দিদি, তুমি আমাদের ঘরে এলে -
সব শুদ্ধ করে দিয়ে গেলে"।

মায়ের চরণাশ্রিতা
ধনাদি
১৪.১২.২০০২
রায়পুর

সাধিতা সেনগুপ্তা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আনন্দময়ীর খেলা বিশ্বরূপে
অন্তরের ভালোবাসার সাথে
এই লেখাটি দিলাম।

১৬.১০.২০০৬

কেমন্দালী

সেবা ঘোষ

শ্রী শ্রী মায়ের প্রিয় ভক্ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনন্যা কী
হয় না তোমার
'মা' হলে যে
চিনেছি তোমা।
মাতৃ বৎসলা
আনন্দময়ী
15.4.2003

শ্রী শ্রী মায়ের বড় ভাইঝি গীতা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



(বাচ্চু) শ্রী শ্রী মায়ের ভাই শ্রী যদুনাথ ভট্টাচার্য্যের বড় ছেলে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মা আমাকে দয়া করে
শিশুর মতন করে রাখ —

শ্রী সোমেশ চন্দ্র (সন্তু) ব্যানার্জী
মা শরণং মম

বুলু গায়ত্রী

শ্রী শ্রী মায়ের ভাইঝি ও তার স্বামী।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্থান দিও হে চরণে
অমিয় শীতল স্নেহ সুধা ধারা
ঢেলে দিও হে-ও, এ তৃষিত পরাণে।
জনমে জনমে দিও জ্ঞান ওগো
তোমারে চিনিতে করিতে সম্বল
ধরিনু তোমারি চরণ যুগল
মম কাণ্ডারী হয়ে এস হে।

এসো হে এ তনু পরাণে
স্থান দিও হে চরণে।
কত জনমের আকুল ক্রন্দনে
এবারে তোমারে পেয়েছি জীবনে
জীবন বল্লভ হে চিরানন্দ
তুমি গুরু রূপে মোরে প্রতি
জনমে, প্রতি জনমে জীবন মরণে
স্থান দিও হে চরণে —

গায়ত্রী - বসু

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মাই আমাদের সব।
তাই সর্ব্বদাই মাকে নিয়েই
কথা - চর্চা হওয়া উচিৎ।

জয়বন্ধু ভট্টাচার্য্য (বলাই)

১লা বৈশাখ ১৪১০
15/4/2003

শ্রী শ্রী মায়ের ভাইপো

(79)

"एक पल ही जिओ
फूल बनके जिओ
शूल बनके गुज़ारना
नहीं ज़िन्दगी
एक पल ही जिओ
प्रातः बनके जिओ
रात बनके गुज़ारना
नहीं ज़िन्दगी"

ड॰ कुसुम भट्टाचार्य (जयश्री)

শ্রী শ্রী মায়ের ভাইপো বলাইর ধর্মপত্নী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৮০)

"জয়মা মাতৃ স্মরণ"
২৬.৬.২০২১ শমিষ্ঠা ভট্টাচার্য

শ্রী শ্রী মায়ের ভাইপো কানাইর (জগন্নাথ) ধর্মপত্নী

(৮১)

জয় মা

বিশুদ্দুদির অনেক গুণ, তাঁহার গুণের কোনো তুলনা নাই। আমি ছোট বেলা থেকে তাঁর কাছে অনেক কিছু শিখেছি এবং এখনো শিখছি। তাঁর থেকে অনেক ভালবাসা পেয়েছি, সর্বদা তাঁর হাসিমাখা মুখ দেখতে পাই।

মঞ্জু চক্রবর্তী

মঞ্জু চক্রবর্তী
Arts & crafts Teacher, Welham Girls High School Dehradun.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

जय माँ

हमारी विशुद्धा दी, वह तार है जो हमें माँ से जोड़ कर रखती है।

सब समय, किसी भी समय, माँ के कहानी किस्से सुना कर सीख और आनन्द दोनों देती हैं।

भाग्यशाली हैं हम, जो इस कठिन समय में वे हमारे साथ हैं। साथ साथ माँ की ओर बढ़ने के लिए! एक सहारा----

वीना पांड्या,
कनखल.
8.1.2021

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূর্ণিমা মাঁ সংস্কৃত সম্মেলন দ্বিশতাব্দী মহোৎসব
এবং সংস্কৃত বিভাগ প্রকাশ

পূর্ণিমা মাঁ কে সাথ সংস্কৃত সম্মেলन तथा द्विशत्य के मौका
पर मैं सफल—सुखद सफल।

30/6/2021

নীরজ জোশী

সংস্কৃত সাহিত্যাচার্য, হিন্দী আর যোগ - এ এম.এ.,কর্মকান্ডের সুপন্ডিত,
মাতৃমন্দিরের নিষ্ঠাবান বর্তমান পুজারী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ওঁমা

জীবন খাতার পাতায় পাতায়
লিখে দিলাম কল্পনা,
লেখা আমার রইবে কথা
যখন আমি থাকবো না॥

কনখল
১১.৬.২০২১

মায়ের বিশুদ্ধা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মায়ের বলা ওষুধ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১) **হঠাৎ ঠান্ডা লেগে ঘুষ ঘুষে জ্বর কাশি হলে** - জোয়ান ছোট এক চামচ, একটা পান একটু বীট নুন, এক পোয়া জলে সেদ্ধ করে আধ পো হলে গরম গরম একবার কিম্বা দুবার খাবে।

২) **সর্দ্দিতে** - আধা দুধ, আধা জল দারচিনি ও মিশ্রী দিয়ে ফুটিয়ে জল আধা হলে গরম গরম খাবে।

৩) **পুরণো জ্বর ও কাশিতে** - ১৮টা তুলসীপাতা, ৪টা শিউলিপাতা, একটা তিন পাতা শুদ্ধ বেল পাতা, ৩-৪ টা গোলমরিচ ভাল করে ধুয়ে বেটে রস করে যতটা রস ততটা মধু মিশিয়ে গরম লোহা ছ্যাঁকা দিয়ে সারাদিনে তিনবার খাবে।

৪) **হৃদপিন্ডের জন্য ও সর্দ্দি কাশিতে** - রোজ ৭টা তুলসী পাতা একবার চিবিয়ে খাওয়া। *

৫) **দুর্বলতায় ও ঠান্ডা লাগায়** - একগ্লাস জলে আন্দাজমত মিশ্রী ও দুটো গোলমরিচ ভেঙ্গে দিয়ে ফোটাবে, নামিয়ে ১/৪ ভাগ লেবুর রস দিয়ে গরম গরম খাবে। *

৬) **শ্বাসকষ্টে, হার্টের কষ্টে দুর্ব্বলতায় শরীর ঠান্ডা হয়ে গেলে** আদামধু, আদা ধুয়ে খোসা ছাড়িয়ে জল ছাড়া বাটবে, রস ছেঁকে এক চামচে, ৩ চামচ মধু মিশিয়ে রাখবে। যতবার প্রয়োজন ছোট এক চামচ চেঁটে চেঁটে খাবে। পরেই জল খাবে না।

*এই দুটি ওষুধ বর্তমান কোরোনা মহামারীতে বিশেষ ফলপ্রদ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭) **শুকনো কাশি, বুকে কফ বসে গেলে** - সরষের তেল গলার কাছে বুকে বেশ করে লাগিয়ে ঈষদুষ্ণ জলে স্নান করবে।

৮) **গলা বসে গেছে বা খুব ব্যথা** - তুলসী পাতা, নিমপাতা, আদা, কাঁচা হলুদ, কয়েকটা লবঙ্গ জলে ফুটিয়ে তাতে লবণ দিয়ে কুলকুচি করবে।

৯) **গলায় ঘা ব্যথা, ঢোক গিলতে কষ্ট, গলা বসে যাওয়ায় নিমবড়ি**- নিমপাতা ধুয়ে মুছে গাওয়া ঘিতে কালো ক'রে ভেজে এভাবে ছাঁকবে যেন ঘি লেগে না থাকে, এবারে ঐ ভাজা পাতা মিহি করে বেঁটে আদার শুঁট গুড়ো, হলুদ গুড়ো ও সন্ধব নুন মিশিয়ে ছোট ছোট বড়ি বানাবে। রাতে শোওয়ার সময় মুখে রাখলে ব্যথা বা ঘা গলা ধরা সেরে যায়।

১০) লবঙ্গ জলে ফুটিয়ে সেই জল খেলে পুরণো জ্বর, কাশি সেরে যায়।

১১) **সর্দ্দিতে** - সরষের তেল গরম করে ঠান্ডা হলে বুকে পিঠে লাগানো।

১২) **কাশিতে** - ঘি গোলমরিচ ফুটিয়ে নামিয়ে মধু মিশিয়ে চেটে খাওয়া।

১৩) **জ্বর হলে** - ৮ টা শিউলী পাতা ও ৮টা গোলমরিচ শীলে বেটে মধু দিয়ে রসটা ৮ দিন খালি পেটে খাবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৪) **ঠান্ডা লেগে কফের কষ্টে** - দুধ, মিশ্রী, যষ্টিমধু, দারচিনি, ছোট এলাচ ভাল ক'রে ফুটিয়ে খাবে।

১৫) **খুব কাশি, শুতে পারছে না** - আধ ইঞ্চি একটা আদার টুকরো আগুনে সেঁকে বীট নূন মাখিয়ে মুখে রাখা, মাঝে মাঝে আদাটা চেপে তার রসটা নেওয়া।

১৬) **কাশিতে** - লবঙ্গ গরম তাওয়াতে নেড়ে বেশ ফোলা ফোলা হলে শিশিতে ভরে রাখবে। ২.৩টা লবঙ্গ সব সময় মুখে রাখা আর মাঝে মাঝে চিবিয়ে রসটা নেওয়া।

১৭) **বায়ু, গ্যাস, বদহজমে** - মৌরি একমুঠ, মনক্কা ৮-১০ টা বড় এলাচ ৫-৬টা, একটু মিশ্রী ফুটিয়ে খাওয়ার পর যখন ইচ্ছে খাওয়া।

১৮) **পেটে বায়ুর প্রকোপে ও কোষ্ঠ কাঠিন্যে** - কাঁচা কলা ভাল ক'রে ধুয়ে খোসা শুদ্ধ গোল গোল পাতলা করে কেটে সামান্য সরষের তেলে সাদা জিরে ফোড়ন দিয়ে আন্দাজ মত হলুদ নুন দিয়ে জল দেবে। সিদ্ধ হয়ে গেলে ধনে পাতা দিয়ে (না থাকলে দেবার দরকার নেই) গরম গরম পাতলা ঝোল দিয়ে ভাত খেলে বায়ু কমে ও পায়খানা পরিষ্কার হয়।

১৯) **আমাশায়** - গরম ভাতে সরষের তেল, আদাবাটা, নুন মেখে খাওয়ার শুরুতে ৩/৪ গ্রাস ভাত খাবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২০) নিমপাতা ভাজা দিয়ে ২/৩ গ্রাস ভাত খাওয়া। সপ্তাহে দুদিন হলুদ আর নিম পাতার রস খাওয়া।

২১) **পেট খারাপে** - আদা বাটা দিয়ে গরম ভাত ৩ গ্রাস খাবে আর সাজো দৈ খাওয়া ।

২২) গ্যাঁদাল পাতা বাটা কড়াতে নেড়ে গরম ভাতে মেখে খাবে আর জোয়ান আদা কুচি মুখ শুদ্ধি করবে।

২৩) **আমাশায় ও পেট খারাপে** - ছোট চামচের এক চামচ ইসবগুল, জোয়ান ও চিনি মিশিয়ে চিবিয়ে খেয়ে ঈষদুষ্ণ জল খাওয়া রাত্রে।

২৪) **রক্ত আমাশা বা এমনি আমাশায়** - গ্যাঁদা ফুলের পাতার রস ও কাঁচা দুধ মিলিয়ে আধ কাপ সকাল বেলা খালি পেটে তিন দিন খাবে।

২৫) **রক্ত আমাশায় ও সকল আমাশায়** - কাঁচা দুধ দোয়ানোর সঙ্গে সঙ্গে এক পোয়া দুধে লেবুর বস মিশিয়ে তক্ষুনি খালি পেটে ভোরবেলা খাওয়া ।

২৬) **পেটে আলসার হ'লে** - কাঁচা বেল সিদ্ধ অথবা পাঁকা বেল বীচি ও আঠা সহ চুষে খেয়ে বীচি ফেলে দেবে।

২৭) **কোষ্ঠ কাঠিন্যে** - কাঁচা হলুদ ও আখের গুড় সকালে খালি পেটে একবার খাওয়া ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৮) চায়ের মত গরম জলে নুন ও লেবুর রস দিয়ে ভোরে একবার খেলে পায়খানা পরিষ্কার হয়।

২৯) **লিভারের ওষুধ** - দুই মুঠ নিশিন্দা পাতা, ১০টা নিমপাতা, এক কড় (১/২ইঞ্চি) কাঁচা হলদি ধুয়ে আধ সের জলে সিদ্ধ করে এক পোয়া হ'লে নামিয়ে ঠান্ডা হ'লে রোজ খালি পেটে বড় চামচের এক চামচ খাবে।

(মাটির হাঁড়িতে ঘুঁটের আগুনে সিদ্ধ করলে বেশী উপকার হয়।)

৩০) কাঁচা পেঁপে ধুয়ে খোসা ছাড়িয়ে কুরিয়ে (খোসা ছাড়াবার পর একদম ধোবেনা) দুধ ফুটে উঠলে তাতে দিয়ে দেবে। পেঁপের কষে দুধটা ছানা হয়ে যাবে। এবার জাল দিয়ে চিনি দিয়ে (ইচ্ছা হলে ছোট এলাচ গুড়ো দিয়ে) হালুয়ার মত বানিয়ে খাবে।

৩১) **কোলাইটিসে** - গ্যাঁদাল পাতা ও মেথি ভেজানো জল দিনে দুবার খাওয়া।

৩২) **অর্শের ওষুধ** - নিমপাতা ধুয়ে মুছে বাটবে, চাল ভিজিয়ে বাটবে, একটু হলুদ গুড়ো মিশিয়ে ছোট ছোট বড়ি বানিয়ে এক রোদে শুকোতে হবে। রোজ ভোরে খালি পেটে দুটো বড়ি একগ্লাস জল দিয়ে খাবে।

৩৩) গ্যাঁদা ফুলের পাতা ছেঁচে ভাল ঘিতে ভেজে ন্যাকড়ায় করে অর্শের জায়গায় লাগানো।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৪) **অর্শের** - একটা অড়হড় ডালের মাপে আফিম পেঁয়াজের মুখ কেটে তারমধ্যে ভ'রে উনুনে পুড়িয়ে খেলে চিরদিনের মত অর্শ সেরে যায়।

৩৫) দূর্ব্বার রস ১ চামচ, গ্যাঁদা ফুলের পাতার রস ১ চামচ মিলিয়ে ৩ দিন খেলে **অর্শের রক্ত পড়া** বন্ধ হয়।

৩৬) **কাটায় রক্তপাতে** - গ্যাঁদা ফুলের পাতা হাতের তালুতে রগড়ে সঙ্গে সঙ্গে দিলে রক্ত বন্ধ হয়।

৩৭) **শরীরে যে কোনো পোড়া, কাটা, চামড়া ঘষে ছড়ে যাওয়া দাগে** - লাল চন্দন লাগানো।

৩৮) কাঁচা হলুদ ও নিমপাতা বেটে শরীরে লাগালে **খোস প্যাঁচড়া হয় না।**

৩৯) **শিশুদের কৃমিতে পেট ব্যথায়** - ছোট এক চামচে সরষে ও নূন মিশিয়ে জল দিয়ে খাওয়ানো।

৪০) **জীভের ঘা বা ছালা পড়ায় / জ্বালায়** - রাতে সোহাগার খৈ গুড়ো মধু মিশিয়ে জীভে লাগানো।

৪১) **বাতের ব্যথায় /গাঁট ফোলায়** - শিউলী পাতার রস খাওয়া দিনে দুবার।

৪২) এক চামচ মেথী রাতে এক কাপ জলে ভিজিয়ে সকালে খালি পেটে জলটা খাবে। মেথীটা রান্নায় দিয়ে দেবে।

৪৩) একটা রসুন ঘি তে ভেজে ঘিটা ছেঁকে ঐ ঘিতে তরকারী রান্না করে খেলে ব্যথা সারে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৪) **শরীরে ব্যথায়** - নারকেল তেল কর্পূর মিশিয়ে লাগাবে।

৪৫) **হার্টের অসুখে ও ব্যথা বেদনায়** - সব রান্নায় মেথী ফোড়ন দেবে।

৪৬) **একজিমা বা চর্মরোগে** - নিমপাতা ভাল করে ধুয়ে,মুছে এক টুকরো কাঁচা হলুদ দিয়ে মিহি করে বেটে গাওয়া ঘি তে কালো করে ভেজে ছেঁকে ঘিটা শিশিতে রাখবে, একজিমাতে লাগাবে।

৪৭) **দাঁতের যন্ত্রনায়** - পেয়ারা পাতা আধসের জলে সিদ্ধ করে একপোয়া হ'লে তাই দিয়ে রাতে শোওয়ার আগে কুলকুচো করা।

৪৮) **এক টুকরো আদা** ধুয়ে খোসা ছাড়িয়ে তার ওপর একটি তুলসী পাতা জড়িয়ে দাঁতে ব্যথার জায়গায় চেপে রাখা।

৪৯) **ফোঁড়া হলে** - গরম সরষের তেল লাগাবে।

৫০) **অপারেশনের সেলাই পেঁকে গেলে** - হলুদবাটা রোদে শুকিয়ে ঐ জায়গায় লাগিয়ে কাপড় বেঁধে রাখলে সেরে যায়।

৫১) **প'ড়ে আঘাতে, হাড় ভেঙ্গে গেলে, সারা শরীর ঝটকায় , বিষাক্ত কিছু কামড়ালে** - এক কাপ গরম দুধে ছোট এক চামচ হলুদ গুড়ো বা বাটা, আন্দাজ মত চিনি ও গাওয়া ঘি মিশিয়ে গরম গরম খাবে একবার দিনে, যত দিন ব্যথা থাকে। চিনি খাওয়া নিষেধ হলে চিনি দেবে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫২) **কুকুরে কামড়ালে** - শুকনো লঙ্কা বাটা লাগাবে ক্ষত স্থানে আর দুধ হলুদ খাবে।

৫৩) **পুড়ে গেলে** - সন্ধব নুন লাগাবে।

৫৪) নারকেল তেল ও আখের গুড় মিশিয়ে লাগাবে।

৫৫) বরফ বা ঠান্ডা জলে ডুবিয়ে রাখবে।

৫৬) আলু বাটা লাগাবে।

৫৭) একসের তিসির তেলের সঙ্গে এক পোয়া পরিমাণ ঘৃতকুমারীর পাতার ভেতরের লোথগুলি জ্বাল দিয়ে ছেঁকে নিলেই পোড়ার ওষুধ হয়।

৫৮) **প্রস্টেট গ্ল্যান্ড বৃদ্ধিতে** - নিশিন্দা পাতার গুড়ো এক চামচ জলের সঙ্গে খাওয়া দিনে দুবার।

৫৯) **কোলেস্টরলাধিক্যে** - ধনে পলতা (পটল পাতা শুক্নো) ভেজানো জল সকালে একবার খাবে খালি পেটে।

হার্পিসে

৬০) পরিষ্কার জলে ঘষে লাল চন্দন দিনে দুবার লাগানো।

৬১) হিঞ্চে শাকের রস লাগাবে।

৬২) নিম, তুলসী, নিশিন্দা পাতা বাটা লাগানো।

৬৩) আপেল খোসা শুদ্ধ পাতলা পাতলা করে কেটে জলে ভিজিয়ে রেখে জলটা খেলে রক্তে **iron** বাড়ে। আপেলের যা গুণ তা পাওয়া যায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬৪) ৫/৬ টা মনাক্কা রাত্রে আধ কাপ জলে ভিজিয়ে রেখে সকালে খালি পেটে জল শুদ্ধ মনাক্কাটা চিবিয়ে খেলে **রক্তে হিমগ্লোবিন বাড়ে।**

৬৫) **সেপ্টিক টনসিল**

একটা পাতলা কাপড়ে তূলো দিয়ে Pad বানিয়ে কান গলা ঢেকে অল্প গরম জলে একটু সন্ধব নূন দিয়ে গার্গেল করবে। তিন ঢোক মত জল বাকী থাকতে এক টিপ ফিটকিরি দিয়ে ৩ বার গার্গেল করবে - দিনে ৩ বার। জলটা যেন শেষ পর্য্যন্ত গরম থাকে ।

৬৬) **চোখ খারাপে** - কুয়াসার জল পরিস্কার ন্যাকড়া দিয়ে উঠিয়ে দিনে দুই তিন বার চোখে দেওয়া ।

৬৭) **চোখ উঠলে (conjunctivitis)** - শরীরের তাপের জল দিনে অন্ততঃ দুবার দুচোখে ও দুই ভ্রুর মাঝে (ত্রিনেত্রের) স্থানে) জলের ঝাপটা দেওয়া ।

৬৮) **ডায়বেটিস** - সাদা নয়নতারা ফুলের পাতা ধুয়ে ৮-১০ টা খালি পেটে চিবিয়ে খেয়ে এক ঢোক জল খাওয়া , পরে আধ ঘন্টা জল বা অন্য কিছু খাবেনা। ৪ দিন খেয়ে সুগার পরীক্ষা করবে। যদি না কমে আবার ৪ দিন খাবে । কমে গেলে খাবে না।

৬৯) **জন্ডিস** - বন্ডাল ফুল একটা দুনাকে দেবার মত অল্প জলে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
রাত্রে ভিজিয়ে রাখবে। সকালে ৭-৮টার মধ্যে ড্রপার দিয়ে দু নাকে জলটা দেবে।

৭০) **হাতে চর্মরোগে** - গ্যাঁদা ফুল বাটা লাগান

৭১) পুঁই পাতা সিদ্ধ জল লাগাবে।

৭২) **হাজায়**- তুলসীর রস নূন দিয়ে লাগানো।

ঘামাচিতে-

৭৩) সাদা চন্দন লাগাবে

৭৪) লজ্জাবতী পাতা বেটে লাগানো।

৭৫) **হাতের তালু চুলকানীতে** - তেজ পাতা সেদ্ধ জল লাগানো।

শ্বেতী -

৭৬) সাদা সরষে বাটা লাগিয়ে রোদে থাকা।

৭৭) কাঁচা কলার বোঁটার কাছে কেটে একটু রস বার করে দা'য়ের উপর রেখে পাপড়ি খয়ের চন্দনের মত ঘষে শ্বেতীর জায়গায় লাগিয়ে ভোরের রোদ লাগাবে।

৭৮) বকুলের ছাল সিদ্ধ জল (এক সের জল এক ছটাক হলে সেই জল লাগাবে)

৭৯) বাসক পাতা সিদ্ধ জল **মুখের দাগ ও রং** ঠিক করে।

৮০) বাঁধাকপি সিদ্ধ জল **গায়ের রং** ভাল করে।

৮১) **বার্ধক্য রোধ করে -**

৮২) তরমুজ - রস

৮৩) শসা - রস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৮৪) আলু - রস

৮৫) গাজরের - রস

৮৬) **বার্ধ্যকের দুর্বলতায়** - নিম পাতা ও মেথীর জল দিনে একবার খাবে।

৮৭) **বার্ধক্যে অবাঞ্ছিত ফোলা কমাতে** - পুনর্নবা পাতার ভেজানো জল দিনে একবার খাবে।

৮৮) **অনিদ্রায়** শুসনি শাক ভাত দিয়ে খাবে।

৮৯) **মুখে ব্রণ হ'লে** - রাতে শোয়ার আগে চামচেতে একটু নারকেল তেল নিয়ে মোমবাতির আগুনে অল্প গরম করে যেখানে যেখানে ব্রণ আছে আঙুল দিয়ে লাগাবে।

কন্যাপীঠের মেয়েদের সকালে জল খাবারের শুরুতে মা চিরতার জল, মাঝে মাঝে চূণের জল, আস্ত কাঁচা মুগ ভিজিয়ে অঙ্কুরিত হলে আদা কুচি নূন দিয়ে, কাঁচা হলুদ আখের গুড় দিয়ে খাওয়াতে বলেন।

৯০) চিরতার ও চূণের জলে **কৃমি নাশ** হয়।

৯১) মুগ ভেজাতে **ভিটামিন হয়** ।

৯২) হলুদ গুড়ে **লিভার ভাল থাকে**।

৯৩) **দিনে অন্ততঃ দেড় সের জল খাওয়া**, তাতে পেট wash হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯৪) ১৯৫৫ সনে দাদাভাই খুব অসুস্থ ছিলেন, খাওয়ায় একদম রুচি নেই তারমধ্যে উচ্চ রক্তচাপের জন্য নুন খাওয়া প্রায় নিষেধ। তখন আমি দাদাভাইয়ের সেবায় ছিলাম। মা আমাকে বললেন- 'কাঁচা নুন দিবি না। নুন শুকনো কড়াইতে নেড়ে শিশি ভ'রে রাখবি, সেই নুন খেলে ক্ষতি হবে না।

৯৫) **গোদ বা ফাইলেরিয়া** - ফুটন্ত সরষের তেলে আকন্দ পাতার রস মিশিয়ে লাগানো।

৯৬) **ক্যান্সারের প্রতিষেধক** - দুরকমের তুলসী পাতা হয় - রাধা তুলসী, কৃষ্ণ তুলসী. (পাতাগুলো কালচে রংএর), কৃষ্ণ তুলসী ১০-১২ টা পাতা সকালে একবার চিবিয়ে খেয়ে একটু জল খাওয়া।

৯৭) **অরুচিতে** - খাওয়ার আগে শুকনো খেজুর (ছোয়ারা) বীচি ফেলে আদা ও কিশমিশ দিয়ে বেটে খাওয়া।

৯৮) ভাত বা রুটি খাওয়ার মধ্যে মধ্যে মুসাম্বী চুষে খাওয়া।

৯৯) **হাই ব্লাড প্রেসারে** সাদা চন্দন ঘষা, শসা দুই টুকরো, তুলসী পাতা কয়েকটি একসঙ্গে খেলে ১৫ দিনে ঠিক হয়।

১০০) **হাঁপানীতে** - ২১ টা সাদা আকন্দ ফুল, ২১ টা গোলমরিচ, জল ছাড়া বেটে সাত ভাগ করবে- সাত দিন পর্য্যন্ত খাবে।

১০১) **হার্টের অসুখ ও সঙ্গে ডায়বেটিস হলে খাওয়ার তালিকা ও নিয়ম** - সকাল- ৭.৩০ মিঃ জল খাবার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সকাল -৮.১৪ মিঃ চা টোষ্ট

সকাল ৯ টায় ফল *

দুপুর ১২টার আগে দুপুরের আহার রোজ নির্দ্দিষ্ট সময়

১০২) বিকেলে- অর্ধেক দুধ অর্ধেক দৈ, দৈটা ঘেটে দুধ ফুটে উঠলে তাতে দিয়ে দেবে, না নেড়ে ঢেকে রাখা, একটু ঠান্ডা হলে ছেঁকে ছানাটা গরম কিম্বা ঠান্ডা খাবে।

১০৩)* ফল- মিষ্টি আপেল রস করে বা কুরিয়ে দেবে। সকালে খেলে আধখানা মুসম্বী কাটা বা রস। শসা পাতলা করে কেটে গোলমরিচ গুড়ো ও লবণ দিয়ে দেবে।

১০৪)আপেলের খোসা ছাড়িয়ে ভাপে সিদ্ধ করে চিবিয়ে চিবিয়ে খাওয়া।

১০৫)কাঁচা আপেল যত খাবে তত ভাল।

১০৬)ডাক্তারের নিষেধ না থাকলে সকালে ওষুধ খাবার ১০ মিনিট পর একটা কলা দেবে।

সতর্কতা রস বা ফল বিকেল ৩টের পর একদম দেবে না।

হার্টের কষ্টে কাঁচা ফল/রস কম দেবে।

লাউ আর বেগুন একসাথে বা একদিনে কখনো দেবে না।

(সব কিছু ডাক্তারের মত নিয়ে করা, বেশী অসুস্থ হলে সব বন্ধ)

১০৭)**পিঠ ব্যাথায়** - পাতলা কাপড় দিয়ে তুলোর প্যাড বেঁধে রাখা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১০৮)**কিড্‌নীতে পাথর হলে** - কুলথ কলাই (একরকমের ডাল, হিন্দীতে কলথি বলে) দুই মুঠ রাতে আধ সের জলে ভিজিয়ে রাখবে। পরদিন সকালে সিদ্ধ করে এক পোয়া হ'লে অল্প ঘিতে জিরা ফোড়ন সম্বার দিয়ে সকালে খালি পেটে খাবে।

সতর্কতা : তরকারী রান্নায় তেল, মসলা, টক, নুন ঝালের সঙ্গে মিষ্টি দিলে অম্বল (acid) হয়।

"প্রার্থনার অমোঘ শক্তি"

মাতৃবাণী

শ্রী শ্রী মায়ের অসীম কৃপায় ও দিব্য খেয়ালে তাঁর নির্দেশিত শতাধিক বিভিন্ন রোগ প্রতিষেধকের সন্ধান অদ্ভুৎ ভাবে পাওয়া গেল।

যে কোনো অসুখে সব রকম চিকিৎসা যখন বিফল হয় তখন ঐকান্তিক প্রার্থনায় ও ফলপ্রসু হ'তে দেখা যায় মার মহৎ কৃপায়।

মায়ের বলা ওষুধ অবশ্য অবশ্য মাকে স্মরণ করেই সর্ব্বদা গ্রহনীয়। সেটাই চিকিৎসক মায়ের fee বা দক্ষিণা।

জয় মা

CG-53, Sector-I
Salt Lake City
Kolkata - 700 091

বিশুদ্ধাদি,

আপনার লেখা "অসুখে সুখ-স্মৃতি" বইটা পেয়ে খুবই আনন্দ হয়েছিল। আর বইটা পড়ে জয়মার ইচ্ছা অনুযায়ী একটা অসুধও খেয়েছিলাম কিছুদিন। এখন আমার সেই রোগটা মনে হচ্ছে জয়মার ভয়ে পালিয়েছে. নিচে রোগের নাম দিচ্ছি।

"পেটে বায়ুর প্রকোপ ও কোষ্ঠ কাঠিন্য"

বহুদিন ধরে আমি ভুগছিলাম। এখন আমার বয়স প্রায় ৯৮ বছর। আমার আর একটা পরিচয় হচ্ছে আমি পুরনো "ঢাকা আশ্রমের - কালনদির মেজো ছেলে তরুন কুমার দাস"।

ইতি
নমস্কারান্তে
তরুন কুমার দাস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"আমার খেলার বন্ধু মা"

ছোটবেলায় যখন বারো বছর বয়সে কন্যাপীঠে ছিলাম - সকালে আমরা সমবেতভাবে পূজো করতাম। পূজোর মধ্যে যখন ধ্যান ইত্যাদি হতো, ধ্যান ত কাকে বলে জানতাম না আমার মাথায় কেবল ঘুরতো-মাকে কি দিয়ে সাজানো যায়, সাজালে কেমন লাগবে এই সব ভাবতাম।

একদিন মনে হলো রসগোল্লা আর পানতোয়ার মালা পড়ালে কেমন হয়? মনে মনে পড়াচ্ছি, মার গায়ে একটা তোয়ালে দিয়ে তার ওপর রসের মালাটা পরাচ্ছি যাতে মার কাপড় রসে চিপ্ চিপে হবে না। এখন আমার বয়েস ৮৬ হলো, রসগোল্লা পানতোয়ার মালা পরানো এতদিন বাস্তবে হয়ে ওঠেনি।

এবার নবরাত্রি উপলক্ষে দিল্লীতে মার আশ্রমে নয়দিন ব্যাপী তুলসীদাসী রামচরিত মানসের পাঠ এবং প্রবচনের আয়োজন করা হয়। আশ্রম কর্তৃপক্ষের আমন্ত্রণে আমি সেখানে যাই।

মাতৃভক্ত মিতালীদি (দাশ) মার ভোগের জন্য রসগোল্লা, পানতোয়া এনেছেন। দেখে আমার মনে প'ড়ে গেল শৈশবের কল্পনা। মিতালীদিকে বলায় উনি পর দিন মিষ্টি এনে দিলেন। সেদিন ৯.৪.২২ তারিখ, চৈত্র নবরাত্রি, মহাষ্টমী। মালা গেঁথে মার মূর্তিতে সকালে ৮টা নাগাদ পূজোর আগে পরালাম। আর রাতে নটার সময় শয়নের আগে খোলা হলো। আশ্চর্য্যের বিষয় দীর্ঘ ১২ ঘন্টায় মিষ্টিতে একটা পিপঁড়েও ওঠেনি এবং মার পরা শাড়ীতেও রস লাগেনি। মার খেয়াল ছাড়া এ কি সম্ভব? আমার মত অতি সাধারণ মেয়ের ছেলেমানুষী কল্পনাও তিনি পূর্ণ করেন। দিল্লীতে যে ঘরে আমি ছিলাম উৎসব উপলক্ষে সদ্য চূণকাম করা সত্ত্বেও বেশ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
পিপঁড়ের উৎপাত ছিল সেখানে। অথচ রসের মিষ্টিতে ১২ ঘন্টাতে একটা পিপঁড়ে ওঠেনি- অত্যাশ্চর্য্য বৈ কি?

মা একবার আমাকে কথায় কথায় বলেছিলেন "ঢাকায় যখন শরীর ঘন্টার পর ঘন্টা - দিন রাত্রির খেয়াল নাই আপন ভাবে মাটিতে প'ড়ে থাকতো তখন পিপঁড়ের সারি পাশ দিয়ে চলে যেতো, কখনো শরীরে ওঠে নাই"।

আমরা মার খেলার ও বন্ধু- যখন কাশীতে কন্যাপীঠে ছিলাম, মা কারো হাতে একটা সাদা রবাবের রিং (deck termis ring) পাঠিয়ে বলেন- "বিশুদ্ধাকে এটা দিয়ে বলবে, এই শরীর যখন কাশী যাবে তখন এটা দিয়ে মেয়েদের সঙ্গে খেলবে।"

এই ঘটনায় বোঝা যায় মা আমাদের শিশুদের সঙ্গে কিরকম ভালবাসা ও বন্ধুত্বের ভাব রাখতেন।

আর একটি কথা মনে পড়ছে - মা যখন গুরুপূর্ণিমা, ঝুলন, জন্মাষ্টমী, লক্ষ্মীপূজো, সরস্বতী পূজো ইত্যাদি বিশেষ উৎসবে কাশীতে উপস্থিত থাকতেন আমরা মাকে সাজিয়ে ঠাকুর ঘরে রূপোর সিংহাসনে বসিয়ে পূজো করতাম। গঙ্গাদি, চন্দনদি, পূজো করতো আর আমি মাকে সাজাতাম। মা যে অখন্ড ভাবময়ী তা আমি প্রতিবার অনুভব করতাম যখন ভ্রূযুগল মধ্যে চন্দনের বিন্দু দিতাম সঙ্গে সঙ্গে মা ভাবস্থ হয়ে যেতেন।

জয় মা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রী শ্রী মায়ের কিছু অন্তরঙ্গ লীলা

(অপ্রকাশিত)

দেরাদুন

১৪.৬.৭৬

১. শ্রী শ্রী মার খেয়াল হলো আশ্রমের বড় কুমারীরা একেক করে অখন্ড ভাবে ১০৮ বার শ্রীমদ্‌ভাগবদ্ পাঠ করে। যাঁরা পাঠ করেছিলাম -

১. কু. শান্তা পাঠক
২. কু. চিত্রা ঘোষ
৩. কু. পুষ্প সেন
৪. কু. গীতা দে
৫. কু. বিল্বজী (স্বর্ণ কুমারী যশপাল)
৬. কু. বসুমতী মেহতা
৭. কু. বিশুদ্ধা চক্রবর্তী
৮. কু. শোভনা রায়
৯. কু. পারুল ব্যানার্জী
১০. কু. ছবি ব্যানার্জী
১১. কু. হংসা মেহতা

২. শ্রী শ্রী মায়ের অষ্ট সখী

১. মৈত্রেয়ী - বৃন্দা
২. বিল্ব - ললিতা
৩. চিত্রা - চিত্রলেখা
৪. পুষ্প - চম্পকলতা
৫. বিশুদ্ধা - বিশাখা
৬. ছবি - সুদেবী
৭. সতী - তুঙ্গবিদ্যা
৮. শোভনা - ইন্দুরেখা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩. মিলন -

শ্রী শ্রী মা বলেন- অমাবস্যার দিন মাকে মালা চন্দন দিয়ে, প্রদীপ জ্বালিয়ে সকলে একত্র গীতা পাঠ করবে আর সব বড় মেয়েরা কোলাকুলি করবে।

৪. দেরাদুন থেকে একদিন মা কোথাও রওনা হচ্ছিলেন। একটি মেয়ে একা শুতে ভয় পাচ্ছিল। তখন অন্য একটি মেয়ে তাকে একটি বড় মেয়ের কাছে গিয়ে শুতে বলে। সেই ঘরের বড় মেয়েটি বিরক্ত হয়ে তাকে কিছু কটু শব্দ বলতে লাগলো। যাকে কটু শব্দ বলছিল সে মাকে বললো - মা তুমি শুনছো ? তখন মা বললেন, - "যে বলছে তাকে বলতে দেও, তুমি পাহাড় হয়ে থাকো, পাহাড়কে যে পাথর মারে সে পাথর যে মারে ফিরে তাকেই এসে আঘাত করে। পাহাড়ের কিছু হয় না।"

এই বলে মা চরণের কাছে পড়ে থাকা অনেক ফুলের মধ্য থেকে একটা যুঁই ফুল তুলে নিয়ে প্রথম মেয়েটির মুখে ঘুরিয়ে ঘুরিয়ে বুকে ছুঁয়ে নাভির চারদিকে ঘুরিয়ে মেয়েটির হাতে দিলেন। মেয়েটি ফুলটি "শান্তি ফুল" লিখে রেখে দিল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাশী আশ্রমের বড় গোপালের জীবন্ত খেলা

কাশী

১২.১.১৯৭০

কাশীতে এক বৃদ্ধা মহিলা রান্না করে জীবিকা চালান। শরীর অসুস্থ, দেখছেন গোপাল এসে বলছেন - 'চোখ খোল্, চোখ খোল্, দ্যাখ্ মা আমাকে পাঠিয়েছেন- চোখ খোল্।'

দ্যাখে আবছার মত মা সামনে দাঁড়িয়ে আছেন।

গোপাল বলছেন- "কি চোখে পা বুলিয়ে দেবো না হাত দিয়ে বুলাবো?"

মহিলা বলে -"ওরে বাবা অত বড় বড় পা দিয়ে বোলাবে?"

গোপাল বলছেন- "পা ছোট করে নেবো"।

মহিলা বলছে - "চোখ খুলতে পারছি না চলেই ত যাবো।"

গোপাল বলছেন - "এখন যাবি না। নৌকা চলছে, তটে লাগে নাই। এখন থাকতে হবে।" দ্যাখ্ দ্যাখ্ বার বার বলায় চোখ খুলে তাকায়। ছোট্ট গোপাল সারা ঘরে নাচছে আর হাত পেতে বলছে - কি দিবি দে, দে, সে কী ঘুরে ঘুরে নাচ বলা যায় না।

এরকম গোপাল কোথায় আছেন মহিলার জানা নেই। লোকজনদের কাছে মার আশ্রমের গোপালের কথা শুনে রান্না করে জমানো ২০০ টাকা নিয়ে খুঁজতে খুঁজতে মার আশ্রমে আসেন। ভাগ্যক্রমে মা তখন কাশীতেই ছিলেন। মহিলা এসে মাকে সব ঘটনা বলে টাকা মাকে দিলেন। পরদিন মা ১০ সের কেসরী প্যাড়া ও ফল আনিয়ে গোপালের ভোগ দিয়ে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমাদের সকলকে দিলেন এবং বিশেষ প্রসাদ বলে কাউকে কাউকে ডাক যোগে পাঠাবার ব্যবস্থা করলেন।

কোলকাতা

৪.৬.২০১৮

শ্রদ্ধেয় মহাশয়

গঞ্জ ১৪.৪.১৮ ভোর রাত্রি ৩টে- ৩.৩০ মি. মধ্য আমি একটা স্বপ্ন দেখি - জয় মা আমাকে বলছেন, "জয় মার পায়ে শোবার পর মাঝে মাঝে একটু ব্যথা ব্যথা হয়, তুমি একটা বিছানার বন্দোবস্ত কর"।

আমি কিছুটা ভেবে সেই ভোর রাত্রেই ঠিক করি জয়মার সমাধিতে বন্দোবস্ত করার। সেই জন্য এই সঙ্গে ২০০০০ টাকার একটি চেক পাঠালাম যাতে আপনারা আশ্রমের সবাই যেভাবে ভাল মনে করেন সেই ব্যবস্থা করে দেবেন, এই টাকার মধ্যে। এটাই আমাদের এখানকার সবাইকার ইচ্ছে।

আমার নমস্কার নেবেন।

ইতি

তরুন কুমার দাস

(ঢাকার পুরণো ভক্ত কালনদির ছেলে)

কনখল আশ্রমের অফিস থেকে চিঠিটা ১৩.৬.২০১৮ তাঃ আমাকে (বিশুদ্ধা) দেওয়া হলো। মার জন্য বালিশ বিছানা কোলকাতার রাসবিহারী এভিন্যু স্থিত শ্রীজী বেডিং স্টোর থেকে করানো হতো। কাছেই লেক রোডে গীতশ্রী ছবি ব্যানার্জীর বাড়ী। আমি ছবিদির ভাইপো গোপালকে ফোন করে বললাম মার বিছানা বালিশ ইত্যাদির মাপ পাঠাচ্ছি - শ্রীজীতে অর্ডার দিয়ে বানাতে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গোপালের স্ত্রী শর্মিতা তখন সেখানেই ছিল। সে বললো গত এপ্রিল মাসে স্বপ্নে দেখেছে - আশ্রমের একটা ঘরে জয় মা বসে আছেন। শর্মিতাও সেখানে আছে। জয় মা শর্মিতাকে দেখাচ্ছেন এক মোটা সোটা বামন আকারের Brownish পাথরের রং, ফাটা ফাটা মনে হচ্ছে বহু প্রাচীন গোপাল খুঁড়িয়ে খুড়িয়ে মার দিকে আসছে আর তার ডান পায়ের পাতা থেকে গলগলিয়ে রক্ত বেড়িয়ে ভেসে যাচ্ছে। কাশীর গোপাল যে শর্মিতা বোঝেনি। বর্ণনা শুনে আমার মনে হলো এ কাশীর বড় গোপাল। কন্যাপীঠে গীতাকে ফোন করে বললাম দ্যাখ্ ত গোপালের পায়ে কোন পিন বা সূঁচ বিঁধে আছে কিনা? গীতা দেখে জানালো, দোলের (মার্চ মাসে) সময় গোপালকে ফুলের গয়না পরিয়েছিল সেটা খোলা হয়নি, ফুলগুলি শুকিয়ে তারটা পায়ে ফুটে আছে। তাই মার পায়ে ব্যথা, মা বলছেন। মা আর গোপাল যে একই তার প্রত্যক্ষ প্রমাণ পাওয়া গেল। তখন মার ও গোপালের শয়নের বিছানা ইত্যাদি নতুন বানিয়ে দেওয়া হলো।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মা ও মেয়ের হাসির ফোয়ারা

১৯৫৫ সনে মা বৃন্দাবন আশ্রমে আছেন। সংযম সপ্তাহ আগত প্রায়। এস, এন সোপেরী, মুলজীভাই, মুকুন্দভাই প্রভৃতি মুম্বাইবাসী ভক্তদের আহ্বানে এবার সংযম সপ্তাহ সেখানে অনুষ্ঠিত হবে। মার সঙ্গে কে কে যাবে সে বিষয়ে আলোচনা হচ্ছে। দাদাভাই খুব অসুস্থ। তাঁর চিকিৎসার সুব্যবস্থা তাড়াতাড়ি হওয়া প্রয়োজন। মুম্বাইতে চিকিৎসার জন্য দাদাভাই এবং তাঁর সেবায় রেণুদি , গিনিদি, বিমলাদি ও আমি যাব। মার সঙ্গে কারা যাবে তার লিস্ট করা হচ্ছে। লিস্টের মধ্যে দিদিমার নাম উল্লেখ করা হচ্ছে না দেখে দিদিমা পাশে বসা মাকে ধীরে ধীরে বললেন — "নির্ম্মলা বোম্বাইয়ের হেমন্ত পাঠক আমারে সেইখানে যাইতে কইছিল।" মা বেশ গম্ভীর ভাবে বললেন - তাই নাকি?

"পরমানন্দ এক কাজ কর - এই শরীর বোম্বাই যাওয়ার আগে শরীরের মাকে বোম্বাই ঘুরাইয়া আন।"

দিদিমার আসল উদ্দেশ্য মার সঙ্গে যাওয়া আর মা বলছেন মা যাবার আগে ঘুরিয়ে আনতে, দিদিমা বুঝলেন ধরা প'ড়ে গেছেন। আমতা আমতা করছেন, দেখে মা হা হা করে হেসে উঠলেন, দিদিমা ও আমরা সবাই হাসিতে ফেটে পড়লাম ।

আরেকদিন রাতে দিদিমা মার চৌকিতে বসে আছেন। যথারীতি নানান বিষয়ে কথাবার্তা হচ্ছে, বিমলাদি (দয়ানন্দজী) এসে দিদিমাকে রাতের খাবার জন্য ডেকে নিয়ে গেলেন ।

কিছুক্ষণ পরে দিদিমা এসে মার পাশে বসলেন। মা জিজ্ঞেস করলেন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"মাগো কি খাইলা?"

দিদিমা বললেন - "দুধ আর সফেদা (চিকু)"

মা বললেন- "এই ফল তুমি তোমার বাপের বয়সে কখনও খাইছিলা?"

দিদিমা সঙ্গে সঙ্গে বললেন- "আমার বাপের বয়েসে খাইছিলাম না কিন্তু তোমার বাপের বয়সে খাইছি। তোমার বাপে আইনা আমারে খাওয়াইছিল।"

মা মেয়ের এই বার্তালাপে ঘর ভর্ত্তি আমরা সব মার সঙ্গে হাসির প্রবাহে ভেসে গেলাম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মূল চিঠির অনুলিপি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২

দেরাদুন
১৮.৮.৬২

বিভা,

তোমাদের লেখাটা মা শুনিয়েছিলেন। মা বলিলেন — "বন্ধুদের লেখো, লেখাপড়া ভাল করিয়া করা তো ঠিকই। কিন্তু মন দিয়া পূজায় বিশেষ করিয়া মন রাখা, আশ্রম ধর্ম অনুকূল সময়ে কাজ করা — চেষ্টার কথা নয়, করিবই এই ভাব রাখা। সত্যে শ্রদ্ধা ভাবে মত কাজটি করে, — অসত্যের নাশ, সর্বসময় দৃষ্টি রাখে, কখনো ভুল — ভুলবার ভাবে সতর্ক জাগ্রত রাখা। সত্যেষ্বিত্রা মিলাইয়া ইসারায় ইঙ্গিতে অন্তরালে ভাবে দিতে অন্তরের সঙ্গ নিয়ে, কথার ভাব বোঝা — সেই ভাবের সাথে যাঁকে পাইয়া হইয়াছে আত্ম শ্রান্ত পরিশ্রম তিনিও চিন্তিয়া, স্মরণের দোষ দেওয়া, মনুষ্যের দোষ দেওয়া, বুদ্ধি বিপর্যয় চিত্ত চিন্তিত ভাবটি ধারণ করা নয়।

মা আরও বলিলেন — তোমার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বুদ্ধির দিকে নিয়ে যেতার মন টানাটানি করিয়া যেন হাতে ধরিয়া এদিক ওদিক তোমাকে টেনে না ফেলে — মনে রাখা। বন্ধু যেন অজ্ঞান না হবে। বিশুদ্ধ বুদ্ধি ত তো আছে, কিন্তু বুদ্ধির সমালোচনা লাভ, ভিতরে ধ্রুবতা বজায় রাখিলে — প্রতিক্ষণে বিশেষ দৃষ্টি রাখা, বেশি কথা বেশী কথা বলবে না, যেখানে সেখানে ~~[illegible]~~ ~~[illegible]~~ — একটি মনে রাখা। গুরুদেবের আদর্শ অক্ষুণ্ণ রাখা — আদর্শ ক্ষুণ্ণ না করিয়া কোন ধারার মেয়ে — ইহা প্রশ্ন করিতে হয়।

পরমার্থ নিয়েই একমাত্র জীবন। মার জীবনে এই ফলেই আকার কথা। আশীর্বাদ নিও

ইতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩)

বাম্বু
১৪/২/৮০

স্নেহের দিদিভাই!

তোমার চিঠি পাইয়া সুখী হইলাম। মা গত বৎসর এখানে আসিয়াছেন। আমাদের ২০ দিন এখানে হইতে হইবে। তোমার শ্রদ্ধেয় পত্রখানা মাকে শিরোনামা করিয়াছ। মা বলিলেন, সেইরূপ ওর। আমার উত্তরে ব্যথা হয় কারণ নৈষ্ঠিক কথা হইয়াছিল। মা-কেও সে শ্রদ্ধেয় উপাধি দাও। মাকে দুবার পড়িয়া শুনাই। নীচে আসিব।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তোমার - সিদ্ধান্ত সিদ্ধি নামিত
- তেওঁর অতিতঙ্গ নাবীন স্থিরোষ
সুতো- ২টিসরস / ব্যাকুতে ২০
সভিলায় / অসম্ভব তোমাদের
পুই .. ওকাজু - (সাকাস্কর) লেপিং
২১৫ / মাতন ভাম - দুখান
মিতা / তোমার উত্তপ্ত ৩
স্বাধু .. কাজে সাধনা - লেখনা
অভিজ্ঞতায় মাতন আকারণ
নিত্য / শয়ং নাই হাসি
স্বাদ / ১৯০ লেখক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[illegible]

[illegible]

[illegible]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS





CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিশোরচন্দ্র চিকিৎসালয়
৮৬ ক্লাইভ স্ট্রীট কলিকাতা

Lt. Kishor Chandra Kaviraj
৭৮- ঠনঠনিয়া
Pin

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেওঘর

২৮/৪/৭০

স্নেহের শ্রীমান

তোমার চিঠি পাইয়া সাহেব পাঃ
পাইয়া যে সব আবিষ্কার খোঁজ পাইয়াছ
তাহা এখন গোপনে রাখিও। এখন আমি
ভুলিয়া যাওয়ার মধ্যে আছি। কিছুদিন আমাকে
ভুলিয়া থাকা। পরে ভুলিয়া যাওয়া কিছু নহে
কিন্তু আর কিছুদিন পরে মনের
মধ্যে ইচ্ছামাত্র যে কাজ করা যাইবে
[illegible] আসিয়া তাহারও
[illegible] এত প্রকৃষ্ট [illegible]
[illegible] লেখক [illegible]
[illegible] তুমি [illegible]
[illegible] মত [illegible]
[illegible]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১১)

দেওঘর
২৮/৫/৭০

স্নেহের শিবানী—

আশীর্ব্বাদ নেবে—পরীক্ষার
ফল জানাইয়া না পাইলে—উহার
কারণ উহা ও সকলের উহাই তোমার
সোনার ছেলেটি কাছে পাও না কি—
আমি ভাল—শরীর ক্রমে ভাল হইতেছে
তোমরা ভাল আছ কি? সংবাদ দিও, সাধন
কি করিয়া আছে? শরীর কেমন? আর
মাতাজী ও সুধাময়ী আর সাধন ও সুধাময়
বৌমা—ইহারা সেখানে আছে—তাহারা ভাল আছে
খবর দিবে—সকলের মানস আছে
ঝুঁঝুনু ও ভুলুনী—আর মেজো—কবিতাটি
ও মনোরমা—আছে। এখন আর
কিছু পুরানো—খুকুর স্মৃতি—হইয়াছে—
তোমার শরীর ভাল—আছে তো?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Anamda Mayee Ashram
P.O. Bhadaini,
Varanasi
13.11.82

বিভিন্ন, কয়েক দিন হয়
তোমার পত্র পাইয়াছি, চোখে
ভাল দেখিনা, খুব লোক দিয়ে
পত্র পড়িতে হয়। আজ এখন
প্রায় ১০টা, এখন দিনের আলো
কিছুটা দেখিতেছি। কাল সেই
আশ্রমে গান গেলার চেষ্টা
করিয়াছিল ভাল উঠে নাই
যা হবার তোমার ইচ্ছার
দেখি কখন হয়ে উঠে আর
কত দিন হয়। যাই সকলে ভাল
রাখ। নিও।

মা আনন্দময়ী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Dehradun
9. 9. 71.

(28)

Urgent

पोस्ट कार्ड

Bishusona
c/o Dr. S. N. Chakraborty
Ramkrishna Road
CALCUTTA-29

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Bisudha
Ka Chhali Banerjee
C/o Dr. S. Chakravarty
11 Jatin Das Road
1/18 Ramkrishna
Extention.
A Zone Durgapur-4
Calcutta - 29.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উহাতে কিছুই দেখা যাচ্ছে না
বা; দিনের দিনের দুর্বলতা
বাড়ছেই, [illegible],
[illegible], বাড়ির সব
সেবাযত্নেই দেহটা চলছে
মাতৃমূর্তি নিতে পারছেন,
দিনরাত ভুগছেন দুঃখে মধ্যে
বোধ করা নেই, আর কি?
আনন্দময়ী রইলো,
তোমার — সারুদাদি।

INDIA

Km. Parishuddha Chakravarty
56, Chandi Ghosh Rd
Calcutta - 40
২৪
পিন PIN 700040

মার শেষ চিঠি
দেরাদুন
[illegible]
বিশুদ্ধি,
তোমার চিঠির
কথা মাকে বলেছি, মা
বললেন — "কবে আসবে ওরা?
তখন মা কথা বলা, নই-
মতি আরও কোন কথা নেই,
সুস্থ খবর - সবদিন দেওয়া,
হরিদাং চিঠির কথাও মা
শুনেছেন - সুমতি চিঠি দেবে,
এখন তোমার সুবিধা হলে -
এই পূজার্চনা করিও। [illegible]
সবাই [illegible] [illegible] [illegible],
আছে। সেই রকমই বলেছ,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বৈশাখ
১৪০৮

স্নেহের বিশ্বজা -

সেদিন দুপুরে পারমের মধ্যে ছুটে এসেছিলে আমাকে তোমার লেখা নতুন বইটা শুনতে দিতে, ১৯৯৩-এ হার্ট operation আমার হয় তারপর ১৯৯৪এ পার ভালো - পরপর ১৯৯৪এ বিকাল পাঁচটা ঠিক এ দুই অমিল বীরের পঙ্গু ও অক্ষম হয়ে বেনীসময় অচিরকাল শয্যাশায়ী।

প্রেমীদের চিরসাথী - জীমাদের

২

বই, বানী, রূপ স্মরণ-মনন, ইনিয়ে মাল প্রথম মাহদর্শন হয়েছিল - ১৯৫৭ সেকে মাহআশ্রমে অপ্রথম প্রবেশ সেই সেকে মায়ের নিকট সান্নিধ্যেই বসে শুনে কেটেছিল।

তোমার লেখা বইটা পাতা উল্টাতে ২ সেদিন একনিশ্বাসে, রুদ্ধশ্বাসে পুরো বইটা পড়েই ফেললাম, কী যে ভাল লাগছিল, পড়তে - মনে হচ্ছিল মা বুঝি আবার আমাদের মধ্যে দেহধারণ করে ফিরে এসেছেন।

৩

বুঝি সে সব ঘটনার পুঙ্খানুপুঙ্খ বিবরণ সুচারু - সরল করে করে ভাষায় লিপিবদ্ধ করেছ সেগুলি তো " তোমার দেখা - প্রথমে কেন " সে কী ভেবেছ যাস "? মা যেন তোমার মধ্যে প্রবেশ করে তোমার লেখনীর মাধ্যমে - তিনি স্বয়ং তাঁর কথা বলেন " সৃষ্টি করে প্রকাশিত হলো।

৪

মায়ের জীবনী ও মার বিষয় লেখা এ যাবৎ যত বই পড়েছি - ঘরোয়া মাতৃভাবের এ ধরনের তুলনা নেই - এই বইটা একেবারে নতুন দিক খুলে দিল, " নব দিশারী " মাকে নিয়ে লেখা বইটা বইয়ের মধ্যে, উজ্জ্বল নক্ষত্র রূপে চির বিরাজমান হয়ে থাকবে।

তোমার বইটা সত্যম-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫

পড়েছিলাম যে সময়আমি
সব বোধ যন্ত্রণা ও
শারীরিক কষ্ট যেন
ভুলে গিয়েছিলাম, এক ঝলক
"আনন্দের সঙ্গে শরীর
পুলকিত হয়ে উঠেছিল,
তারি ফলিতরূপ ভাষায়—
"খেলা যখন ছিল তোমার সাথে
তখন কে তুমি এই কে জানতো
তখন ছিলাম ভয় ছিলাম
লাজ মনে"
তুমি সেই দিব্য
লীলার খেলার সাথী হবার যোগ্যতা
লাভ করেছ ধন্য তোমার অধ্যবসায়
ও শুভ প্রচেষ্টা।

৬

মাঃ - তোমার কল্যাণ -
মঙ্গল হোক -
প্রীতি - শুভেচ্ছা
চিন্ময়ী -
কুমারী চিন্ময় ঘোষ
১৪০৮/২০০১
কলিকাতা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রী শ্রী মায়ের গলায় রসগোল্লা ও গোলাপজামের মালা। দিল্লী আশ্রম, ৯.৪.২০২২ চৈত্র নবরাত্রি- মহাষ্টমী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ওঁ

এই বইটিতে শ্রীশ্রীমায়ের পরম কৃপাধন্যা ব্রহ্মচারিণী বিশুদ্ধাদির কাছে শ্রীশ্রীমায়ের প্রেরিত শৈশব থেকে পাওয়া কিছু পত্রাবলী যা অত্যান্ত ব্যক্তিগত-স্নেহের, শাসনের ও উপদেশের। বিশুদ্ধাদির উদারতায় এই পত্রাবলী প্রকাশিত হলো পুস্তকাকারে যা থেকে জীবনের চলার পথে ভক্তজনেরা উপকৃত হবেন।

এছাড়াও বিশুদ্ধাদির সংগৃহীত বিদগ্ধজনেদের সাক্ষর অমূল্য উদ্ধৃতিসহ সকলেরই আনন্দ বর্ধক হবে। শেষ এবং সর্বোপরি আমাদের শ্রীশ্রীমায়ের শ্রীমুখনিঃসৃত বিভিন্ন অসুখের অমূল্য সব ওষুধ এই বইটিতে বিশুদ্ধাদি প্রকাশ করেছেন। যার উপযোগিতা ও উপকারিতা শুধুমাত্র ভক্তজনেদেরই নয় সমগ্র মনুষ্য সমাজ উপকৃত হবেন। শ্রীরাম ভক্ত হনুমানজী একটি মাত্র ওষুধে ভগবান শ্রী লক্ষণজীর প্রাণ সঞ্চার করেছিলেন - আর বিশুদ্ধাদি শ্রীশ্রীমায়ের মুখ নিঃসৃত ওষুধের ভান্ডার প্রকাশ করে অগণিত মানুষের পরম কল্যাণ করলেন। বিশুদ্ধাদির উপর মায়ের অসীম কৃপা বর্ষণ হোক।

জয় মা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi